## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)
### শিক্ষাবর্ষ : 2019-2020 [Set-A]
### [কলা ও মানবিকী অনুষদ]

**01. Would you ____ my dog for me this weekend?**

A. look  B. look after
C. look for  D. look off

ব্যাখ্যা : Look after - দেখাশোনা করা।
**গুরুত্বপূর্ণ কিছু group verb-**
Break out - ছড়িয়ে পড়া  Act upon - ক্ষতি করা।
Call on - দেখা করা  Call up - স্মরণ করা।
Cut off - বিচ্ছিন্ন করা  Fall back - পিছু হটা।
**Ans : B.**

**02. Paw : Cat :: Hoof : ?**

A. Lamb  B. Elephant  C. Lion  D. Horse

ব্যাখ্যা : Paw : Cat :: Hoof : Horse
Paw (থাবা/বিড়ালের পা) এবং Hoof (পায়ের খুর)।
বিড়ালের থাকে paw এবং ঘোড়ার থাকে Hoof।
**Ans : D.**

**03. A long speech expressing the thoughts of a character-**

A. prose  B. narrative poem
C. soliloquy  D. suspense

ব্যাখ্যা : Soliloquy - A long speech expressing the thought of a character.
**গুরুত্বপূর্ণ কিছু word-**
Tragedy : A play that results in a catastrophe for the main character.
Comedy : A play that has a happy funny ending.
Monelouge : A long uninterrupted speech by a character in a play or story.
Drama : A story written to be performed by actors.
**Ans : C.**

**04. Choose the correct sentence from below:**

A. I am asking if you would like to rollerblade together tomorrow?
B. I am asking "if you would like to rollerblade together tomorrow"?
C. I am asking if you would like to rollerblade together tomorrow.
D. I am asking "if you would like to rollerblade together tomorrow."

ব্যাখ্যা : বাক্যটি একটি Asserative ও Complex sentence তাই Question mark ও Inverted comma হবে না।
**Ans : C.**

**05. A group of lines placed together to create a poem is called a ____?**

A. Paragraph  B. Form  C. Poem  D. Stanza

ব্যাখ্যা: Stanza : A group of lines placed together to create a poem.
**গুরুত্বপূর্ণ কিছু definitions-**
Ballad : A narrative poem in short stanzas that tells a popular story.
Blank verse : Verse that doesn't rhyme.
Elegy : A poem mourning the dead.
Pastoral : Poetry dealing with rural life.
**Ans : D.**

**06. If you were describing the misery of a stormy day, which vocabulary would be most suitable?**

A. Warm, calming, soothing, scenic
B. Idyllic, rainy, chirpy, stormy
C. Sorrowful, chilling, morose, wailing
D. Soothing, picturesque, arduous

ব্যাখ্যা : Sorrowful - দুঃখিত।
Chilling - শীতল।
Morose - বিষাদগ্রস্থ/বিমর্ষ।
Wailing - ক্রন্দিত/বিলাপ করে কাঁদা।
একটি ঝড়ো দিনের দৈন্যতা এই word গুলো দ্বারা বুঝানো যায়।
**Ans : C.**

**07. Which mood is evoked by the following sentence? *"A bright sun glinted from the skyscraper windows..."***

A. Happy  B. Melancholic
C. Determined  D. Pessimistic

ব্যাখ্যা : "A bright sun glinted from the skyscraper windows..." এর অর্থ হচ্ছে "গগনচুম্বী জানালা থেকে সূর্য ঝলমলিয়ে উঠল।" সুতরাং, এখানে Happy mood প্রকাশ পায়।
**Ans : A.**

**08. Which one of the following is diaspora writer?**

A. Kaiser Haq  B. Zia Haider Khan
C. Emily Dickinson  D. All of them

ব্যাখ্যা : • Zia Haider Khan is a diaspora writer.
• He was born in sylhet, Bangladesh but later he immigrated to England. So, he is a diaspora.
• He is a British novelist who was awarded many prestigious prizes.
**Ans : B.**

**09. Which of the following features does not characterize a graphic novel?**

A. It includes images and pictures for the narrative.
B. Historically it used to be published in periodicals as comic strips.
C. It is restricted to verbal narrative only.
D. It may have sequels.

ব্যাখ্যা : • Graphic Novel is a novel in conic-strip format.
• It includes images and pictures for narrative.
• It used to be published as comic strips.
• Graphic novels may be published sequelly.
• A graphic novel is not restricted to verbal narrative only. So, it is not a characteristic of graphic novel.
**Ans : C.**

**10. Which word rhymes with *we'd*?**

A. Fed  B. Feed
C. Both A & B  D. None of the above

**ব্যাখ্যা : Words and phrases that rhyme with we'd :**
**1 syllable :** bead, bleed, breed, creed, deed, feed, freed, greed, heed, need, kneed, etc.
**2 syllable :** accede, agreed, airspeed, black bead, cane reed, concede, creep feed, etc.
**Ans : B.**

CamScanner

**11.** In the following sentence the four highlighted parts of the sentence are marked a, b, c and d. Identify the **one** highlighted word or phrase with grammatical error.

***Anne Elizabeth McDowell is (a) best (b) remembered for a (c) weekly journal, Woman's Advocate, (d) who she launched in January 1855.***

A. a  B. b  C. d  D. c

ব্যাখ্যা : এখানে অপশন 'D' তে 'Woman's Advocate' এর জন্য relative pronoun হবে which। কারণ এটি বস্তু।
**Ans : C.**

**12.** **Choose the sentence with the modifier in the correct place.**

A. The clerk sold the scarf with the red print to the woman.
B. The clerk sold the scarf to the woman with the red print.
C. The clerk with the red print sold the scarf to the woman.
D. None of the above.

ব্যাখ্যা: এখানে, modifier হচ্ছে "with the red print", যেটি scarf কে modify করে। Modifier সর্বদা যাকে modify করে তার পাশে বসে।
**Ans : A.**

**13.** Below is given a statement followed by two conclusions numbered I and II. You have to assume everything in the statement to be true, then consider the two conclusions together and decide which of them logically follows beyond a reasonable doubt from the information given in the statement.

**Statements:** In a one-day cricket match, the total runs made by a team were 200. Out of these 160 runs were made by spinners.

**Conclusions:**
I. 80% of the team consists of spinners.
II. The opening batsmen were spinners.

A. Only conclusion I follows.
B. Only conclusion II follows.
C. Either I or II follows.
D. Neither I or II follows.

ব্যাখ্যা : According to the statement, 80% of the total runs were made by spinners. So, I does not follow. Nothing about the opening batsmen is mentioned in the statement. So, II also does not follow.
**Ans : D.**

**14.** **The return address belongs to ____**

A. The letter writer
B. The recipient of the letter
C. The typist who is writing for someone else
D. The person the letter is going to

ব্যাখ্যা : If the letter can't reach its delivery address, the postal service sends it back to the return address. So, the written address belongs to the letter writer.
**Ans : A.**

**15.** **Complete the sentence by filling in the appropriate blanks from the options provided.**

***Challenges must be ___ to realize the ___ of a greater regional economic integration.***

A. Overcome .... potential  B. Suppressed .... power
C. Ignored ....... benefits  D. Sustained ..... advantages

ব্যাখ্যা : Challenges must be overcome to realize the potential of a greater regional economic integration.
**Ans : A.**

**16.** **কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত?**

A. ইতস্তত, ইঙ্গিত, ইস্তফা, ইন্দ্রিয়  B. আগ্নেয়, আঞ্চলিক, আড়ম্বর, আজ্ঞাবহ
C. অকিঞ্চন, অকৃত, অক্রম, অগ্নি  D. উপান্ত, উন্মত্ত, উষ্ম, উল্লাস

**ব্যাখ্যা : শব্দগুলোকে অভিধানের ক্রমানুযায়ী সাজানো হলো :**
- ইঙ্গিত, ইতস্তত, ইন্দ্রিয়, ইস্তফা
- আগ্নেয়, আঞ্চলিক, আজ্ঞাবহ, আড়ম্বর
- অকিঞ্চন, অকৃত, অক্রম, অগ্নি
- উন্মত্ত, উপান্ত, উল্লাস, উষ্ম

**Ans : C.**

**17.** **দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে কী বলা হয়?**

A. সমীভবন  B. অভিশ্রুতি  C. স্বরসঙ্গতি  D. সম্প্রকর্ষ

ব্যাখ্যা : • **সম্প্রকর্ষ বা স্বরলোপ :** দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। যেমন- বসতি > বস্‌তি।
- **আদি স্বরলোপ :** অলাবু > লাবু > লাউ; উদ্ধার > উধার > ধার।
- **মধ্য স্বরলোপ :** অগুরু > অগ্রু, সুবর্ণ > স্বর্ণ।
- **অন্ত্য স্বরলোপ :** আশা > আশ, আজি > আজ, চারি > চার।

**Ans : D.**

**18.** **আদ্য অ-এর পরে ই বা উ থাকলে সেই অ-এর উচ্চারণ-**

A. ও-এর মতো হয়  B. অ-এর মতো হয়
C. ই-এর মতো হয়  D. উ-এর মতো হয়

**ব্যাখ্যা : 'অ' ধ্বনির উচ্চারনের গুরুত্বপূর্ণ কিছু নিয়ম :**
- আদ্য 'অ' এর পর অ, আ, এ, বা ও থাকলে 'অ'-র উচ্চারণ বিবৃত হয়। যেমন : শত > শতো, কয়েক > কয়েক্; চল > চলো।
- 'অ' এর পর যুক্তব্যঞ্জন থাকলে 'অ'-র উচ্চারণ বিবৃত হয়। যেমন : অন্তর > অন্‌তোর্, হস্ত > হস্‌তো; ছন্দ > ছন্‌দো।
- আদ্য 'অ' এর পর রেফ যুক্ত ব্যঞ্জন থাকলে 'অ'র- উচ্চারণ বিবৃত হয়। যেমন : কর্ম > কর্‌মো; খর্ব > খর্‌বো, জর্জর > জর্‌জর্।
- আদ্য 'অ' এর পর ই, ঈ, উ, ঊ থাকলে 'অ' এর উচ্চারণ সংবৃত হয়। যেমন : অতীত > ওতিত্; অধিকার > ওধিকার্; অভিমান > ওভিমান্।
- মধ্য 'অ' এর পর ক্ষ, (জ + ঞ = গঁ) থাকলে 'অ' এর উচ্চারণ সংবৃত হয়। যেমন : অক্ষ > ওক্‌খো; পক্ষ > পোক্‌খো; অজ্ঞ > ওগ্‌গো।
- **বিশেষ দ্রষ্টব্য:** বিবৃত উচ্চারণ : 'অ' এর মত। সংবৃত উচ্চারণ: 'ও' এর মত।

**Ans : A.**

**19.** **নিচের কোনগুলো দেশি শব্দের উদাহরণ?**

A. ঢেঁকি, ঝিঙ্গা, ঝোল, মুচি  B. ঢেঁকি, কুলা, মুচি, গঞ্জ
C. ঢেঁকি, কুলা, গঞ্জ, ঝোল  D. ঢেঁকি, মুচি, দাম, ঝিঙ্গা

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু দেশি শব্দ-**
কুলা, খড়, ঝিঙা, ঝাঁটা, ডিঙি, ঢেঁকি, চুলা, ঢোল, মই, বাদুড়, ঝোল, ঢিল, টোপর, নেড়া, মেকি, ডাব, খাঁদা, বোঁচা, কাতলা, চিংড়ি, চাউল, চাটাই, মুড়ি, মাঠ, কদু, চিমটা, পাতিল, সেঁউতি, নিসিন্দা, হোগলা, যাতা, টেপারি, থানকুনি, বাতাসা, গঞ্জ, শিয়াল ইত্যাদি।
**Ans : C.**

**20.** **কোনটি অনুভূতিজাত কাল্পনিক ধ্বনি?**

A. ঠা ঠা রোদ  B. গরম গরম জিলাপি
C. জ্বর জ্বর লাগছে  D. ভয়ে ভয়ে ছিলাম

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার :**
- ঝিকিমিকি (ঔজ্জ্বল্য), ঠা ঠা (রোদের তীব্রতা), কুট কুট (শরীরে কামড় লাগার মতো অনুভূতি), মিন মিন, পিট পিট, ঝি ঝি ইত্যাদি।

**Ans : A.**

CamScanner

21. 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কার বিড়ালত্বপ্রাপ্তির কথা বলেছেন?
A. নেপোলিয়ন B. ওয়েলিংটন C. ডিউক D. মার্জার

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : B.

22. 'গাড়ি লোহার....তাল দিতে দিতে চলিল; আমি মনের মধ্যে....শুনিতে শুনিতে চলিলাম।'- শূন্যস্থানে কী হবে?
A. চাকায়, ঘর্ঘর B. ছন্দে, কবিতা C. শব্দে, কণ্ঠস্বর D. মৃদঙ্গ, গান

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু লাইন :
- গাড়ি লোহার মৃদঙ্গে তাল দিতে দিতে চলিল; আমি মনের মধ্যে গান শুনিতে শুনিতে চলিলাম।
- তাহার একটিমাত্র ধুয়া- গাড়িতে জায়গা আছে।
- জায়গা যে পাওয়া যায় না, কেউ যে কাকেও চেনে না।
- অথচ সেই না-চেনাটুকু যে কুয়াশামাত্র সে যে মায়া, সেটা ছিন্ন হইলেই যে চেনার আর অন্ত নাই।
- ওগো সুধাময় সুর, যে হৃদয়ের অপরূপ রূপ তুমি, সে কি আমার চিরকালের চেনা নয়।
- জায়গা আছে আছে- শীঘ্র আসিতে ডাকিয়াছে, শীঘ্রই আসিয়াছি, এক নিমেষও দেরি করি নাই।

Ans : D.

23. 'বিলাসিতা ওরফে সভ্যতার সঙ্গে সঙ্গে......নামক আর একটা ভূত তাহাদের স্কন্ধে চাপিয়া আছে।' শূন্যস্থানে কী হবে?
A. অনুশীলনপ্রিয়তা B. অনুকরণপ্রিয়তা
C. অনভ্যাসপ্রিয়তা D. অনুসরণপ্রিয়তা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : B.

24. 'আহ্বান' গল্পের কথকের কাছে, 'ও গোপাল আমার, তোর জন্যি নিয়ে আলাম।'- কী অর্থ ধারণ করে?
A. একটা স্নেহ ও শান্তির সম্বোধন B. একটা ঘনিষ্ট আদরের সম্বোধন
C. একটা আদর ও অধিকারের সম্বোধন
D. একটা গভীর ও স্নেহের সম্বোধন

ব্যাখ্যা: গল্পকার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আহ্বান' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- "গাছের আম কড়া মিষ্টি," গাছের বলতে বোঝাচ্ছে- গাছপাকা আম।
- 'ও গোপাল আমার' ডাকটি লেখকের কাছে- ঘনিষ্ঠ আদরের।
- বুড়িকে লেখক তুলনা করেছেন- নিজের মা-পিসিমার সাথে।
- লেখক গ্রামে থাকতে খাওয়া করতেন তাঁর - খুড়ো মশায়ের বাড়ি।
- লেখকের কাছে দুধ সরবরাহ করত- ঘুঁটি গোয়ালিনী।
- ঘুঁটি গোয়ালিনীর দুধ ছিলো - অর্ধেক জল মিশ্রিত।

Ans : B.

25. শেখ মুজিবুর রহমান 'অসমাপ্ত আত্মজীবনী' কত সালে লেখা আরম্ভ করেন?
A. ১৯৬৬ সালে B. ১৯৫২ সালে C. ১৯৫৫ সালে D. ১৯৬৭ সালে

ব্যাখ্যা: 'অসমাপ্ত আত্মজীবনী' (The Unfinished Memoirs)-

| | |
|---|---|
| বঙ্গবন্ধুর প্রথম আত্মজীবনী | অসমাপ্ত আত্মজীবনী |
| প্রকাশিত হয় | "দি ইউনিভার্সিটি প্রেস" থেকে |
| প্রকাশকাল | ১৮ জুন, ২০১২ |
| ইংরেজি অনুবাদ করেন | অধ্যাপক ফখরুল আলম |
| গ্রন্থটিতে ঘটনা রয়েছে | ১৯২০-১৯৫৫ সাল পর্যন্ত |
| রচনাকাল | ১৯৬৬ - ১৯৬৯ সালে ঢাকা কেন্দ্রীয় কারাগারে |
| লেখা আরম্ভ করেন | ১৯৬৭ সালে |
| ভূমিকা লিখেন | প্রধানমন্ত্রী শেখ হাসিনা |
| সম্পাদনা করেছেন | সামসুজ্জামান খান |
| প্রচ্ছদ শিল্পী | সমর মজুমদার |
| অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত চলচ্চিত্র | চিরঞ্জীব মুজিব (পরিচালক: নজরুল ইসলাম) |

Ans : D.

26. 'রেইনকোট' গল্পে মগবাজারের ফ্ল্যাট থেকে মিন্টু কত তারিখে চলে যায়?
A. ২৩ জুন B. ২৩ জুলাই C. ২৩ মার্চ D. ২৩ এপ্রিল

ব্যাখ্যা: গল্পকার আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- মগবাজারের দুই কামরার ফ্ল্যাট থেকে মিন্টু চলে যায় - ২৩শে জুন।
- নুরুল হুদের গায়ে বৃষ্টি না লাগার কারণ - রেইনকোট গোড়ালি পর্যন্ত।
- নুরুল হুদাকে মুক্তিবাহিনী বলে রায় দেয় - তাঁর বড় ছেলে।
- ২৫শে মার্চ রাতে কারো ঘুম না হওয়ার কারণ- মেশিনগান, স্টেনগান এর ঘেউ ঘেউ আর মানুষের কাতরানি।
- নুরুল হুদা নিয়মিত পড়ত - জুমার নামাজ।

Ans : A.

27. মাইকেল মধুসূদন দত্ত কলকাতার হিন্দু কলেজে প্রথমে কত সালে কোন শ্রেণিতে ভর্তি হন?
A. ১৯৪১ সালে নবম শ্রেণিতে B. ১৯৪৩ সালে অষ্টম শ্রেণিতে
C. ১৯৪৩ সালে সপ্তম শ্রেণিতে D. ১৯৪২ সালে সপ্তম শ্রেণিতে

ব্যাখ্যা : কবি মাইকেল মধুসূদন দত্তের কলেজ জীবন :
- তিনি হিন্দু কলেজে ৭ম শ্রেণিতে ভর্তি হন - ১৮৩৩ সালে।
- তিনি হিন্দু কলেজ পরিত্যাগ করেন - ১৮৪৩ সালে।
- তিনি কলেজ জীবনে দিক্ষা নেন - খ্রিস্টধর্মে।
- তিনি শিবপুরের বিশপস কলেজে ভর্তি হন - ১৮৪৩ সালে।
- তিনি বিশপস কলেজে শিখেন - গ্রিক, লাতিন ও হিব্রু ভাষা।
- তিনি সাহিত্যচর্চা শুরু করেন - হিন্দু কলেজে (ইংরেজি ভাষায়)।

Ans : নাই।

28. রবীন্দ্রনাথের মতে, অনাগত ভবিষ্যতের মহৎ কবি হবেন-
A. ঐকতান-সংলগ্ন B. একতারা-সংলগ্ন
C. মৃত্তিকা-সংলগ্ন D. সঙ্গীতসভা-সংলগ্ন

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : C.

29. জীবনানন্দ দাশের কাব্যবৈশিষ্ট্যকে রবীন্দ্রনাথ ঠাকুর কী বলে আখ্যায়িত করেছেন?
A. 'চিত্ররূপময়' B. 'চিত্রকল্পময়' C. 'নিসর্গচিত্রিত' D. 'নির্জনতাময়'

ব্যাখ্যা : কবি জীবনানন্দ দাশের সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- তিনি কবিতায় তৈরি করেন - সূক্ষ্ম ও গভীর অনুভবের এক জগৎ।
- তাঁর কবিতায় আঁকা গ্রামবাংলার নিসর্গের ছবি - তুলনারহিত।
- সেই নিসর্গের সঙ্গে যুক্ত হয়েছে - অনুভব ও বোধের বহুতর মাত্রা।
- রবীন্দ্রনাথ তাঁর এই কাব্য বৈশিষ্ট্যকে বলেছেন -চিত্ররূপময়।
- বুদ্ধদেব বসু তাঁকে আখ্যায়িত করেছেন - নির্জনতম কবি বলে।

Ans : A.

30. 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি।'- এই গানের গীতিকার কে?
A. শামসুর রাহমান B. আপেল মাহমুদ
C. গোবিন্দ হালদার D. মোহাম্মদ মনিরুজ্জমান

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু গান ও গীতিকারের নাম :

| গান | গীতিকার |
|---|---|
| মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি | গোবিন্দ হালদার। |
| মোদের গরব, মোদের আশা... | অতুল প্রসাদ সেন। |
| আমি বাংলার গান গাই... | প্রতুল মুখোপাধ্যায়। |
| আমাদের সংগ্রাম চলবেই... | সিকান্দার আবু জাফর। |
| এক নদী রক্ত পেরিয়ে... | খান আতাউর রহমান। |
| একবার যেতে দেনা আমার ছোট্ট সোনার গাঁয় | গাজী মাজহারুল আনোয়ার |

বি. দ্র.: "মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি"- গানটির সুরকার ও গায়ক - আপেল মাহমুদ।

Ans : C.

**31.** ফকির সন্ন্যাসী আন্দোলন ছিল-
A. ভারত বিরোধী B. ব্রিটিশ বিরোধী
C. জমিদার বিরোধী D. তালুকদার বিরোধী

ব্যাখ্যা: • ফকির সন্ন্যাসী আন্দোলন ছিল - ব্রিটিশ বিরোধী।
• এটি বাংলায় ইস্ট ইন্ডিয়া কোম্পানির আধিপত্যের বিরুদ্ধে মুসলিম ফকির (সুফি) ও হিন্দু যোগী সন্ন্যাসীদের সম্মিলিত সশস্ত্র প্রতিরোধ আন্দোলন।
• ১৭৬০ সালে এ আন্দোলন শুরু হয় এবং ১৮০০ সালে এ আন্দোলন নির্মূল হয়।
• চার দশকেরও অধিককাল এ আন্দোলন অব্যাহত থাকে।
• ঐতিহাসিক এ আন্দোলন ফকির-সন্ন্যাসী বিদ্রোহ নামেও পরিচিত।
• ইতিহাসবিদগণ বিদ্রোহটির পটভূমি নিয়েই শুধু দ্বিধা বিভক্তই নন, বরং ভারতবর্ষের ইতিহাসে এর গুরুত্ব নিয়ে তাদের মধ্যে কিছুটা মতবিরোধ লক্ষণীয়।
• কেউ কেউ একে বিদেশী শাসনের বিরুদ্ধে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের সূতিকার বলে মনে করেন।
• যেহেতু ১৭৫৭ সালের পলাশীর যুদ্ধের পর খাজনা উত্তোলনের কর্তৃত্ব ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর হাতে তুলে দেয়া হয়, আবার কারো কারো মতে এটি ১৭৭০ এর দুর্ভিক্ষোত্তর বাংলায় কিছু দস্যুর উন্মত্ততা ছাড়া কিছুই না।
**Ans : B.**

**32.** হিজরি সনের প্রবর্তন-
A. ৬২০ খ্রি. B. ৬১০ খ্রি. C. ৬৩৮ খ্রি. D. ৬৪০ খ্রি.

ব্যাখ্যা : • হিজরি সনের প্রবর্তন ৬৩৮ খ্রিস্টাব্দে।
• হজরত ওমর (রাঃ) হিজরি সন প্রবর্তন করেন।
• হিজরী সন হজরত মুহাম্মদ (সাঃ) এর মক্কা থেকে মদিনা হিজরতের ঐতিহাসিক তাৎপর্যময় ঘটনার স্মারক।
• তিনি ৬২২ খ্রিস্টাব্দে মক্কা থেকে মদিনায় হিজরত করেন।
• হজরত ওমর (রাঃ) তার খিলাফতকালে হিজরতের ১৭তম বর্ষে হিজরী সন গণনা শুরু করেন।
• এর এক বছর পরই আরব বণিকদের আগমনের মাধ্যমে ভারতীয় উপমহাদেশে ইসলামের প্রচার-প্রসার ও হিজরি সনের প্রচলন শুরু হয়।
**Ans : C.**

**33.** মুসলমান সম্পাদিত পত্রিকা কোনটি?
A. প্রবাসী B. সন্ধ্যা C. ঢাকা প্রকাশ D. মিহির

ব্যাখ্যা : • মুসলমান সম্পাদিত পত্রিকা হল– মিহির।
• এটি ১৮৯২ খ্রিস্টাব্দে শেখ আবদুর রহিমের সম্পাদনায় প্রকাশিত হয়।
• প্রবাসী পত্রিকাটি ১৯০১ খ্রিস্টাব্দে রামানন্দ চট্টোপাধ্যায় এর সম্পাদনায় প্রকাশিত হয়।
• ঢাকা প্রকাশ বাংলাদেশের ঢাকা শহরের প্রথম বাংলা সংবাদপত্র।
• এটি ১৮৬১ খ্রিস্টাব্দে কবি কৃষ্ণচন্দ্র মজুমদার এর সম্পাদনায় প্রথম প্রকাশিত হয়।
• সন্ধ্যা পত্রিকাটি ১৯০৪ খ্রিস্টাব্দে ব্রহ্মবান্ধব উপাধ্যায় এর সম্পাদনায় প্রকাশিত হয়।
**Ans : D.**

**34.** খড়্গ বংশ রাজত্ব করেন-
A. উত্তর বাংলায় B. দক্ষিণ-পশ্চিম বাংলায়
C. পূর্ব বাংলায় D. দক্ষিণ-পূর্ব বাংলায়

ব্যাখ্যা : • খড়্গ বংশ রাজত্ব করেন দক্ষিণ-পূর্ব বাংলায়।
• খড়্গ বংশ আনুমানিক খ্রিস্টীয় সাত ও আট শতকে প্রাচীন বাংলার বঙ্গ ও সমতট অঞ্চল শাসন করে।
• খড়্গবংশীয় রাজাদের রাজধানীর নাম ছিল কর্মান্ত বাসক।
ধারণা করা হয়- বর্তমান বৃহত্তর কুমিল্লা বড় কামতার প্রাচীন নামই সম্ভবত এ কর্মান্ত বাসক। খড়্গরা বর্তমান বৃহত্তর ত্রিপুরা ও নোয়াখালী অঞ্চল শাসন করত।
**Ans : D.**

**35.** গণঅভ্যুত্থান সংগঠিত হয় কত সালে?
A. ১৯৭১ সালে B. ১৯৫২ সালে
C. ১৯৬৯ সালে D. ১৯৬২ সালে

ব্যাখ্যা : • গণঅভ্যুত্থান সংগঠিত হয় ১৯৬৯ সালে।
• এক দশকেরও বেশি সময় ধরে ক্ষমতায় থাকা আইয়ুব খান সরকারের পতন ঘটে এই অভ্যুত্থানের মধ্য দিয়ে।
**Ans : C.**

**36.** অর্থশাস্ত্রের রচয়িতা কে?
A. হলায়ুধ B. কৌটিল্য C. পাণিনি D. বৌধায়ন

ব্যাখ্যা: • অর্থশাস্ত্রের রচয়িতা কৌটিল্য।
• মৌর্য সম্রাট চন্দ্রগুপ্ত মৌর্যের শাসনকালে রচিত এটি।
• এই গ্রন্থটি প্রাচীন ভারতের রাষ্ট্রনীতি ও শাসন সংস্কারের একটি গুরুত্বপূর্ণ প্রামাণ্য ইতিহাস।
• অর্থশাস্ত্র ১৫টি ভাগে বিভক্ত।
• এ গ্রন্থের মোট শ্লোকসংখ্যা ৬,০০০।
• কৌটিল্যের অন্য নাম চাণক্য।
**Ans : B.**

**37.** নিচের কোন ব্যক্তি বিপ্লবী নন?
A. লীলা নাগ B. শান্তি C. সুনীতি D. আশালতা সেন

ব্যাখ্যা : • লীলা নাগ (১৯০০ -১৯৭০) একজন বাঙালি সাংবাদিক, জনহিতৈষী এবং রাজনৈতিক আন্দোলনে সক্রিয় ব্যক্তি ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী ছিলেন।
• শান্তি ঘোষ (১৯১৬ - ১৯৮৯) ছিলেন ভারতীয় উপমহাদেশের ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের অন্যতম বিপ্লবী।
• আশালতা সেন (১৮৯৪ - ১৯৮৬) ছিলেন ভারতীয় উপমহাদেশের ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের একজন ব্যক্তিত্ব, সক্রিয় কর্মী, কবি ও সমাজসেবক এবং অগ্নিযুগের নারী বিপ্লবী।
• সুনীতি চৌধুরী ঘোষ ছিলেন ভারতীয় উপমহাদেশের ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের অন্যতম নারী বিপ্লবী।
**Ans : নাই.**

**38.** History শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে?
A. গ্রিক B. ফরাসি C. রোমান D. সংস্কৃত

ব্যাখ্যা : • History শব্দটির উৎপত্তি হয়েছে গ্রিক শব্দ Historia থেকে।
• এর অর্থ মানুষের অতীত ঘটনা ও কার্যাবলীর অধ্যয়ন।
• বৃহৎ একটি বিষয় হওয়া সত্ত্বেও এটি কখনও মানবিক বিজ্ঞান এবং কখনও সামাজিক বিজ্ঞানের একটি শাখা হিসেবে আলোচিত হয়েছে।
• অনেকেই ইতিহাসকে মানবিক এবং সামাজিক বিজ্ঞানের মধ্যে একটি সেতুবন্ধন হিসেবে দেখেন।
• কারণ ইতিহাসে এই উভয়বিধ শাস্ত্র থেকেই পদ্ধতিগত সাহায্য ও বিভিন্ন উপাদান নেয়া হয়।
**Ans : A.**

**39.** জাতিসংঘ ঘোষণাপত্র কোথায় স্বাক্ষরিত হয়?
A. ওয়াশিংটনে B. রাশিয়ায় C. লন্ডনে D. প্যারিসে

ব্যাখ্যা: • দ্বিতীয় বিশ্বযুদ্ধের মিত্রদের আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা "জাতিসংঘের ঘোষণাপত্র" ছিল মূল চুক্তি। ১৯৪২ এবং ১৯৪৫ এর মধ্যে ৪৭ টি জাতীয় সরকার এতে স্বাক্ষর করেছে।
• নতুন বছরের দিন ১৯৪২ সালে "আর্কিডিয়া সম্মেলনের" (যা ফার্স্ট ওয়াশিংটন কনফারেন্স নামে পরিচিত) সময় মিত্র "বিগ-৪" (মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইউএসএসআর এবং চীন) একটি সংক্ষিপ্ত দলিল স্বাক্ষর করে যা পরে আসে জাতিসংঘের ঘোষণা হিসেবে।
**Ans : A.**

**40.** মিত্রশক্তি ভার্সাই সন্ধি করে-
A. অস্ট্রিয়ার সঙ্গে B. বুলগেরিয়ার সঙ্গে
C. তুরস্কের সঙ্গে D. কোনটিই নয়

CamScanner

ব্যাখ্যা : • মিত্রশক্তি ভার্সাই সন্ধি করে জার্মানির সাথে।
• এটি ভার্সাই চুক্তি নামেও পরিচিত।
• এটি একটি শান্তিচুক্তি যা প্রথম বিশ্বযুদ্ধের পরপর যুদ্ধের মিত্রশক্তি ও জার্মানির মধ্যে সম্পাদিত হয়।
• এটি ২৮ জুন ১৯১৯ সালে ফ্রান্সের ভার্সাই নগরীতে সম্পাদিত হয়।
• এই চুক্তি কার্যকর হয় ১০ জানুয়ারী ১৯২০ থেকে।
Ans : D.

**41.** বাংলাদেশ বেতারের সদর দপ্তর কত সালে শাহবাগ থেকে আগারগাঁওয়ে স্থানান্তরিত হয়?
A. ১৯৭১ সালে B. ১৯৭৬ সালে
C. ১৯৮৩ সালে D. ১৯৯০ সালে

ব্যাখ্যা : • বাংলাদেশ বেতারের সদর দপ্তর ১৯৮৩ সালে শাহবাগ থেকে আগারগাঁওয়ে জাতীয় বেতার ভবনে স্থানান্তরিত হয়।
• বাংলাদেশ বেতার বাংলাদেশের রাষ্ট্রীয় বেতার সংস্থা।
• ১৯৩৯ সালের ১৬ ডিসেম্বর বেতার যাত্রা শুরু করেছিল ঢাকা ধ্বনি বিস্তার কেন্দ্র নামে।
• ১৯৭১ খ্রিস্টাব্দের ৬ ডিসেম্বর ভারত বাংলাদেশকে সার্বভৌম স্বাধীন রাষ্ট্র হিসাবে আনুষ্ঠানিক স্বীকৃতি দেবার পর এর নাম বদলে বাংলাদেশ বেতার করা হয়।
• মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধা ও দেশবাসীর মনোবলকে উদ্দীপ্ত করতে "স্বাধীন বাংলা বেতার কেন্দ্র" অবিস্মরণীয় ভূমিকা রেখেছিল।
• ১৯৭৫ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত এটি "রেডিও বাংলাদেশ" নামে পরিচিত ছিল।
Ans : C.

**42.** 'হৃদয়ে বাংলাদেশ' কোন টিভি চ্যানেলের স্লোগান?
A. বাংলা ভিশন B. চ্যানেল আই
C. এটিএন বাংলা D. বিটিভি

ব্যাখ্যা : • 'হৃদয়ে বাংলাদেশ' চ্যানেল আই এর স্লোগান।
• চ্যানেল আই একটি উপগ্রহ-ভিত্তিক ও বাংলা ভাষায় সম্প্রচারিত টেলিভিশন চ্যানেল।
• ঢাকার তেজগাঁও এলাকাতে টিভি চ্যানেলটির প্রধান কার্যালয়।
• ১৯৯৯ সালের অক্টোবর ১ তারিখে সম্প্রচার শুরু করে।
• এটি বাংলাদেশের প্রথম ডিজিটাল বাংলা টেলিভিশন চ্যানেল।
• বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠানের পাশাপাশি 'তৃতীয় মাত্রা' নামে রাজনীতি নির্ভর টক শো প্রচারিত করে বেশ আলোচিত চ্যানেল আই।
Ans : B.

**43.** কোন প্রতিষ্ঠানটি পত্রিকার নিবন্ধনের কাজ করে?
A. চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর B. তথ্য অধিদপ্তর
C. পিআইবি D. প্রেস কাউন্সিল

ব্যাখ্যা : • পত্রিকা নিবন্ধনের কাজ করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর। যা তথ্য মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত।
• এর প্রধান কার্যালয় ঢাকার ১১২ সার্কিট হাউজ রোডে অবস্থিত।
• বাংলাদেশ স্বাধীন হওয়ার পর তথ্য মন্ত্রণালয়ের অধীন সৃষ্ট প্রকাশনা বিভাগ ও চলচ্চিত্র বিভাগকে একীভূত করে ১৯৭৬ সালে চলচ্চিত্র ও প্রকাশনা দপ্তর গঠন করা হয়।
• দপ্তরটি পরবর্তীতে অধিদপ্তর হিসেবে উন্নিত করা হয়।
Ans : A.

**44.** 'সমাচার দর্পণ' পত্রিকাটি কখন স্থায়ীভাবে বন্ধ হয়ে যায়?
A. ১৮৫৩ সালে B. ১৮৪২ সালে
C. ১৮১৮ সালে D. ১৮৬৮ সালে

ব্যাখ্যা : • সমাচার দর্পণ পত্রিকাটি ১৮৫৩ সালে স্থায়ীভাবে বন্ধ হয়ে যায়।
• এটি হল প্রথম বাংলা সংবাদপত্র।
• পত্রিকাটি ছিল সাপ্তাহিক।
• ১৮১৮ খ্রিষ্টাব্দে এটি প্রথম প্রকাশিত হয়।
• এর সম্পাদক ছিলেন জন ক্লার্ক মার্শম্যান। কিন্তু তিনি ছিলেন নামমাত্র সম্পাদক।
• বাঙালি পণ্ডিতরাই আসলে "সমাচার দর্পণ" সম্পাদনা করতেন।
• পত্রিকাটি ধর্মীয় বির্তকে না জড়িয়ে খ্রিস্টান মতবাদের প্রতি পক্ষপাত দেখাত।
• সমাচার দর্পণের মত সাময়িকপত্রের মধ্যে দিয়ে শিক্ষিত বাঙালি প্রথম গদ্যরচনার রস গ্রহণ করতে শিখে।
Ans : A.

**45.** নিচের কোনটি বাংলাদেশের সংবাদ সংস্থা নয়?
A. এনা B. ইউএনবি C. নিউজ মিডিয়া D. পিটিআই

ব্যাখ্যা : • এখানে পিটিআই বাংলাদেশের সংবাদ সংস্থা নয়।
• পিটিআই ভারত তথা দক্ষিণ এশিয়ার বৃহত্তম বার্তা সংস্থা।
• এর পূর্ণরূপ প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়া।
• অপশনের বাকি সব বাংলাদেশের সংবাদ সংস্থা।
• এনার পূর্ণরূপ ইস্টার্ন নিউজ এজেন্সি (ENA)। পূর্ব পাকিস্তানে প্রথম স্থানীয় মালিকানাধীন স্বাধীন সংবাদ সংস্থা ছিল
• ইউএনবি এর পূর্ণরূপ ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ (UNB)। এটি বাংলাদেশের প্রথম ডিজিটাল সংবাদ সংস্থা হিসেবে পরিচিত।
• নিউজ মিডিয়াও একটি বাংলাদেশি সংবাদ সংস্থা।
Ans : D.

**46.** 'স্টপ জেনোসাইড' কী?
A. পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র B. প্রামাণ্য চলচ্চিত্র
C. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র D. ডকু ড্রামা

ব্যাখ্যা : • স্টপ জেনোসাইড (গণহত্যা বন্ধ কর) বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর নির্মিত একটি প্রামাণ্য চলচ্চিত্র।
• এর নির্মাতা শহীদ বুদ্ধিজীবী ও বিশিষ্ট চলচ্চিত্রকার জহির রায়হান।
• তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১ খ্রিষ্টাব্দে ২০ মিনিট দৈর্ঘ্যের এই তথ্যচিত্রটি তৈরি করেন।
• বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন ভারতে আশ্রয়গ্রহণকারী বাঙালীদের দুঃখ-দুর্দশা, হানাদার পাকিস্তানী সামরিক বাহিনীর হত্যাযজ্ঞ, ভারতে বাংলাদেশের অস্থায়ী সরকারের দিনকাল প্রভৃতি এই তথ্যচিত্রে তুলে ধরা হয়েছিল।
• মুক্তিযুদ্ধ বিষয়ে এখন পর্যন্ত নির্মিত ছবিগুলোর মধ্যে শিল্পগত ও গুণগত সাফল্যের দিক থেকে এই চলচ্চিত্রটিকে শীর্ষে স্থান দেয়া হয়ে থাকে।
• বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের জন্য বিশ্বব্যাপী জনমত তৈরি করার ক্ষেত্রে স্টপ জেনোসাইড' অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলো।
Ans : B.

**47.** সংবিধানের কোন অনুচ্ছেদে সংবাদপত্রের স্বাধীনতার নিশ্চয়তা দান করা হয়েছে?
A. ২৯ অনুচ্ছেদ B. ৩৬ অনুচ্ছেদ
C. ৩৯ অনুচ্ছেদ D. ৪৭ অনুচ্ছেদ

ব্যাখ্যা:

| অনুচ্ছেদ নং | বিষয়বস্তু |
|---|---|
| ২৯নং | সরকারি নিয়োগ লাভে সুযোগের সমতা |
| ৩৬নং | চলাফেরার স্বাধীনতা |
| ৩৯নং | (১) চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক স্বাধীনতা<br>(২) সংবাদপত্রের স্বাধীনতা |
| ৪৭(৩) নং | গণহত্যা জনিত অপরাধে যুদ্ধাপরাদের বিচার |

Ans : C.

**48.** বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশীপ শুরু হয় কোন দুটি দেশকে নিয়ে?
A. শ্রীলংকা-নিউজিল্যান্ড B. ভারত-ওয়েস্টইন্ডিজ
C. ইংল্যান্ড-অস্ট্রেলিয়া D. বাংলাদেশ-আফগানিস্তান

ব্যাখ্যা: • বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ শুরু হয় ইংল্যান্ড এবং অস্ট্রেলিয়ার ম্যাচ দিয়ে।
• এ চ্যাম্পিয়নশিপ এর মেয়াদ ২ বছর (২০১৯ – ২০২১)।
• বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের প্রথম চ্যাম্পিয়ন - নিউজিল্যান্ড।
• বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের বর্তমান চ্যাম্পিয়ন - অস্ট্রেলিয়া।
Ans : C.

CamScanner

**49.** তথ্য অধিকার আইন কত সালে প্রবর্তিত হয়?

A. ২০০৮ সালে B. ২০০৯ সালে
C. ২০১০ সালে D. ২০১১ সালে

ব্যাখ্যা : • তথ্য অধিকার আইন প্রবর্তিত হয় ২০০৯ সালে।
• সার্বজনীনভাবে তথ্য অধিকার আইন সাধারণত জনগণের তথ্য পাওয়ার স্বাধীনতা সংক্রান্ত আইন নামে পরিচিত।
• যুক্তরাষ্ট্রে এ ধরনের আইন আলোকিত আইন নামে পরিচিত।
• কিছু কিছু দেশে এ আইনের শিরোনাম হলো তথ্য স্বাধীনতা আইন।
• বাংলাদেশে এ আইনের বিধানে একজন প্রধান তথ্য কমিশনার (সিআইসি) এবং অন্য দুজন কমিশনার নিয়োগ করা যায়।
• এর মধ্যে অন্তত একজন মহিলা হবেন।

**Ans : B.**

**50.** যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন এক সময় কোন পত্রিকার ব্রাসেলস সংবাদদাতা ছিলেন?

A. দি ডেইলি মিরর B. দি ডেইলি টেলিগ্রাফ
C. দি ইকনোমিস্ট D. দি ইনডিপেনডেন্ট

ব্যাখ্যা : • যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন একসময় দ্য ডেইলি টেলিগ্রাফের ব্রাসেলস প্রতিনিধি ছিলেন।

**Ans : B.**

**51.** চীনা পরিব্রাজক ছিলেন-

A. শীলভদ্র B. অতীশ দীপঙ্কর
C. ফা-হিয়েন D. সন্ধ্যাকর নন্দী

ব্যাখ্যা : • চীনা পরিব্রাজক ছিলেন ফা-হিয়েন।
• ফা-হিয়েন (Fa Xian or Fa-Hien or Fa-hsien) (৩৩৭-৪২২) প্রথম চৈনিক বৌদ্ধ তীর্থযাত্রী, যিনি মধ্য এশিয়া, ভারত ও শ্রীলংকা ভ্রমণ করে সে সম্পর্কে বর্ণনা লিপিবদ্ধ করে যান।
• এ যাজকের নামের সঠিক উচ্চারণ সম্ভবত ফাজিয়ান এবং তা ফা-সিয়েন হিসেবেও লেখা হয়।
• শানশি-র অধিবাসী ফা-হিয়েন মাত্র তিন বছর বয়সে বৌদ্ধ সংঘে যোগ দেন।
• নবব্রতিত্ব লাভ করার পর ফা-হিয়েনের মনে বৌদ্ধ ধর্মের মঠতান্ত্রিক নীতি সম্বলিত গ্রন্থ 'বিনয় পিটক'-এর সন্ধানে ভারতে আসার ইচ্ছা জাগ্রত হয়।
• ৩৯৯ খ্রিস্টাব্দে তিনি যখন ভারতের উদ্দেশ্যে যাত্রা শুরু করেন তখন তার বয়স সম্ভবত ৬৪ বছর।

**Ans : C.**

**52.** কোন অঞ্চল প্লাইস্টোসিন ভূমিরূপের অন্তর্ভুক্ত?

A. চাঁদপুর B. মাদারীপুর
C. গাজীপুর D. রংপুর

ব্যাখ্যা : প্লাইস্টোসিনকালের উচ্চভূমিরূপের উদাহরণ :
• **বরেন্দ্রভূমি :** বরেন্দ্রভূমি রাজশাহী বিভাগের নওগাঁ, রাজশাহী, বগুড়া, জয়পুরহাট এবং রংপুর বিভাগের গাইবান্ধা, রংপুর ও দিনাজপুর জেলার অংশ বিশেষ নিয়ে গঠিত।
• **মধুপুর ও ভাওয়ালের গড় :** টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলার মধুপুর এবং গাজীপুর জেলার ভাওয়ালের গড় নিয়ে এলাকাটি গঠিত। এটি প্লাইস্টোসিন যুগের দ্বিতীয় বৃহত্তম উচ্চভূমি।
• **লালমাই পাহাড় :** কুমিল্লা শহর থেকে ৮ কিলোমিটার পশ্চিমে লালমাই থেকে ময়নামতি পর্যন্ত এই পাহাড়টি বিস্তৃত।

**Ans : C & D.**

**53.** বাস্তুতন্ত্রের জনক কে?

A. এরিস্টটল B. প্লেটো
C. আলেকজান্ডার ভন হামবোল্ড D. ডারউইন

ব্যাখ্যা : • বাস্তুতন্ত্রের জনক আলেকজান্ডার ভন হামবোল্ড।
• বাস্তুতন্ত্র (Ecosystem) হচ্ছে জৈব, অজৈব পদার্থ ও বিভিন্ন জীবসমন্বিত এমন প্রাকৃতিক একক যেখানে বিভিন্ন জীবসমষ্টি পরস্পরের সাথে এবং তাদের পারিপার্শ্বিক জৈব ও অজৈব উপাদানের সঙ্গে মিথস্ক্রিয়ার মাধ্যমে একটি জীবনধারা গড়ে তোলে।
• প্রত্যেক বাস্তুতন্ত্রে মূলত তিনটি উপাদান রয়েছে। যথা- জড় উপাদান, ভৌত উপাদান এবং জীবজগতের উপাদান।
• জড় উপাদান কে আবার দুই ভাগে ভাগ করা যায়। যথা- অজৈব বস্তু এবং জৈব বস্তু।
• আলেকজান্ডার ভন হামবোল্ড (১৭৬৯ - ১৮৫৯) একজন জার্মান অভিযাত্রী ও বিজ্ঞানী।

**Ans : C.**

**54.** হরপ্পা সভ্যতার নিদর্শন কোথায় পাওয়া গেছে?

A. ভারত B. পাকিস্তান C. A + B উভয়ই D. কোনোটিই নয়

ব্যাখ্যা : • হরপ্পা সভ্যতার নিদর্শন পাওয়া গিয়েছে পাকিস্তানে।
• হরপ্পা পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের একটি প্রত্নস্থল।
• হরপ্পার বর্তমান গ্রামটি প্রত্নস্থল থেকে ৬ কিলোমিটার দূরে অবস্থিত।
• আধুনিক হরপ্পা ব্রিটিশ আমল থেকেই একটি ট্রেন স্টেশন। কিন্তু এটি একটি ছোট পাকিস্তানি শহরমাত্র।
• প্রত্নস্থলে একটি প্রাচীন ব্রোঞ্জযুগীয় দুর্গশহরের ধ্বংসাবশেষ রয়েছে।
• এটি সেমেট্রি এইচ কালচার ও সিন্ধু সভ্যতার অংশ।
• মনে করা হয়, শহরটিতে ২৩,৫০০ মানুষ বসবাস করতেন।
• সে যুগের বিশ্বে এটি ছিল একটি বৃহৎ শহর।

**Ans : B.**

**55.** বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষার নাম মান্দী?

A. গারো B. চাকমা C. সাঁওতাল D. মারমা

ব্যাখ্যা : • বাংলাদেশের গারো উপজাতির ভাষার স্থানীয় নাম- মান্দি ভাষা।
• গারোরা বাংলাদেশের বৃহত্তর ময়মনসিংহ জেলায় বসবাসকারী আদিবাসী সম্প্রদায়।
• এ ছাড়াও বাংলাদেশের ময়মনসিংহ ছাড়াও টাঙ্গাইল, সিলেট, শেরপুর, জামালপুর, নেত্রকোনা, সুনামগঞ্জ, মৌলভীবাজার, ঢাকা ও গাজীপুর জেলায় গারোরা বাস করে।
• গারোরা ভাষা অনুযায়ী বোডো মঙ্গোলীয় ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত।
• জাতিগত পরিচয়ের ক্ষেত্রে অনেক গারোই নিজেদেরকে মান্দি বলে পরিচয় দেন।
• গারোদের ভাষায় 'মান্দি' শব্দের অর্থ হল 'মানুষ'।
• গারোদের সমাজে মাতৃতান্ত্রিক পরিবার প্রথা প্রচলিত।
• তাদের প্রধান ধর্মীয় ও সামাজিক উৎসবের নাম 'ওয়ানগালা'।
• তাদের আদি ধর্মের নাম 'সাংসারেক'।

**Ans : A.**

**56.** বাংলাদেশের লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?

A. চট্টগ্রাম B. কুমিল্লা C. সোনারগাঁও D. ঢাকা

ব্যাখ্যা: • বাংলাদেশের লোকশিল্প জাদুঘর নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় অবস্থিত।
• বাংলাদেশের লোকশিল্পের সংরক্ষণ, বিকাশ ও সর্বসাধারণের মধ্যে লোকশিল্পের গৌরবময় দিক তুলে ধরার জন্য ১৯৭৫ সালে এ জাদুঘর প্রতিষ্ঠিত হয়।
• শিল্পাচার্য জয়নুল আবেদীনের উদ্যোগে বাংলাদেশ সরকার বিশাল এলাকা নিয়ে এই জাদুঘর প্রতিষ্ঠা করেন।
• এখানে সংরক্ষিত আছে বাংলার প্রাচীন সুলতানদের ব্যবহৃত অস্ত্র শস্ত্র, তৈজসপত্র, পোশাক, বর্ম, অলংকার ইত্যাদি।
• বাংলার প্রাচীন ও মধ্য যুগের লোকশিল্পের অনেক নিদর্শনও রয়েছে এবং রয়েছে বাংলার প্রাচীন মুদ্রা।
• এ জাদুঘরে মোট সংগৃহীত নিদর্শন দ্রব্যের সংখ্যা ৫৪৭৮ টি।

**Ans : C.**

CamScanner

Ans : B.

Ans : C.

Ans : B.

Ans : D.

Ans : B.

British Overseas Territories

Ans : C.

'Green Belt Movement'

Green Belt Movement (GBM)

Ans : A.

The National

• সামরিক ঘাঁটি বলতে বোঝায় এমন কোনো ভৌগোলিক অবস্থান যা সামরিক বাহিনীর মালিকানাধীন, তাদের জন্য ইজারায় নেয়া কিংবা অন্য কোনোভাবে তাদের দখলে থাকা।
• দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুক্তরাষ্ট্র যখন বিশ্বব্যাপী নেতৃত্বের আসনে প্রতিষ্ঠিত হয় এবং জাপান ও জার্মানিতে শান্তিরক্ষী মোতায়েন করে তখন থেকে এসব ঘাঁটি স্থাপন করা হয়েছে।
**Ans : নাই.**

**65. ফরাসি মুদ্রা ফ্রাঁ কত সাল পর্যন্ত প্রচলিত ছিল?**
A. ২০০২ সাল B. ২০০৩ সাল C. ২০০৪ সাল D. ২০০৫ সাল

ব্যাখ্যা : • ফরাসি মুদ্রা ফ্রাঁ ২০০২ সাল পর্যন্ত প্রচলিত ছিল।
• ফ্রান্স ইউরোপের একটি রাষ্ট্র যা ঐতিহাসিক ও সাংস্কৃতিক দিক থেকে পশ্চিমা বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ জাতিগুলির একটি।
• আয়তনের দিক থেকে ফ্রান্স ইউরোপের তৃতীয় বৃহত্তম রাষ্ট্র।
• রাশিয়া ও ইউক্রেনের পরেই এর স্থান।
• আর জনসংখ্যার দিক থেকে এটি ইউরোপের চতুর্থ বৃহত্তম রাষ্ট্র।
• মূল ভূখণ্ডের বাইরে বিশ্বের বিভিন্ন অঞ্চলে ফ্রান্সের দশটি উপনিবেশ আছে, যেগুলি বেশির ভাগই প্রাক্তন ফরাসি সাম্রাজ্য থেকে পাওয়া।
**Ans : A.**

**66. ২০১৮ সালের সেপ্টেম্বর মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোন সম্মেলনে যোগ দেয়ার জন্য নেপাল সফর করেন?**
A. D-8 Summit
B. Nepal-India-Bangladesh Motorway Conference
C. SARRC Outreach Meeting
D. BIMSTEC Meeting

ব্যাখ্যা : • ২০১৮ সালের সেপ্টেম্বর মাসে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমসটেকের ৪র্থ সম্মেলনে যোগ দিতে নেপাল সফর করেন।
**Ans : D.**

**67. উইঘুর (Uighur) জাতিগোষ্ঠী কোন দেশে বিরাজমান?**
A. রাশিয়া B. মঙ্গোলিয়া
C. চীন D. কোরিয়া (উত্তর ও দক্ষিণ)

ব্যাখ্যা : • উইঘুর জাতিগোষ্ঠি চীনের জিনজিয়াং অঞ্চলে বসবাস করে।
• উইঘুররা এই অঞ্চলের সরকারিভাবে স্বীকৃত ৫৬টি নৃতাত্ত্বিক সংখ্যালঘু গোষ্ঠীর অন্যতম। এখানকার ৮০% উইঘুর অঞ্চলের দক্ষিণপশ্চিমাঞ্চলে তারিম বেসিনে বসবাস করে।
• জিনজিয়াং এর বাইরে উইঘুরদের সবচেয়ে বড় সম্প্রদায় দক্ষিণ মধ্য হুনান প্রদেশে রয়েছে।
• চীনের বাইরে মধ্য এশিয়ার অন্যান্য রাষ্ট্র যেমন কাজাখস্তান, কিরগিজস্তান, উজবেকিস্তানে উল্লেখযোগ্য সংখ্যক উইঘুর বাস করে।
• উইঘুরদের আদি নিবাস ছিল পূর্ব তুর্কিস্থানে।
• তুর্কিস্থান বলতে যে সকল দেশে তুরস্কের বংশোদ্ভূত জনগোষ্ঠীর বসবাস সেসকল দেশকে বুঝায়।
**Ans : C.**

**68. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্র ও জাপানের মধ্যে ওকিনাওয়ার যুদ্ধ কখন সংঘটিত হয়?**
A. মে, ১৯৪৫ B. জুন, ১৯৪৫
C. জুলাই, ১৯৪৫ D. আগস্ট, ১৯৪৫

ব্যাখ্যা : • দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্র ও জাপানের মধ্যে ওকিনাওয়ার যুদ্ধ ১৯৪৫ সালে সংগঠিত হয় যা ১ এপ্রিল থেকে ২২ জুন পর্যন্ত স্থায়ী ছিল।
• জাপান পার্ল হার্বার আক্রমণ করলে আমেরিকা-জাপান যুদ্ধ শুরু হয়ে যায়।
• প্যাসিফিক থিয়েটারে দ্বীপগুলোকে কেন্দ্র করে যুদ্ধ চলতে থাকে।
• এমনই একটি যুদ্ধ হয় ওকিনাওয়া দ্বীপকে কেন্দ্র করে যা 'ওকিনাওয়ার যুদ্ধ' নামে পরিচিত।
• ওকিনাওয়ার যুদ্ধ ইতিহাসে 'স্টিলের তুফান' হিসেবেও পরিচিত।
• ইতিহাসে এ যুদ্ধ প্রশান্ত মহাসাগরীয় এলাকায় সবচেয়ে রক্তক্ষয়ী অধ্যায় হিসেবে পরিচিত।
• এ যুদ্ধে ২ লাখ লোক নিহত হয়। ৮২ দিন স্থায়ী ছিল এ যুদ্ধ।
**Ans : A & B.**

**69. কোন দেশটি BIMSTEC -এর সদস্য নয়?**
A. ভারত B. থাইল্যান্ড
C. ভিয়েতনাম D. বাংলাদেশ

ব্যাখ্যা : • ভিয়েতনাম BIMSTEC এর সদস্য নয়।
• BIMSTEC এর পূর্ণরূপ Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation.
• এটি দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় ৭টি দেশ নিয়ে গঠিত একটি আঞ্চলিক জোট।
• এর সদস্য রাষ্ট্রগুলো হল- বাংলাদেশ, ভুটান, মিয়ানমার, ভারত, নেপাল, শ্রীলঙ্কা এবং থাইল্যান্ড।
• ১৯৯৭ সালে ব্যাংককে - বাংলাদেশ, ভারত, শ্রীলংকা ও থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের একটি বৈঠকে এই আন্তঃআঞ্চলিক জোট সৃষ্টি করা হয়।
• বিমসটেকের সদর দপ্তর ঢাকায় অবস্থিত।
**Ans : C.**

**70. CEDAW একটি-**
A. আঞ্চলিক চুক্তি B. উপ-আঞ্চলিক চুক্তি
C. আন্তঃআঞ্চলিক চুক্তি D. আন্তর্জাতিক চুক্তি

ব্যাখ্যা : • CEDAW একটি আন্তর্জাতিক চুক্তি।
• এর পূর্ণরূপ- Convention on the Elimination of all forms of Discrimination against Women.
• CEDAW জাতিসংঘ কর্তৃক গৃহীত ও ঘোষিত একটি সনদ।
• নারীর মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে ১৯৭৯ সালে জাতিসংঘের সাধারণ পরিষদে এটি গৃহীত হয়।
• ১৯৮১ সাল থেকে সনদটি কার্যকর হয়।
• বিশ্বের ১৮৬টি সদস্য রাষ্ট্র CEDAW সনদে স্বাক্ষর করেছে।
• বাংলাদেশ ১৯৮৪ সালে এই সনদে স্বাক্ষর করে।
• এই সনদে ৩০টি ধারা আছে।
**Ans : D.**

**71. ইংরেজি ভাষায় পাঁচ অক্ষরের একটি শব্দ বানানের জন্য নিচের পাঁচটি অক্ষরের একটি মাত্র দলকে পুনরায় সাজানো যেতে পারে। শব্দটি শনাক্ত কর।**
A. GTOPA B. DICOL
C. HWTCA D. ACULT

ব্যাখ্যা : • এখানে শুধুমাত্র অপশন C এর বর্ণগুলো দিয়ে একটি অর্থবহ শব্দ বানানো যাবে। শব্দটি হল- WATCH
• বাকি অপশনগুলো দিয়ে শব্দ তৈরি সম্ভব নয়।
**Ans : C.**

**72. আগামী চার বছর পর রুবির বয়স তার পাঁচ বছর আগের বয়সের দ্বিগুণ হবে। রুবির বয়স এখন কত?**
A. ২০ বছর B. ১৪ বছর C. ১৬ বছর D. ১৮ বছর

ব্যাখ্যা : ধরি, রুবির বয়স $x$ বছর
তাহলে, তার চার বছর পরের বয়স হবে $(x + 8)$ এবং পাঁচ বছর আগের বয়স হবে $(x - ৫)$
প্রশ্নমতে, $x + 8 = ২(x - ৫)$
$\Rightarrow x + 8 = ২x - ১০ \Rightarrow ১০ + 8 = ২x - x \Rightarrow x = ১8$
**Ans : B.**

CamScanner

**73.** রতন ও পিনুর মোট বয়স ২৭; এবং রতন ও পলাশের মোট বয়স ৩৮; এবং পিনু ও পলাশের মোট বয়স ৩৩ হলে রতনের বয়স কত?

A. ১৬ B. ১১
C. ২২ D. ১৮

ব্যাখ্যা : ধরি, রতনের বয়স x বছর
তাহলে, পিনুর বয়স হবে (২৭ – x) এবং পলাশের বয়স হবে (৩৮ – x)
প্রশ্নমতে, (২৭ – x) + (৩৮ – x) = ৩৩
⇒ ২৭ – x + ৩৮ – x = ৩৩ ⇒ ৬৫ – ৩৩ = ২x ⇒ ৩২ = ২x ⇒ x = ১৬

**Ans : A.**

**74.** অনুপপত্তি বলতে বোঝায়-

A. অসম্পূর্ণ তত্ত্ব B. ব্যক্তিগত দর্শন
C. কাল্পনিক ধারণা D. যুক্তির ত্রুটি

ব্যাখ্যা : • অনুপপত্তি বলতে বোঝায়- যুক্তির ত্রুটি।
• অনুপপত্তি হল প্রক্রিয়ার এমন কোনো ধরন যা যুক্তিগঠনের ত্রুটির কারণে ভুল হয়ে যায় এবং সে ত্রুটিগুলো সুন্দরভাবে কোনো যুক্তি ব্যবস্থাতে ধরিয়ে দেওয়া যায়, যার উদাহরণ হচ্ছে প্রস্তাবনামূলক যুক্তিবিদ্যা।
• কোনো তর্কে অনুপপত্তি থাকলে তা ভুল।
• তবে সেটা হয়তো বিতর্কের সত্যতা ধ্বংস করতে পারবেনা, কারণ প্রযোজ্যতা এবং সত্যতা আলাদা জিনিস হয় সজ্জিত যুক্তবিদ্যাতে, যার উদাহরণ হচ্ছে, সপ্তাহের দিন মঙ্গলবারের সাথে বৃষ্টির সংখ্যার সহসম্পর্ক থাকতে পারে, যার ফলে একজন হয়তো বিশ্বাস করতে পারে যে মঙ্গলবার গুলোতে বেশি বৃষ্টি হবে।
• কিন্তু এখানে বিশ্বাসকারী সহসম্পর্কীয় অনুপপত্তি ঘটালো, কারণ বৃষ্টির সংখ্যার সাথে সপ্তাহের বারের কোনো কারণতত্ত্বীয় সম্পর্ক নেই আসলে।
• তাই নিজের দৃষ্টিতে তা সত্য মনে হলেও তা যুক্তি দিয়ে সঠিক প্রমাণ করানো অসম্ভব ব্যাপার।

**Ans : D.**

**75.** কোন দার্শনিক ১৯৫০ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন?

A. বার্ট্রান্ড রাসেল B. জ্যাঁ পল সার্ত্রে
C. লুডভিগ ভিটগেনস্টাইন D. জন স্টুয়ার্ট মিল

ব্যাখ্যা: • বার্ট্রান্ড রাসেল ১৯৫০ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।
• সাহিত্যে নোবেল দেয়া শুরু হয় ১৯০১ থেকে।
• ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন - ইয়োন জন ফসে (নরওয়ে)।

**Ans : A.**

**76.** আইনজীবী ও বিচারালয়ের মধ্যকার যে সম্পর্ক; নিচের কোন শব্দ জোড়া সেই একই ধরনের সম্পর্ক প্রকাশ করে?

A. খেলোয়াড় : দল B. সংসদ সদস্য : রাজনৈতিক দল
C. যাত্রী : ট্রেন D. যোদ্ধা : রণভূমি

ব্যাখ্যা : • আইনজীবী ও বিচারালয়ের মধ্যকার যে সম্পর্ক; যোদ্ধা ও রণভূমির মধ্যেও একই সম্পর্ক।
• দুটোতেই প্রথম শব্দের ব্যক্তির কর্মস্থল হল দ্বিতীয় শব্দ।
• আইনজীবী তার পেশাগত কাজ করেন বিচারালয়ে।
• যোদ্ধাও তার যুদ্ধ করেন রণভূমিতে।

**Ans : D.**

**77.** দর্শন নিচের কোন বিষয় নিয়ে আলোচনা করে?

A. সত্তা ও সত্য সম্পর্কে B. মানুষের সামাজিক আচরণ
C. মানুষের আচরণ D. উপরের কোনটিই নয়

ব্যাখ্যা : • দর্শন সত্তা ও সত্য সম্পর্কে আলোচনা করে।
• দর্শন (philosophy) জ্ঞানের অন্যতম প্রাচীন একটি শাখা।
• ফিলোসফি শব্দটি প্রথম ব্যবহার করেছিলেন গ্রিক চিন্তাবিদ ও গণিতজ্ঞ পিথাগোরাস।
• খ্রিস্টপূর্ব ষষ্ঠ অব্দের দিকে শব্দটি প্রথম ব্যবহৃত হয়।
• তিনিই ফিলোসফি শব্দটি ব্যবহার করেন love of wisdom তথা প্রজ্ঞার প্রতি অনুরাগ অর্থে।
• যিনি দর্শন চর্চা করেন তাকেই দার্শনিক বলা হয়।

**Ans : A.**

**78.** **The actual word *philosophy* is Greek in origin, and it is the composite of two Greek word roots: *philein*, a Greek word for *love*, and *sohia*, the Greek word for wisdom. Taken together, they mean "the love or pursuit of wisdom".**
উপরের অনুচ্ছেদের দর্শনের সংজ্ঞাটি দর্শন বিষয়ের কোন দিকটি প্রকাশ করে?

A. দর্শনের স্বতন্ত্র প্রকৃতি B. দর্শনের ইতিহাস
C. দর্শনের উৎস D. দর্শনের ব্যাখ্যা

ব্যাখ্যা : • অনুচ্ছেদের সংজ্ঞাটি দর্শনের স্বতন্ত্র প্রকৃতি প্রকাশ করে।
• দর্শন শব্দটি ইংরেজি philosophy শব্দ থেকে এসেছে।
• ফিলোসফি শব্দটি এসেছে প্রাচীন গ্রিক ভাষা থেকে।
• দর্শনের সাথে মূল সম্পর্ক হচ্ছে প্রজ্ঞার, আরও নির্দিষ্টভাবে বলতে গেলে, প্রজ্ঞার প্রতি ভালোবাসার।
• ঘটনা ও তথ্য সম্পর্কে স্পষ্ট ও নির্ভুল ধারণা থেকে জ্ঞান লাভ করা যায়, কিন্তু দার্শনিক (যিনি দর্শন চর্চা করেন তাকেই দার্শনিক বলা হয়) কেবল তথ্যগত জ্ঞানের উপর নির্ভর করেন না।
• দর্শনের প্রধান কাম্য বিষয় প্রজ্ঞা। প্রজ্ঞার অনুসন্ধান ও চর্চার মাধ্যমেই দর্শন বিকাশ লাভ করে।
• পিথাগোরাস সারা জীবন প্রজ্ঞার সাধনা করেছেন, কখনও জ্ঞানের গরিমা অনুভব করেননি।
• এজন্য তিনি দার্শনিক হিসেবে বিদগ্ধ। দর্শনের জন্য যে প্রজ্ঞা কাম্য তার মধ্যে রয়েছে, অন্তদৃষ্টি, দৃষ্টিভঙ্গির অভ্রান্ততা, বিচারের ভারসাম্য ও বিশ্লেষণের সামঞ্জস্য।

**Ans : A.**

**79.** Vague শব্দটির অর্থ কী?

A. স্পষ্ট B. অস্পষ্ট C. দ্বৈততা D. অর্থ

ব্যাখ্যা : Vague শব্দটির অর্থ অস্পষ্ট।
**Vague শব্দটির Synonym ও Antonym-**
**Synonym:** Ambiguous, Fuzzy, Hazy, Obscure, Uncertain, Unclear, Unsure, Amphibiological, Bewildering, Blurred, Cloudy, Superficial, Unsettled, Unspecified.
**Antonym :** Apparent, Certain, Clear, Definite, Determined, Distinct, Obvious, Plain, Sure.

**Ans : B.**

**80.** **He who knows he is a fool is not a great fool-** উক্তিটি কোন দার্শনিকের?

A. এরিস্টটল B. গোবিন্দ চন্দ্র দেব
C. প্লেটো D. কনফুসিয়াস

ব্যাখ্যা : • He who knows he is a fool is not a great fool – উক্তিটি কনফুসিয়াস এর।
• এটি তাঁর The Analects নামক গ্রন্থ থেকে নেওয়া।
• কনফুসিয়াস (খ্রি.পূ. ৫৫১-৪৭৯) প্রাচীন চীনের প্রখ্যাত দার্শনিক এবং চিন্তাবিদ।
• তার দর্শন ও রচনাবলী চীনসহ পূর্ব এশিয়ার জীবনদর্শনে বিভিন্ন সময়ে, বিভিন্ন ক্ষেত্রে গভীর প্রভাব বিস্তার করেছে।
• কনফুসিয়াস মূলত নীতিবাদী দার্শনিক ছিলেন।
• তার বিশ্বাস ছিল শিক্ষার মূল ভিত্তি হচ্ছে নীতিজ্ঞান।
• তিনি চীনের কনফুসিয়ান তত্ত্বের প্রতিষ্ঠাতা।
• দু হাজার বছর ধরে চীনে কনফুসিয়ান তত্ত্বের প্রভাব শুধু রাজনীতি ও সংস্কৃতি প্রভৃতি ক্ষেত্রে নয়, চীনাদের চিন্তাধারা ও আচার-আচরণেও আছে।

**Ans : D.**

CamScanner

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)
## শিক্ষাবর্ষ : 2019-2020 [Set-C]
### [কলা ও মানবিকী অনুষদ]

**01. My neighbour ____ eggs yesterday.**
A. ran B. ran out of
C. ran into D. ran off

ব্যাখ্যা : Run out of - ফুরিয়ে যাওয়া।
**গুরুত্বপূর্ণ কিছু group verb-**
Come by - পাওয়া
Cut down - হ্রাস করা।
Dwell upon - চিন্তা করা
Fall into - বিভক্ত হওয়া।
Get out - বের হওয়া
Give off - দেওয়া।
এখানে, প্রতিবেশির ডিম ফুরিয়ে যাওয়া বুঝাতে ran out of হবে।
**Ans : B.**

**02. Haiku : Poetry :: Bildungsroman : ?**
A. Drama B. Novel
C. Film D. None of the above

ব্যাখ্যা : • Haiku is a kind of poem.
• Bildungsroman is a kind of novel.
**Ans : B.**

**03. The time and place a story takes place is called-**
A. plot B. theme
C. setting D. set

ব্যাখ্যা : Setting - The time and place a story takes place.
**গুরুত্বপূর্ণ কিছু definition-**
Plot - The main part of a story.
Theme - The subject of a talk, piece of writing or exhibition etc.
**Ans : C.**

**04. Choose the correct sentence from below:**
A. Yes, Jean, you were right about that answer.
B. Yes Jean, you were right about that answer.
C. Yes Jean you were right about that answer.
D. Yes, Jean, you were right, about that answer.

ব্যাখ্যা : এখানে, Yes এবং Jean দুটির পরেই comma ব্যবহার করতে হবে। সুতরাং অপশন (A) সঠিক।
**Ans : A.**

**05. William Wordsworth described poetry as-**
A. "the spontaneous overflow of powerful feelings."
B. "willing suspension of disbelief"
C. "cultural logic of late capitalism"
D. None of the above

ব্যাখ্যা : • William Wordsworth described poetry as "the spontaneous overflow of powerful feelings."
• William Wordsworth was a famous English Romantic poet who is famous for lyrical ballads.
**Ans : A.**

**06. If you were describing a birthday party, which vocabulary would be most suitable?**
A. Loud, delicate, joyous, suspicious
B. Chatter, bubbly, musical, excitement
C. Creeping, glaring, silent, celebrating
D. Gloomy, sensitive, chilling

ব্যাখ্যা : Chatter - শব্দবহুল Bubbly - বেলুনময়।
Musical - সঙ্গিতপূর্ণ Excitement - উত্তেজনাপূর্ণ।
এই word গুলোই birthday party কে describe করার জন্য যথার্থ।
**Ans : B.**

**07. Which mood is evoked by the following sentence?**
***"The baboons' plaintive cries pierced our hearts.."***
A. Determined B. Hopeful
C. Optimistic D. Sad

ব্যাখ্যা : বাক্যটির অর্থ- "বানরের দুঃখজনক কান্না আমাদের হৃদয়কে বিদ্ধ করেছে।" এটি sad feelings এর সৃষ্টি করে।
**Ans : D.**

**08. Which one of the following is not a diaspora writer?**
A. Zia Haider Khan B. Monica Ali
C. Kaiser Haq D. Tahmina Anam

ব্যাখ্যা : • Zia Haider Khan, Monica Ali, Tahmina Anam and Neamat Imam are diaspora writer.
• Kaiser Haq is a native Bangladeshi writer so, he is not a diaspora writer.
**Ans : C.**

**09. Which one of the following is a graphic novel?**
A. *Kafka on the Shore*
B. *One Hundred Years of Solitude*
C. *Persepolis*
D. *The Ministry of Utmost Happiness*

ব্যাখ্যা : • Persepolis is a graphic novel written by Marjane Satrapi. It was published in 2000.
• It is a complete autobiographical series that describes her childhood.
**Ans : C.**

**10. Which word more closely rhymes with *it'd*?**
A. Knitted B. Knighted
C. Both a & b D. None of the above

ব্যাখ্যা : **Words and phrases that rhyme with it'd :**
**2 syllables:** bitted, chitted, fitted, gritted, kitted, knitted, pitted, etc.
**3 syllables:** acquitted, admitted, befitted, buffeted, committed, demitted, etc.
**Ans : A.**

**11.** In the following sentence the four highlighted parts of the sentence are marked a, b, c and d. Identify the **one** highlighted word or phrase with grammatical error.
***Canals are (a) <u>artificial</u> waterways, often constructed (b) <u>either</u> to transport heavy loads or to (c) <u>delivering</u> water (d) <u>to cities</u> and farms.***
A. a B. b C. d D. c

ব্যাখ্যা : to + infinitive হয় সবসময়। সুতরাং, delivering না হয়ে deliver হবে।
**Ans : D.**

CamScanner

**12.** **Choose the sentence with the modifier in the correct place.**

A. Having jumped up, the cat pounced.
B. The cat pounced when the mouse jumped up.
C. Having jumped up, the cat pounced the mouse.
D. Having up jumped the cat, the mouse pounced.

ব্যাখ্যা : Dangling modifier এর নিয়ম : modifier সর্বদা যাকে modify করে তার পাশে বসে।
এখানে, Having jumped up, the cat কে modify করেছে।
সুতরাং অপশন (C) Dangling modifier এর নিয়ম অনুযায়ী সঠিক।
**Ans : C.**

**13.** **Below is given a statement followed by two conclusions numbered I and II. You have to assume everything in the statement to be true, then consider the two conclusions together and decide which of them logically follows beyond a reasonable doubt from the information given in the statement.**

**Statements : The old order changed yielding place to new.**

**Conclusions:**

**I. Change is the law of nature.**

**II. Discard old ideas because they are old.**

A. Only conclusion I follows
B. Only conclusion II follows.
C. Either I or II follows.
D. Neither I or II follows.

ব্যাখ্যা : Statement এর অর্থ– "পুরাতন এর পরিবর্তে নতুন জায়গা করেছে"। সুতরাং conclusion হবে "পরিবর্তনই প্রাকৃতিক নিয়ম"। Statement অনুযায়ী শুধুমাত্র conclusion (I) সঠিক।
**Ans : A.**

**14.** **The message of the business letter is located in the ____ of the letter.**

A. Body | B. Closing
C. Salutation | D. Heading

ব্যাখ্যা : • A business letter is a formal letter with six parts.
• The message is located in the body of the letter.
**Ans : A.**

**15.** **Complete the sentence by filling in the appropriate blanks from the options provided.**
***For silent movies to succeed, the quality of acting has to be ____ as there are no ____ dialogues or music for support.***

A. mediocre ... engaging
B. realistic ...... melodramatic
C. substantial ..... vehement
D. extraordinary ...... mesmerizing

ব্যাখ্যা : বাক্যটির অর্থ "শব্দহীন চলচ্চিত্রের সফলতার জন্য অভিনয় হতে হবে অসাধারণ যেহেতু সেখানে সম্মোহিত কোন সংলাপ বা গান নেই।" এখানে "অসাধারণ" এবং "সম্মোহিত" অর্থ বুঝাতে gap এ "extraordinary ...... mesmerizing" হবে।
**Ans : D.**

**16.** **কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত?**

A. ঝঞ্ঝা, ঝক্কি, ঝর্ঝর, ঝম্প | B. গন্ধ, গণ্ড, গল্প, গম্ভীর
C. চণ্ডাল, চঞ্চু, চম্পক, চন্দ্র | D. কুন্তল, কুম্ভকর্ণ, কুস্তি, কৃষ্ণ

ব্যাখ্যা : শব্দগুলোকে অভিধানের ক্রম অনুযায়ী সাজানো হলো–
• ঝক্কি, ঝঞ্ঝা, ঝম্প, ঝর্ঝর।
• গণ্ড, গন্ধ, গম্ভীর, গল্প।
• চঞ্চু, চণ্ডাল, চন্দ্র, চম্পক।
• কুন্তল, কুম্ভকর্ণ, কুস্তি, কৃষ্ণ।
**Ans : D.**

**17.** **শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে কী বলে?**

A. ব্যঞ্জনচ্যুতি | B. সমীভবন
C. অপিনিহিতি | D. সমীকরণ

ব্যাখ্যা : • ব্যঞ্জনচ্যুতি : পাশাপাশি দুটি একই ব্যঞ্জন এর একটি লোপ পায়। যেমন: বড়দাদা > বড়দা।
• সমীভবন : শব্দের মধ্যে দুটি ভিন্ন ধ্বনি পরস্পরের প্রভাবে সমতা পায়। যেমন: জন্ম > জম্ম।
• অপিনিহিতি : পরের 'ই' কার (ব্যঞ্জনধ্বনির আগে 'ই/উ'কার) উচ্চারিত হয়।
• ধ্বনি বিপর্যয় : শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটে। যেমন: রিক্সা > রিসকা।
**Ans : নাই।**

**18.** **শব্দের মধ্য ও অন্ত্য ল-ফলা ব্যঞ্জনকে-**

A. পার্শ্বিক করে | B. সানুনাসিক করে
C. বিকৃত করে | D. দ্বিত্ব করে

ব্যাখ্যা : • ল-ফলা শব্দের মধ্যে বা অন্তে বসলে তার দ্বিত্ব উচ্চারণ হয়। যেমন: শ্লেষ (স্লেশ), অক্লান্ত (অকক্লানতো)
**Ans : D.**

**19.** **নিচের কোনগুলো ফারসি ভাষার শব্দ?**

A. পছন্দ, পলক, পেশা | B. মজুর, মজবুত, মজলিস
C. গরিব, গোয়েন্দা, গোলাপ | D. সবুজ, সেরা, সিন্দুক

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু ফারসি শব্দ :
পছন্দ, পলক, পেশা, কারিগর, চশমা, কারখানা, গুলশান, বাজার, দোকান, কাঁচামাল, আমদানি, রপ্তানি, খুচরা, পাইকারি, জামাই, পাজামা, পাঞ্জাবি, রুমাল, মোরগ, মুরগী, পোলাও, বিরিয়ানি, জর্দা।
বি.দ্র: গরিব শব্দটি আরবি ভাষায় পাওয়া যায়।
**Ans : A.**

**20.** **নিচের কোন বাক্যটি ভুল?**

A. যেমন বুনো কচু তেমনি বাঘা তেঁতুল।
B. ছেলেটি বংশের মুখে চুনকালি দিল।
C. তিনি ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেছেন।
D. আমার আর বাঁচার সাধ নেই।

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ প্রয়োগ : বন্ধনীর ভেতরের শব্দটি ঠিক
• যেমন বুনো কচু (ওল) তেমন বাঘা তেঁতুল। অর্থাৎ 'কচু' না হয়ে 'ওল' হবে।
• সব পাখিরা (পাখি) ঘর বাঁধেনা।
• কিছু কিছু মানুষ আছে যে (যারা) অন্যের অমঙ্গল কামনা করে।
• তার কথায় মাধুর্যতা (মাধুর্য/মধুরতা) আছে।
• আফজাল ভাইদের মধ্যে কনিষ্ঠতম/কনিষ্ঠতম (কনিষ্ঠ)।
**Ans : A.**

CamScanner

21. 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কাকে অন্ধকার হতে আলোতে এনেছেন?

A. বিড়াল　　B. পতিত আত্মা
C. কমলাকান্ত　　D. নেপোলিয়ন

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : B.

22. 'অপরিচিতা' গল্পে একজোড়া এয়ারিং সম্বন্ধে সেকরার মন্তব্য-

A. ইহা নিশ্চিত নিখাদ　　B. পিতামহীদের আমলের গহনা
C. ইহা বিলাতি মাল　　D. হাল ফ্যাশনের সূক্ষ্ম গহনা

ব্যাখ্যা : গল্পকার রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পের গহনা ও এয়ারিং সম্পর্কে সেকরার বক্তব্যসমূহ :
গহনা সম্পর্কে : • পিতামহীদের আমলের গহনা।
• হাল ফ্যাশনের সূক্ষ্ম কাজ নয়।
• যেমন মোটা তেমনি ভারী।
এয়ারিং সম্পর্কে : • ইহা বিলাতি মাল।
• ইহাতে সোনার ভাগ সামান্যই আছে।
Ans : C.

23. রোকেয়া সাখাওয়াত হোসেনের সব রচনাই-

A. সমাজ জীবনের গভীর উপলব্ধি থেকে উৎসারিত
B. নারীমুক্তি ও নারীশিক্ষা বিষয়ক উপলব্ধির ফল
C. কুসংস্কার ও ধর্মান্ধতার বিরুদ্ধে প্রতিবাদস্বরূপ
D. সমাজসংস্কার আন্দোলন থেকে উৎসারিত

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

24. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আহ্বান' একটি-

A. প্রেম ও সম্পর্ক বিষয়ক গল্প　　B. দারিদ্র্য ও মৃত্যু বিষয়ক গল্প
C. উদার মানবিক সম্পর্কের গল্প　　D. গ্রাম ও শহর সম্পর্কিত গল্প

ব্যাখ্যা : গল্পকার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আহ্বান' গল্পে পাঠ পরিচিতি অংশের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• গল্পটি সংকলিত হয়েছে- লেখকের রচনাবলি থেকে।
• এটি একটি উদার মানবিক সম্পর্কের গল্প।
• মানুষের স্নেহ-মমতা প্রীতির বাঁধন গড়ে ওঠে - হৃদয়ের নিবিড় আন্তরিকতার স্পর্শে।
• মানুষের মধ্যকার দূরত্ব, সংস্কার ও গোঁড়ামি দূর হবে- আন্তরিকতা ও মানবীয় দৃষ্টির ফলে।
• গল্পটির অন্যতম উপজীব্য বিষয় - সহজ-সরল গ্রামীণ জীবন।
Ans : C.

25. নজরুলের মতে, ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে..... পাওয়া যায়। শূন্যস্থানে কী হবে?

A. ঈশ্বরকে　　B. সত্যকে　　C. ধর্মকে　　D. আত্মাকে

ব্যাখ্যা : প্রাবন্ধিক কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• ভুলের মধ্য দিয়ে গিয়েই পাওয়া যায়- সত্যকে।
• আপন সত্যকে গুরু, পথপ্রদর্শক ভাবটা- মন্দের ভালো।
• মানুষ সত্যকে অস্বীকার করে - খুব বেশি বিনয় দেখিয়ে।
• মানুষকে ক্রমেই ছোট করে ফেলে তার - সত্যকে অস্বীকার।
• অভিশাপ রথের সারথি (নাবিক) হলেন- লেখক নিজেই।
• এখানে অভিশাপ রথ হলো- ভুল, মেকি, অসত্যের ধ্বংসকারি রথ।
Ans : B.

26. মাইকেল মধুসূদন দত্ত শিবপুরের বিশপ্স কলেজে কোন কোন ভাষা শেখেন?

A. ল্যাটিন, হিব্রু ও ফরাসি　　B. গ্রিক, ল্যাটিন ও হিব্রু
C. জার্মান, ল্যাটিন ও হিব্রু　　D. গ্রিক, সংস্কৃত ও ল্যাটিন

ব্যাখ্যা : কবি মাইকেল মধুসূদন দত্ত সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• তিনি খ্রিষ্টধর্ম গ্রহণ করলে - হিন্দু কলেজ ত্যাগ করেন।
• এরপর বিশপ্স কলেজে অধ্যয়নকালে আয়ত্ত করেন- গ্রিক, ল্যাটিন, হিব্রু।
• তিনি মাতৃভাষা বাংলায় রচিত অমর কাব্যের- স্রষ্টা।
• তিনি বাংলা সাহিত্যের প্রথম- বিদ্রোহী কবি।
• তিনি বাংলা সাহিত্যের প্রথম এবং একমাত্র- মহাকাব্য রচয়িতা।
• তিনি একাধারে জানতেন- বাংলা, সংস্কৃত, ইংরেজি, গ্রিক, ল্যাটিন, হিব্রু, ফরাসি, জার্মান ও ইতালি ভাষা।
Ans : B.

27. 'ঐক্যতান' কবিতাটি কোন ছন্দে রচিত?

A. সমিল প্রবহমান অক্ষরবৃত্ত　　B. অমিল প্রবহমান অক্ষরবৃত্ত
C. সমিল প্রবহমান স্বরবৃত্ত　　D. সমিল প্রবহমান মাত্রাবৃত্ত

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

28. জীবনানন্দ দাশ কবিতায় যে জগৎ তৈরি করেন তা-

A. নির্মল ও নিসর্গের　　B. প্রকৃতি ও প্রত্যয়ের
C. সূক্ষ্ম ও তীব্র আবেগের　　D. সূক্ষ্ম ও গভীর অনুভবের

ব্যাখ্যা : কবি জীবনানন্দ দাশ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• তিনি কবিতায় তৈরি করেন - সূক্ষ্ম ও গভীর অনুভবের জগৎ।
• তার আঁকা গ্রামবাংলার নিসর্গের ছবি - তুলনা রহিত।
• ব্যক্তিমানুষের নিঃসঙ্গতা, আধুনিক জীবনের বিচিত্র যন্ত্রণা ও হাহাকার এবং জীবন ও জগতের রহস্য সন্ধানে তার সৃষ্ট কবিতাবলি- অপ্রতিম।
• তাঁর কবিতায় স্থান পেয়েছে - উপমা, প্রতীক, চিত্রকল্প, রঙের ব্যবহার।
• ১৯৭১ সালে মুক্তিবাহিনীকে অনুপ্রাণিত করে - তাঁর নির্দিষ্ট বিষয়ক কবিতাগুলো।
Ans : D.

29. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি কত সালে কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

A. ১৩৪৭ বঙ্গাব্দে, 'প্রবাসী'　　B. ১৯৩৫ সালে, 'মাসিক মোহাম্মদী'
C. ১৯৩২ সালে, 'বিজলী'　　D. ১৩৩৫ বঙ্গাব্দে, 'নবযুগ'

ব্যাখ্যা : কবি সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• কবিতাটি প্রথম প্রকাশিত হয় - ১৯৩৫ সালে মাসিক মোহাম্মদীতে।
• এ কবিতায় অভিব্যক্তি পেয়েছে - প্রকৃতি ও মানবমনের সম্পর্ক।
• মানবমনের অফুরন্ত আনন্দের উৎস - প্রকৃতির সৌন্দর্য।
• বসন্ত কবি মনকে স্পর্শ করতে পারেনা - শীতের রিক্ততার কারণে।
• কবিতাটিতে প্রকাশ পেয়েছে - কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত।
• কবির জীবনে প্রচণ্ড শূন্যতা নেমে আসে - স্বামীর বিয়োগে।
Ans : B.

30. 'শোনো একটি মুজিবুরের থেকে লক্ষ মুজিবুরের কণ্ঠ'- এই গানের গীতিকার কে?

A. অংশুমান রায়　　B. মোহাম্মদ মনিরুজ্জামান
C. গৌরীপ্রসন্ন মজুমদার　　D. নজরুল ইসলাম বাবু

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু গান ও গীতিকার :

| গান | গীতিকার |
| --- | --- |
| শোনো একটি মুজিবুরের থেকে লক্ষ মুজিবুরের কণ্ঠ | গৌরীপ্রসন্ন মজুমদার |
| বাংলার মাটি বাংলার জল | রবীন্দ্রনাথ ঠাকুর |
| দুর্গম গিরি কান্তার | কাজী নজরুল ইসলাম |
| জন্ম আমার ধন্য হল | নঈম গহর |
| জয় বাংলা বাংলার জয় | গাজী মাযহারুল আনোয়ার |

Ans : C.

CS CamScanner

**31. ব্রিটিশ বিরোধী আন্দোলন-**

A. ভাষা আন্দোলন　B. কৈবর্ত বিদ্রোহ
C. আলীগড় আন্দোলন　D. ফকির সন্ন্যাসী আন্দোলন

ব্যাখ্যা : • ব্রিটিশ বিরোধী আন্দোলন- 'ফকির সন্ন্যাসী আন্দোলন'।
• ইস্ট-ইন্ডিয়া কোম্পানি ক্ষমতা লাভের পর সর্বপ্রথম যে বিদ্রোহ হয়েছিল তা ইতিহাসে 'ফকির বিদ্রোহ' নামে পরিচিত।
• ফকিররা ১৭৬০ থেকে ১৮০০ সাল পর্যন্ত উত্তর ও পশ্চিমবঙ্গ এবং বিহারের বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিলেন। ফকিরদের সাথে সন্ন্যাসীরাও ঐক্যবদ্ধ হয়েছিলেন এবং ইস্ট-ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে বিদ্রোহ করেছিলেন।
• ফকির-সন্ন্যাসীগণ মীর কাসিমের পক্ষে যুদ্ধও করেছিলেন।
• 'কৈবর্ত বিদ্রোহ' এটিকে ভারতবর্ষের সফল বিদ্রোহ হিসেবে অভিহিত করা হয়। 'কৈর্বত বিদ্রোহ' বলতে পাল কর্মচারী দিব্যের নেতৃত্বে শুরু হওয়া কৈর্বত সম্প্রদায়ের তৎকালীন রাজা দ্বিতীয় মহীপালের 'পাল' সম্রাজের বিরুদ্ধে বিপ্লব কে বোঝায়।
• স্যার সৈয়দ আহমেদ খাঁ 'আলিগড় আন্দোলন' শুরু করেন। এই আন্দোলনের উদ্দেশ্য ছিল পিছিয়ে পড়া মুসলমান সম্প্রদায়কে যুক্তিবাদী আধুনিক পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত করে তোলা।

**Ans : D.**

**32. 'সবকটা জানালা খুলে দাও না' গীতবাণী সম্পর্কিত-**

A. দেশবন্ধু　B. শেরেবাংলা
C. ক্ষুদিরাম　D. বঙ্গবন্ধু

ব্যাখ্যা : • 'সবকটা জানালা খুলে দাওনা' গীতবাণী 'বঙ্গবন্ধু' সম্পর্কিত।
• মূলত এটি মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার প্রতি সম্মান জানানোর উদ্দেশ্যে লেখা হয়েছিল।
• এখানে বঙ্গবন্ধু বাদে বাকিরা মুক্তিযুদ্ধের পূর্বেই মৃত্যুবরণ করেছিলেন।
• গানটি ১৯৮২ সালে প্রকাশিত হয়।
• এটি বাংলা ভাষার রচিত একটি দেশাত্মবোধক সঙ্গীত।
• স্বাধীনতা দিবসের জন্য বাংলাদেশ টেলিভিশনের নির্মিত বিশেষ অনুষ্ঠানের জন্য প্রস্তুতকৃত এই সঙ্গীত বা গানের গীতিকার নজরুল ইসলাম বাবু।
• এই গানে কণ্ঠ দেন সাবিনা ইয়াসমিন।
• এই গানের গীতিকার ও সুরকার দুজনই মুক্তিযোদ্ধা ছিলেন।

**Ans : D.**

**33. ফসলি সনের সঙ্গে সম্পর্কিত ব্যক্তি কে?**

A. হুমায়ুন　B. আকবর
C. শাহজালাল　D. জালালুদ্দিন রুমি

ব্যাখ্যা : • ফসলি সনের সঙ্গে সম্পর্কিত - 'আকবর'।
• সম্রাট আকবরের শাসন আমলে বাংলা সনের যাত্রা শুরু হয়। সে সময় হিজরি ক্যালেন্ডার ধরে রাজকার্য পরিচালনা হতো। চন্দ্রবর্ষে ব্যবহারে কিছু জটিলতা দেখা দেয়।
• জমির খাজনা পরিশোধে কৃষকদের জটিলতার মধ্যে পড়তে হতো। এছাড়া ঋতু অনুযায়ী ফসল চাষ হতো। যে কারণে ফসল না তুলতে পারলে খাজনার সময় এলে বিপাকে পড়ত কৃষক শ্রেণী।
• জমির খাজনা মেটাতে সম্রাট আকবর ফসলি সন তৈরির দিকে নজর দেন। সম্রাট আকবরের নির্দেশে এবং বিজ্ঞ রাজ জ্যোতিষী ও পণ্ডিত আমির ফতেহ উল্লাহ সিরাজী বাংলাসন তৈরিতে গবেষণা শুরু করেন।
• হিজরি সনের জটিলতা এরিয়ে সৌর সন ধরে তিনি 'ফসলি সন' তৈরি করেন।

**Ans : B.**

**34. দক্ষিণ-পূর্ব বাংলার রাজবংশের মধ্যে একটি-**

A. পাল বংশ　B. চালুক্য বংশ
C. মৌখারি বংশ　D. খড়গ বংশ

ব্যাখ্যা : • দক্ষিণ-পূর্ব বাংলার রাজবংশের মধ্যে একটি- খড়গ বংশ।
• সপ্তম শতকের দ্বিতীয়ার্ধে মগধ ও গৌড়ে পরবর্তী গুপ্তবংশীয় রাজাগণ প্রভুত্ব স্থাপন করেন। এ সময় খড়গ বংশের রাজারা দক্ষিণ-পূর্ব বাংলার একটি স্বাধীন রাজ্যের সৃষ্টি করেন। তাদের রাজধানীর নাম ছিল কর্মান্ত বাসক। খড়গদের অধিকার ত্রিপুরা ও নোয়াখালী অঞ্চলের উপর বিস্তৃত ছিল।
• পাল বংশ ছিল ভারতীয় উপমহাদেশের পরবর্তী ধ্রুপদি যুগের একটি সম্রাজ্য। বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু হয় পাল বংশের রাজত্বকালে। পাল বংশের রাজারা একটানা ৪০০ বছর শাসন করেন।
• খ্রিস্টীয় ৬ষ্ঠ শতাব্দীর শেষ ভাগে কনৌজকে কেন্দ্র করে মৌখারি নামক এক পরাক্রম বংশের উত্থান হয়। হরিবর্মণ ছিলেন মৌখারি বংশের প্রতিষ্ঠাতা।
• চালুক্য বংশ দক্ষিণ ভারতের একটি প্রাচীন সম্রাজ্য। এই সম্রাজ্য ৬ষ্ঠ শতক থেকে বার শতক পর্যন্ত শাসন করে। চালুক্য বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন 'দ্বিতীয় পুলকেশি'।

**Ans : D.**

**35. গণঅভ্যুত্থান সম্পর্কিত ব্যক্তি কে?**

A. সার্জেন্ট জহুরুল হক　B. বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল
C. শহিদ রফিক　D. শহিদ বরকত

ব্যাখ্যা : • গণঅভ্যুত্থানের সাথে সম্পর্কিত ব্যক্তি 'সার্জেন্ট জহুরুল হক'।
• ১৯৬৯ সালে পূর্ব পাকিস্তানের জনগণ ১৯৬৬ সালের ছয় দফা ও ১১ দফা দাবিতে এবং শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে আনিত আগরতলা ষড়যন্ত্র মামলার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলে।
• ১৯৬৯ সালের ৮ জানুয়ারি অধিকাংশ রাজনৈতিক দলের প্রতিনিধিগণ ঢাকায় মিলিত হয়ে ৮ দফা কর্মসূচীর ভিত্তিতে, 'গণতান্ত্রিক সংগ্রাম পরিষদ' গঠন করে।
• গণ আন্দোলনের সময় পুলিশের গুলিতে, ২০ জানুয়ারি ছাত্র ইউনিয়নের নেতা আসাদুজ্জামান আসাদ শহীদ হয়।
• ১৫ ফেব্রুয়ারি ঢাকা সেনানিবাসে আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম আসামি সার্জেন্ট জহুরুল হককে হত্যা করা হয়।
• ১৮ ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শামসুজ্জোহাকে হত্যা করা হলে পূর্ব পাকিস্তান গণ আন্দোলন দেয়।
• ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি আগরতলা মামলা প্রত্যাহার এবং বন্দীদের নিঃশর্ত মুক্তি দেওয়া হয়।

**Ans : A.**

**36. কৌটিল্য সম্পর্কিত গ্রন্থ কোনটি?**

A. নীতিশাস্ত্র　B. ভাষাশাস্ত্র
C. অর্থশাস্ত্র　D. চিকিৎসাশাস্ত্র

ব্যাখ্যা : • কৌটিল্য সম্পর্কিত গ্রন্থ- 'অর্থ শাস্ত্র'।
• কৌটিল্য বা চাণক্য (খ্রিস্টপূর্ব ৩৭০-২৮৩ অব্দ) একজন প্রাচীন অর্থনীতিবিদ, দার্শনিক ও রাজ উপদেষ্টা।
• কৌটিল্য রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি বিষয়ে প্রাচীন ভারতের একজন দিকপাল ছিলেন এবং তার তত্ত্বগুলি চিরায়ত অর্থনীতির বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।
• কৌটিল্য প্রাচীন ভারতের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান 'তক্ষশীলা বিশ্ববিদ্যালয়' থেকে শিক্ষা লাভ করেন।
• কৌটিল্য 'অর্থশাস্ত্র ও চাণক্যনীতি' নামক দুইটি গ্রন্থ রচনা করেছিলেন।
• কৌটিল্য চন্দ্রগুপ্ত মৌর্যের উপদেষ্টা ছিলেন।

**Ans : C.**

CamScanner

**37. ক্ষুদিরামের সঙ্গী ছিলেন কে?**

A. অরবিন্দ B. বারীন্দ্র C. প্রফুল্ল চাকী D. সুভাষ বসু

ব্যাখ্যা : • ক্ষুদিরামের সঙ্গী ছিলেন 'প্রফুল্ল চাকী'।

• ক্ষুদিরাম বোস (জন্ম: ৩ ডিসেম্বর ১৮৮৯, মৃত্যু: ১১ আগস্ট ১৯০৮) ছিলেন ব্রিটিশ ভারতীয় বাঙালি বিপ্লবী কবি যিনি ব্রিটিশ শাসনের বিরোধীতা করেন।

• ক্ষুদিরাম প্রফুল্ল চাকীর সঙ্গে মিলে ব্রিটিশ বিচারক, ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড কে গুপ্ত হত্যা করার জন্য বোমা ছুড়েছিল। ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড অন্য গাড়িতে ছিলেন এই ঘটনার ফলে ২ জন ব্রিটিশ মহিলার মৃত্যু হয়।

• প্রফুল্ল চাকী গ্রেপ্তারের আগেই আত্মহত্যা করেন এবং ক্ষুদিরাম গ্রেপ্তার হয়।

• দুজন ব্রিটিশ মহিলাকে হত্যার দায়ে তার ফাঁসির আদেশ হয়।

• ফাঁসি হওয়ার সময় ক্ষুদিরামের বয়স ছিল ১৮ বছর ৭ মাস এবং ১১ দিন।

**Ans : C.**

**38. *History* শব্দটির উৎস কোনটি?**

A. Historic B. Historian

C. Historiography D. Historia

ব্যাখ্যা: • History বা ইতিহাস শব্দটির উৎপত্তি হয়েছে গ্রিক শব্দ Historia থেকে।

• History বা ইতিহাস শব্দের অর্থ হলো মানুষের অতীত ঘটনা ও কার্যাবলীর অধ্যায়ন।

• 'ইতিহাস' বৃহৎ একটি বিষয় হওয়া সত্ত্বেও কখনও মানবিক বিজ্ঞান এবং কখনও সামাজিক বিজ্ঞানের একটি শাখা হিসেবে আলোচিত হয়েছে।

• 'হেরোডোটাসকে' ইতিহাসের জনক হিসেবে আখ্যায়িত করা হয়।

**Ans : D.**

**39. জাতিসংঘ ঘোষণাপত্র স্বাক্ষরিত হয়-**

A. ১৯৪১ সালে B. ১৯৪২ সালে C. ১৯৪৩ সালে D. ১৯৪৪ সালে

ব্যাখ্যা : • দ্বিতীয় বিশ্বযুদ্ধের মিত্রদের আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা "জাতিসংঘের ঘোষণাপত্র" ছিল মূল চুক্তি। ১৯৪২ এবং ১৯৪৫ এর মধ্যে ৪৭ টি জাতীয় সরকার এতে স্বাক্ষর করেছে।

• নতুন বছরের দিন ১৯৪২ সালে "আর্কিডিয়া সম্মেলনের" (যা ফার্স্ট ওয়াশিংটন কনফারেন্স নামে পরিচিত) সময় মিত্র "বিগ-৪" (মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ, ইউএসএসআর এবং চীন) একটি সংক্ষিপ্ত দলিল স্বাক্ষর করে যা পরে আসে জাতিসংঘের ঘোষণা হিসেবে।

**Ans : B.**

**40. মিত্রশক্তি সেন্টজার্মেইনের সন্ধি করে-**

A. অস্ট্রিয়ার সঙ্গে B. বুলগেরিয়ার সঙ্গে

C. তুরস্কের সঙ্গে D. জার্মানির সঙ্গে

ব্যাখ্যা : • মিত্র শক্তি সেন্ট জার্মেইন সন্ধি করে 'অস্ট্রিয়ার' সঙ্গে।

• প্রথম বিশ্বযুদ্ধের পর বিজয়ী মিত্রশক্তি পরাজিত জার্মানী ও তার মিত্র দেশের গৃহীত নীতিগুলির সঙ্গে শান্তি চুক্তি সম্পাদনের জন্য ফ্রান্সের রাজধানী প্যারিসে ১৯১৯ খ্রিস্টাব্দে প্যারিস শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়।

• এরপর ২৮জুন ১৯১৯ খ্রিস্টাব্দে জার্মানির সহিত ভার্সাইয়ের সন্ধি এবং ১০ সেপ্টেম্বর অস্ট্রিয়ার সহিত সেন্ট জার্মেইন সন্ধি হয়।

• অস্ট্রিয়ার সাথে মিত্রশক্তি সেন্ট জার্মেইন চুক্তি স্বাক্ষরিত হয় এবং এ চুক্তির বিভিন্ন ধারা পুরাতন অস্ট্রিয়া-হাঙ্গেরি সাম্রাজ্যকে দুর্বল ও পঙ্গু করে ফেলে। জাতীয়তাবাদ নীতিকে ফর্মুলা হিসেবে গ্রহণ করে উক্ত সাম্রাজ্যকে একাধিক নতুন রাষ্ট্রে বিভক্ত করা হয়।

• অস্ট্রিয়ান একটি জেলা পোল্যান্ডকে দেয়া হয় এবং হাঙ্গেরিকে অস্ট্রিয়া হতে বিচ্ছিন্ন করা হয়। অস্ট্রিয়াকে একটি ক্ষুদ্র রাষ্ট্রে পরিণত করা হয়।

**Ans : A.**

**41. এদেশে সর্বপ্রথম স্বল্প পরিসরে কী নামে বেতারের কার্যক্রম শুরু হয়?**

A. ধ্বনি বিস্তার কেন্দ্র B. অল ইন্ডিয়া রেডিও

C. পাকিস্তান বেতার D. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র

ব্যাখ্যা : • এদেশে স্বল্প পরিসরে 'ধ্বনি বিস্তার কেন্দ্র' নামে বেতার কার্যক্রম শুরু হয়।

• মূলত ১৯৩৯ সালের ১৬ই ডিসেম্বর নাজিমুদ্দীন রোডের ভাড়া বাড়িতে 'ধ্বনি বিস্তার কেন্দ্র' নামে বেতার সম্প্রচার কার্যক্রম শুরু হয়।

• বাংলাদেশ বেতারে প্রচারিত প্রথম বাংলা নাটক এর নাম হচ্ছে 'কাঠ ঠোকরা'।

• বাংলাদেশ বেতারের প্রথম নাট্যকার- 'বুদ্ধদেব বসু'।

• বাংলাদেশে বেতার স্টেশন ১৩টি।

• বাংলাদেশ টেলিভিশন স্থাপিত হয় ২৫ ডিসেম্বর ১৯৬৪ সালে।

• বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত প্রথম নাটক - একতলা দোতলা।

**Ans : A.**

**42. 'সময়ের সাথে আগামীর পথে' কোন টেলিভিশন চ্যানেলের স্লোগান?**

A. মাছরাঙা B. বিটিভি C. এনটিভি D. আরটিভি

ব্যাখ্যা : • 'সময়ের সাথে আগামীর পথে'- এনটিভি টেলিভিশন চ্যানেলের স্লোগান। এনটিভি ২০০৩ সালে যাত্রা শুরু করে।

অন্যান্য টেলিভিশন চ্যানেলের স্লোগান :

• বিটিভি - কথা বলে দেশ, মাটি ও মানুষের।

• বৈশাখী টেলিভিশন - 'মুক্তিযুদ্ধের চেতনায়'।

• এটি এন বাংলা - অবিরাম বাংলার মুখ।

• আরটিভি - আজ এবং আগামীর।

• বাংলাভিশন - দৃষ্টি জুড়ে দেশ।

• মাই টিভি - সৃষ্টিতে বিস্ময়।

• এটিএন নিউজ - বাংলার ২৪ ঘন্টা।

• যমুনা টিভি - সামনে থাকে, সামনে রাখে।

• একাত্তর টেলিভিশন - সংবাদ নয় সংযোগ।

• জি টিভি - যা দেখতে চান পাবেন।

• চ্যানেল টুয়েন্টিফোর - সব সময়, সব দিকের, সব খবর।

• সময় টিভি - সময়ের প্রয়োজনে সময়।

**Ans : C.**

**43. কোন প্রতিষ্ঠান পত্রিকার সার্কুলেশন নিরীক্ষা করে?**

A. তথ্য অধিদপ্তর B. প্রেস কাউন্সিল

C. পিআইবি D. চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

ব্যাখ্যা : • 'চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর' পত্রিকার সার্কুলেশন নিরীক্ষা করে।

• চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর বাংলাদেশ তথ্য মন্ত্রনালয়ের আওতাধীন একটি সরকারি সংস্থা বা অধিদপ্তর।

• এর প্রধান কার্যালয়- ১১২ সার্কিট রোড, ঢাকায় অবস্থিত।

• চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর গঠিত হয় ২১ জুন ১৯৭৬।

• এই অধিদপ্তর তথ্য মন্ত্রনালয়ের অধীনে গুরুত্বপূর্ণ কার্য সম্পাদন করে থাকে তার মধ্যে উল্লেখযোগ্য হলো- চলচ্চিত্র ও প্রকাশনা বিষয়ে বিভিন্ন নথিপত্র সংগ্রহ করা, বাংলাদেশের সংবাদপত্র সমূহের নিবন্ধন, নামের ছাড়পত্র প্রদান, অন্যান্য প্রকাশনার নিবন্ধন এবং বাংলাদেশের প্রকাশনার ইতিহাসকে সংরক্ষণ করা।

**Ans : D.**

**44. 'মোহাম্মদী' পত্রিকাটির মালিক কে ছিলেন?**

A. আব্বাস আলী B. মোহাম্মদ আকরম খাঁ

C. মুনশী আব্দুর রহিম D. হাজী আবদুল্লাহ

ব্যাখ্যা : • 'মোহাম্মদী পত্রিকার' মালিক ছিলেন- মোহাম্মদ আকরাম খাঁ।

• 'মোহাম্মদী পত্রিকা' ব্রিটিশ ভারতে মাওলানা আকরাম খাঁ কর্তৃক প্রতিষ্ঠিত মাসিক পত্রিকা।

• মোহাম্মদী পত্রিকার প্রতিষ্ঠা কাল ১৯০৩ খ্রিস্টাব্দে এবং প্রকাশনা স্থগিত করা হয় ১৯৭০ খ্রিষ্টাব্দে।

• সম্পাদক ছিলেন- (i) মোহাম্মদ আকরাম খাঁ (ii) মজিবুর রহমান খাঁ (iii) বদরুল আনাম খাঁ

• মোহাম্মদী পত্রিকার উদ্দেশ্য ছিল বাংলার মুসিলমদের মধ্যে স্বতন্ত্র সাহিত্য - সংস্কৃতির ধারা তৈরি, দ্বিজাতি তত্ত্বভিত্তিক মুসলিম জাতীয়তাবাদের বিকাশ, পাকিস্তানি ভাবধারা প্রসার বৃদ্ধি।

**Ans : B.**

CS CamScanner

**45.** নিচের কোনটি সংবাদসংস্থা নয়?

A. এপি
B. এএফপি
C. বিবিসি
D. সিনহুয়া

ব্যাখ্যা : • 'বিবিসি' সংবাদ সংস্থা নয়।
• 'বিবিসি' এর পূর্ণরূপ হলো - ব্রিটিশ ব্রডকাস্টিং কর্পোরেশন।
• এর স্লোগান হলো - লাইভ দ্য স্টোরি।
• পৃথিবীর প্রথম জাতীয় সম্প্রচার প্রতিষ্ঠান হচ্ছে - বিবিসি।
• ব্রিটিশ ব্রডকাস্টিং কোম্পানি ১৪ নভেম্বর ১৯২২ সালে রেডিও স্টেশন ২২০ থেকে প্রথম বেতার বুলেটিন সম্প্রচার করে।
• এএফপি- বিশ্বের প্রাচীনতম সংবাদ সংস্থা। ১৮৩৫ সালে এএফপি প্রতিষ্ঠা করেন- চার্লস লুইস হ্যাভাস।
• এপি- যুক্তরাষ্ট্র ভিত্তিক সংবাদ সংস্থা।
• সিনহুয়া- চীন ভিত্তিক সংবাদ সংস্থা।

**Ans : C.**

**46.** বাংলাদেশের প্রথম নারী চলচ্চিত্র পরিচালক কে?

A. সুজাতা
B. মৌসুমী
C. মানজান আরা বেগম
D. রোজী সিদ্দিকী

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম নারী চলচ্চিত্র পরিচালক - 'মানজান আরা বেগম'।
• তার পরিচালিত প্রথম ছবির নাম- বিন্দু থেকে বৃত্ত।
• এটি ১৯৭০ সালে মুক্তি পায়।
• তিনি রেবেকা নামে অত্যধিক পরিচিত।

**Ans : C.**

**47.** 'স্টপ ডেঙ্গু' কী?

A. ওষুধ
B. মোবাইল অ্যাপ
C. স্লোগান
D. পরিচ্ছন্ন অভিযান

ব্যাখ্যা : • 'স্টপ ডেঙ্গু' একটি মোবাইল অ্যাপ।
• ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বাড়াতে ও দেশজুড়ে ছড়িয়ে পড়া ডেঙ্গুর ছোবল থেকে মুক্তি পেতে, 'স্টপ ডেঙ্গু' নামের মোবাইল অ্যাপ চালু করা হয়েছে।
• সরকারের পাঁচটি মন্ত্রণালয় ও বিভাগ এবং চারটি সংস্থা একত্রে অ্যাপটি তৈরি করেছে।
• অ্যাপটি তৈরির কাজ তত্ত্বাবধান করেছে ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)

**Ans : B.**

**48.** সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে ইসলামকে রাষ্ট্রধর্ম হিসেবে ঘোষণা করা হয়?

A. অষ্টম  B. নবম  C. ত্রয়োদশ  D. চতুর্দশ

ব্যাখ্যা : • সংবিধানের 'অষ্টম' সংশোধনীর মাধ্যমে ইসলামকে রাষ্ট্রধর্ম হিসেবে ঘোষণা করা হয়।
• বাংলাদেশে সর্বপ্রথম সংবিধান রচনা করা হয় ১৯৭২ সালে। তখন সংবিধানে রাষ্ট্রধর্মের কথা উল্লেখ ছিল না।
• ১৯৮৮ সালের '৫' জুন চতুর্থ জাতীয় সংসদে সংবিধানের অষ্টম সংশোধনী পাস হয়। সেই সংশোধনীতে ইসলামকে রাষ্ট্রধর্ম হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।
• বাংলাদেশের সংবিধানে ইসলামকে রাষ্ট্রধর্ম হিসেবে অন্তর্ভুক্ত করার প্রথম উদ্যোগ নেন হুসেইন মুহম্মদ এরশাদ।
• সংবিধানে ২নং অনুচ্ছেদের পরে ২(ক) অনুচ্ছেদ যোগ করা হয়। এতে বলা হয় "প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে অন্যান্য ধর্ম ও প্রজাতন্ত্রে শান্তিতে পালন করা যাইবে"।

**Ans : A.**

**49.** বিমান বাংলাদেশ এয়ারলাইনসে সংযুক্ত তৃতীয় বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার কোনটি?

A. হংসবলাকা
B. আকাশবীণা
C. গাংচিল
D. শঙ্খচিল

ব্যাখ্যা : • বিমান বাংলাদেশ এয়ার লাইন্সে সংযুক্ত তৃতীয় বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার এর নাম 'গাংচিল'।
• বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে যুক্ত হওয়া মোট ড্রিমলাইনার ৬টি।
• বাংলাদেশ বিমানে মোট উড়োজাহাজের সংখ্যা ১৮টি।
• বিমান বাংলাদেশ এয়ার লাইন্সে যুক্ত হওয়া নতুন ৬টি ড্রিমলাইনারের নাম-
(i) হংসবলাকা (ii) আকাশবীণা (iii) গাংচিল
(iv) শঙ্খচিল (v) সোনার তরী (vi) অচিন পাখি
• বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে যুক্ত হওয়া সর্বশেষ ড্রিমলাইনার ৭৮৭-৯ সোনারতরী ও অচিন পাখি।

**Ans : C.**

**50.** সম্প্রতি বাংলাদেশি অঞ্চল ফরম্যাট হিসেবে বাংলা ভাষার পাশাপাশি ফেসবুক প্ল্যাটফর্মে যুক্ত হওয়া ভাষা কোনটি?

A. চাকমা  B. ত্রিপুরা  C. মারমা  D. মণিপুরি

ব্যাখ্যা : • সম্প্রতি বাংলাদেশি অঞ্চল ফরম্যাট হিসেবে বাংলা ভাষার পাশাপাশি ফেসবুক প্ল্যাটফর্মে যুক্ত হয় 'চাকমা' ভাষা।
• বাংলাদেশ, ভারতসহ বিশ্বের অন্যান্য দেশ মিলিয়ে অন্তত ১০ থেকে ১৫ লাখ চাকমা ফেসবুক ব্যবহার করছে।
• ফেসবুকে চাকমা ভাষা যুক্ত করতে দীর্ঘদিন থেকে কাজ করেছেন জ্যোতি চাকমা।
• ফেসবুক সেটিংস থেকে চাকমা অঞ্চল ফরম্যাট সেট করে নেওয়া যাবে। সেটিংস অপশনে 'ল্যাঙ্গুয়েজ অ্যান্ড রিজিয়ন' অপশনে এটি পাওয়া যাবে।

**Ans : A.**

**51.** বৌদ্ধ দার্শনিক ছিলেন-

A. ফা হিয়েন
B. হিউয়েন সাঙ
C. শীলভদ্র
D. A + B

ব্যাখ্যা : • বৌদ্ধ দার্শনিক ছিলেন 'শীলভদ্র'।
• মহাস্থবির শীলভদ্র (৫২৯-৬৫৪) বৌদ্ধ শাস্ত্রের একজন শাস্ত্রজ্ঞ দার্শনিক ছিলেন।
• তিনি নালন্দা মহাবিহার বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন।
• শীলভদ্র মহাবিহার বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ আচার্য ধর্মপালের অধীনে শিক্ষালাভ করেন।
• আচার্য ধর্মপালের মৃত্যুর পর মহাস্থবির শীলভদ্র মহাবিহার বিশ্ববিদ্যালয়ের আচার্য নিযুক্ত হন।
• ফা হিয়েন ছিলেন চৈনিক তীর্থযাত্রী। তিনি দ্বিতীয় চন্দ্রগুপ্তের শাসনামলে ভারতে এসেছিলেন। তিনিই চৈনিক পরিব্রাজকদের মধ্যে প্রথম ভারতে আসেন।
• হিউয়েন সাঙ- চৈনিক বৌদ্ধ তীর্থযাত্রী। তিনি ৬৩০ খ্রিস্টাব্দে ভারতে আসেন। রাজা হর্ষবর্ধনের দরবারে তিনি আট বছর কাটান। হিউয়েন সাঙ নালন্দা মহাবিহার বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ শীলভদ্রের কাছে বৌদ্ধধর্ম অধ্যয়ন করেন।

**Ans : C.**

**52.** গন্ডোয়ানা ল্যান্ড কোনটি?

A. দিনাজপুর
B. যশোর
C. কুষ্টিয়া
D. ভোলা

ব্যাখ্যা : • গন্ডোয়ানা ল্যান্ড হলো 'দিনাজপুর'।
• গন্ডোয়ানা ল্যান্ড (অন্য নাম গন্ডোয়ানা) একটি প্রাচীন অতিমহাদেশের নাম।
• দক্ষিণ গোলার্ধের অধিকাংশ ভূ-ভাগ এই মহাদেশের অন্তর্গত ছিল।
• অস্ট্রীয় বিজ্ঞানী এডুয়ার্ড সুয়েস ভারতের মধ্য-উত্তর অংশের 'গোণ্ডবন' এলাকার নামে এ নামটি দেন।
• দিনাজপুর জেলা বাংলাদেশের উত্তর পশ্চিমাঞ্চলের রংপুর বিভাগের একটি অন্যতম প্রাচীন ও বৃহৎ জেলা।
• দিনাজপুর জেলা উত্তরবঙ্গের ১৬টি জেলার মধ্যে বৃহত্তম।
• এই অঞ্চল ভূতাত্ত্বিকভাবে ভারতীয় প্লেটের অংশ যা আদি জুরাসিক যুগে সৃষ্টি হওয়া গন্ডোয়ানা ল্যান্ডের অংশ ছিল।

**Ans : A.**

CamScanner

**53. অবস্থান অনুযায়ী থোরাসিক কশেরুকার সংখ্যা কত?**

A. ১৮ B. ১৯
C. ১২ D. ১৪

ব্যাখ্যা : • অবস্থান অনুযায়ী থোরাসিক কশেরুকার সংখ্যা- ১২টি।
• কশেরুকা মানবদেহের মেরুদণ্ডের অংশ বিশেষ।
• মানব দেহে সর্বমোট ৩৩টি কশেরুকা থাকে। কশেরুকার মধ্যাস্থিত ফুটো দিয়ে মস্তিষ্ক থেকে স্নায়ু শরীরে প্রবেশ করে।
• একাধিক কশেরুকা একত্রিত হয়ে মেরুদণ্ড গঠন করে এবং একে স্থিতিস্থাপকতা প্রদান করে।
• মানুষের গ্রীবাদেশীয় কশেরুকা ৭টি।
• মানুষের কটিদেশীয় কশেরুকা ৫টি।
• মানুষের মুখমণ্ডলীয় অস্থির সংখ্যা ১৪টি।
• মানুষের উপাঙ্গীয় কঙ্কালে অস্থির সংখ্যা ১২৬টি।
• 'এক্সিস' গ্রীবাদেশীয় অঞ্চলের কশেরুকা।
**Ans : C.**

**54. হরপ্পা সভ্যতা কোন যুগের?**

A. প্রস্তর যুগের B. তাম্র-প্রস্তর যুগের
C. ঐতিহাসিক যুগের D. লৌহ যুগের

ব্যাখ্যা : • 'হরপ্পা সভ্যতা' তাম্র প্রস্তর যুগের।
• 'হরপ্পা' পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের একটি প্রত্নস্থল।
• প্রত্নস্থলটি 'রাভী নদীর' পুরানো খাতের ধারে অবস্থিত।
• পাঞ্জাব ও সিন্ধু অঞ্চলের সিন্ধু নদ উপত্যকায় ২৬০০ খ্রিস্টপূর্বাব্দ নাগাদ সিন্ধু সভ্যতার দুটি শহর হরপ্পা ও মহেঞ্জোদাড়ো গড়ে ওঠে।
• ১৯২০ এর দশকে সিন্ধের সুক্কুরের কাছে মহেঞ্জোদাড়োয় এবং লাহোরের দক্ষিণে পশ্চিম পাঞ্জাবের হরপ্পায় খনন কার্য চালিয়ে সিন্ধু সভ্যতার ধ্বংসাবশেষ আবিষ্কার করা হয়।
• ব্রিটিশ আমলে প্রাচীন হরপ্পা শহরটি ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। এই শহরের ধ্বংসাবশেষ থেকে ইট এনে তা লাহোর-মূলতান রেলপথ নির্মাণের কাজে ব্যবহৃত হয়।
**Ans : B.**

**55. বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী মুসলমান?**

A. গারো B. চাকমা
C. সাঁওতাল D. পাঙন

ব্যাখ্যা : • বাংলাদেশের 'পাঙন' ক্ষুদ্র নৃগোষ্ঠী মুসলমান।
• পাঙনদের অবস্থান - মৌলবীবাজার।
• সরকারি হিসেবে দেশে মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা - ৫০টি।
• বাংলাদেশের বৃহত্তম উপজাতি - 'চাকমা'।
• বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি - সাওতাল।
• পার্বত্য চট্টগ্রামে মোট উপজাতি বসবাস করে - ১২টি।
• বাংলাদেশে উপজাতি ভাষার সংখ্যা - ৩২টি।
• উপজাতীয় বর্ষবরণ উৎসবকে সামগ্রিকভাবে বলা হয় - বৈসাবি।
• জলকেলি - রাখাইনদের উৎসব।
• গারোদের স্থানীয় ভাষা - মান্দি ভাষা।
• পাঙনরা যে ভাষায় কথা বলে - মৈ তৈ মণিপুরী ভাষা।
• বাংলাদেশে উপজাতীয় প্রতিষ্ঠান আছে - ৮টি।
**Ans : D.**

**56. বাংলাদেশের প্রথম জাদুঘর কোনটি?**

A. ঢাকা জাদুঘর B. বরেন্দ্র জাদুঘর
C. নওগাঁ জাদুঘর D. ময়নামতি জাদুঘর

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম জাদুঘর - 'বরেন্দ্র জাদুঘর'।
• 'বরেন্দ্র জাদুঘর'- রাজশাহী শহরে স্থাপিত বাংলাদেশের প্রথম জাদুঘর। ১৯১৩ সালে স্থাপিত হয়।
• এই জাদুঘরটির প্রতিষ্ঠাতা - লর্ড কারমাইকেল।
• বরেন্দ্র গবেষণা জাদুঘর রাজশাহী মহানগরের কেন্দ্রস্থল - হেতেম-খাঁ তে অবস্থিত।
• প্রত্নতত্ত্ব সংগ্রহের দিক থেকে এটি দক্ষিণ এশিয়ার অন্যতম সংগ্রহ শালা।
**Ans : B.**

**57. কোন বাংলাদেশি পণ্যটিকে বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে?**

A. শীতল পাটি B. রসগোল্লা
C. মৃৎপাত্র D. মাটির গহনা

ব্যাখ্যা : • 'শীতল পাটি' নামে বাংলাদেশি পণ্যটিকে বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে।
• ২০১৭ সালের ৬ ডিসেম্বর বাংলাদেশের 'শীতল পাটি' ইউনেস্কোর নির্বস্তক সাংস্কৃতিক ঐতিহ্য তালিকায় স্থান পায়।
• 'শীতল পাটি' বাংলাদেশের একটি ঐতিহ্যগত কুটির শিল্প।
• ২০১৬ সালের ৩০ নভেম্বর, বাংলাদেশের 'মঙ্গল শোভাযাত্রা' ইউনেস্কোর ইনট্যানজিবল সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্থান পায়।
• ২০১৩ সালের ৪ ডিসেম্বর বাংলাদেশের 'জামদানির মেধা স্বত্ব (বুনন শিল্পরীতি)' কে ইউনেস্কো ইন্টেলেকচুয়াল প্রপার্টি স্বীকৃতি দেয়।
• ২০০৫ সালে বাংলাদেশের 'ঐতিহ্যবাহী বাউল গান' কে ইউনেস্কো মানবতার ধারক হিসেবে স্বীকৃতি দেয়।
**Ans : A.**

**58. শালবন বিহার কোথায় অবস্থিত?**

A. নওগাঁ B. বিক্রমপুর
C. কুমিল্লা D. বগুড়া

ব্যাখ্যা : • 'শালবন বিহার' কুমিল্লা'য় অবস্থিত।
• শালবন বিহার -শালবন বৌদ্ধ বিহার নামে পরিচিত। বাংলাদেশের প্রাচীন সভ্যতার নিদর্শনগুলোর মধ্যে অন্যতম।
• কুমিল্লা জেলার লালমাই ময়নামতি প্রত্নস্থলের অসংখ্য প্রাচীন স্থাপনাগুলোর একটি এই বৌদ্ধ বিহার।
• ধারনা করা হয়, খ্রিস্ট্রীয় সপ্তম শতাব্দীর শেষ থেকে অষ্টম শতাব্দীর প্রথম ভাগে দেববংশের চতুর্থ রাজা শ্রীভবদেব এ বৌদ্ধ বিহারটি নির্মাণ করেন।
• বিহারটির আশেপাশে এক সময় শাল-গজারির ঘন বন ছিল বলে এ বিহারটির নামকরণ হয়েছিল, 'শালবন বিহার'।
**Ans : C.**

**59. গ্রান্ড ট্রাঙ্ক রোড কে নির্মাণ করেন?**

A. শায়েস্তা খান B. আলীবর্দী খান
C. শেরশাহ্ D. ইসলাম খান

ব্যাখ্যা : • গ্রান্ড ট্রাঙ্ক রোড নির্মাণ করেন 'শের শাহ্'
• গ্র্যান্ড ট্রাঙ্ক রোড এশিয়ার অন্যতম প্রাচীন ও দীর্ঘতম সড়ক পথ। দুই শতাব্দীর ও অধিক সময় এটি উপমহাদেশের পূর্ব ও পশ্চিম অংশকে সংযুক্ত করে রাখে।
• এটি বাংলাদেশের নারায়ণগঞ্জের সোনারগাঁও থেকে শুরু হয়ে পশ্চিমবঙ্গের হাওড়া হয়ে পাকিস্তানের পেশাওয়ারের মধ্য দিয়ে আফগানিস্তানের কাবুল পর্যন্ত পৌঁছায়।
• এই সড়কের প্রাক্তন নাম ছিল - উত্তরপথ, শাহে রাহে আজম, সড়কে আজম, বাদশাহি সড়ক।
• এই সড়কটি নির্মাণ করেন 'সম্রাট শের শাহ্'। এর দৈর্ঘ্য ২৫০০ কি.মি.
**Ans : C.**

CamScanner

**60.** বাংলাদেশে প্রবেশের পর গঙ্গা নদীর নাম-

A. মেঘনা B. পদ্মা

C. যমুনা D. তিস্তা

ব্যাখ্যা : • বাংলাদেশে প্রবেশের পর গঙ্গা নদীর নাম - পদ্মা।

• গঙ্গা নদীর মূল প্রবাহ রাজশাহী অঞ্চলের দক্ষিণ পশ্চিম প্রান্তে পদ্মা নামে পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের সীমানা বরাবর এসে কুষ্টিয়ার উত্তর-পশ্চিম প্রান্তে বাংলাদেশে প্রবেশ করেছে।

• বাংলাদেশের প্রধান ও দীর্ঘতম নদী - পদ্মা (৩৪১ কিলোমিটার)।

• মেঘনা বাংলাদেশের গভীরতম নদী। আসামের বরাক নদী নাগ-মনিপুর অঞ্চল থেকে উৎপন্ন হয়ে সুরমা এবং কুশিয়ারা নামে দুটি শাখায় বিভক্ত হয়ে বাংলাদেশের সিলেট জেলায় প্রবেশ করেছে।

• বিভিন্ন নদীর পূর্ব নাম : পদ্মা - কীর্তিনাশা
যমুনা - জোনাই
ব্রহ্মপুত্র - লৌহিত্য
বুড়িগঙ্গা - দোলাই

• কর্ণফুলী বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী।

**61.** প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তীকালে ফ্রান্সের দ্বারা নির্মিত Maginot Line নিম্নলিখিত কোন দেশের সীমানার সাথে সংযুক্ত ছিল না?

A. সুইজারল্যান্ড B. জার্মানি

C. লুক্সেমবার্গ D. ইতালি

ব্যাখ্যা : • প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী কালে ফ্রান্সের দ্বারা নির্মিত Maginot Line অপশন এর ৪টি দেশের সাথেই সংযুক্ত ছিল।

• ১৯২৯-১৯৩৮ এ এটি তৈরি হয় এবং ১৯৩৫ থেকে ১৯৬৯ পর্যন্ত কার্যকর ছিল।

• প্রথম বিশ্বযুদ্ধের সময় জার্মানির ও ফ্রান্সের মধ্যে সীমানা হিসেবে সিগফ্রেড লাইন অঙ্কন করে জার্মানি।

• দ্বিতীয় বিশ্বযুদ্ধের কিছুকাল আগে জার্মানি ও ফ্রান্সের মধ্যে সীমানা হিসেবে ম্যাগিনট লাইন অঙ্কন করেছিল ফ্রান্স।

• এছাড়া অন্য কয়েকটি সীমানা হল :

(i) ডুরান্ড লাইন - ভারত ও আফগানিস্তানের মধ্যে অবস্থিত।

(ii) ম্যাকমোহন লাইন - ভারত ও চীনের মধ্যে অবস্থিত।

(iii) রেডক্লিফ লাইন - ভারত ও পাকিস্তানের মধ্যে অবস্থিত।

**Ans : নাই.**

**62.** ভারত কত সালে Arctic Council এ Observer-এর পদমর্যাদা লাভ করে?

A. ২০১০ সালে B. ২০১১ সালে

C. ২০১২ সালে D. ২০১৩ সালে

ব্যাখ্যা : • ভারত, ২০১৩ সালে Arctic Council এ Observer এর পদমর্যাদা লাভ করে।

• Arctic council গঠিত হয় সেপ্টেম্বর ১৯৯৬।

• আর্কটিক কাউন্সিল - আর্কটিক সার্কেলের ৮টি দেশ নিয়ে গঠিত - কানাডা, ডেনমার্ক, ফিনল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে, রাশিয়া, সুইডেন এবং মার্কিন যুক্তরাষ্ট্র।

• আর্কটিক কাউন্সিল গঠনের পদক্ষেপ নেওয়া হয় ১৯৯১ সালে যখন আটটি আর্কটিক দেশ 'আর্কটিক পরিবেশ সংরক্ষণ কৌশল' এ স্বাক্ষর করেন।

• ২০১৩ সালে সর্বমোট ৬টি দেশকে আর্কটিক কাউন্সিল এর পর্যবেক্ষক (Observer) এর পদমর্যাদা দেওয়া হয়। চীন, ভারত, ইতালি, জাপান, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর।

**Ans : D.**

**63.** Bonn Climate Change Conference কোন সালে অনুষ্ঠিত হয়?

A. ২০১৫ সালে B. ২০১৬ সালে

C. ২০১৭ সালে D. ২০১৮ সালে

ব্যাখ্যা : • Bonn Climate Change conference অনুষ্ঠিত হয় ২০১৭ সালে।

• এই সম্মেলন কপ ২৩ (COP-23) নামে ও পরিচিত।

• বিশ্বের ১৯৭টি দেশের ২৩,০০০ প্রতিনিধি ১২ দিনের জন্য এই সম্মেলনে অংশ নেন।

• এটি জার্মানির প্রাক্তন রাজধানী বনে (Bonn) অনুষ্ঠিত হয়।

• প্যারিস চুক্তির আওতায় একটি নিয়ন্ত্রক কাঠামো তৈরি করার লক্ষ্যে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

• নিয়ন্ত্রক কাঠামো তৈরি করার উদ্দেশ্যে যাতে দেশগুলো তাদের জন্য নির্ধারিত জলবায়ু লক্ষ্যমাত্রা পূরণ করেছে কিনা তার দিকে নজর রাখা সম্ভব হয়।

**Ans : C.**

**64.** কোন দেশে পৃথিবীর সর্ববৃহৎ ইউরেনিয়ামের খনি গচ্ছিত আছে?

A. রাশিয়া B. কাজাকিস্তান

C. নাইজার D. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা : • ২০০৯ সালের হিসাব অনুযায়ী ইউরেনিয়াম উৎপাদনের ক্ষেত্রে রপ্তানি বাজারে কাজাখস্তান ছিল সর্ববৃহৎ রপ্তানিকারক (২৭%)। কাজাখস্তানের পরেই আসে কানাডা (২০%) এবং অস্ট্রেলিয়া (১৬%)।

• বিশ্বের মোট ইউরেনিয়াম খনি রিজার্ভে ২৩%-ই আছে অস্ট্রেলিয়ায় এবং বিশ্বের সর্ববৃহৎ একক ইউরেনিয়াম গচ্ছিত আছে দক্ষিণ অস্ট্রেলিয়ার অলিম্পিক ড্যাম মাইনে। (সূত্র : উইকিপিডিয়া)

**Ans : D.**

**65.** রুশ-জাপান যুদ্ধ কোন সালে সংগঠিত হয়েছিল?

A. ১৯০১ সালে B. ১৯০২ সালে

C. ১৯০৩ সালে D. ১৯০৪ সালে

ব্যাখ্যা : • রুশ-জাপান যুদ্ধ সংঘটিত হয়েছিল '১৯০৪' সালে।

• বিংশ শতাব্দীর প্রারম্ভে রাশিয়া এবং জাপানের মধ্যে সংঘটিত হয়েছিল।

• রুশ-জাপান যুদ্ধের প্রধান কারণ ছিল- মাঞ্চুরিয়া ও কোরিয়া দেশ দুইটির সাম্রাজ্যবাদী স্বার্থ।

• যুদ্ধটি মূলত দক্ষিণ মাঞ্চুরিয়ার লিয়াওদং উপদ্বীপ ও মুকদনে, কোরিয়া ও জাপানের সীমান্তবর্তী সাগরসমূহে এবং পীত সাগরে সংঘটিত হয়েছিল।

• এই যুদ্ধে জাপান বিজয় লাভ করে।

• রুশ-জাপানের মধ্যে 'পোর্ট সমাউথের চুক্তি' স্বাক্ষরিত হয় এবং চুক্তি অনুযায়ী রাশিয়া কোরিয়ায় জাপানের অধিপত্য স্বীকার করে মাঞ্চুরিয়া থেকে সৈন্য প্রত্যাহার করে নেয় এবং শাখালীন দ্বীপের দক্ষিণাংশ জাপানের কাছে হস্তান্তর করে।

**Ans : D.**

**66.** টোংগার রাজধানী কোনটি?

A. আপিয়া B. হনিয়ারা

C. সুভা D. নুকুয়ালোফ'

ব্যাখ্যা : • টোংগার রাজধানী 'নুকুয়ালোফা'।

• টোংগা দক্ষিণ প্রশান্ত মহাসাগরে অবস্থিত একটি স্বাধীন দ্বীপ রাষ্ট্র।

• এটি ফিজির প্রায় ৬৫০ কি.মি. দক্ষিণ-পূর্বে এবং নিউজিল্যান্ডের প্রায় ১৮৫০ কি.মি. উত্তর-পূর্বে অবস্থিত।

• পলিনেশীয় দ্বীপগুলির মধ্যে একমাত্র টোংগাতেই রাজতন্ত্র টিকে আছে।

• নুকুয়ালোফা এটির রাজধানী, প্রধান বন্দর ও বৃহত্তম শহর।

**Ans : D.**

CamScanner

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C Unit)
### শিক্ষাবর্ষ : 2019-2020 [Set-E]
[কলা ও মানবিকী অনুষদ]

**01.** **Our boss ____ our meeting until next week.**
A. put off B. put
C. put down D. put through

ব্যাখ্যা : Put off - স্থগিত রাখা/খুলে ফেলা।
গুরুত্বপূর্ণ কিছু group verb-
Act up to - আশানুরূপ কাজ করা | Bear on - সহ্য করা
Blow off - নির্গত করা | Carry out - পালন করা
Fall in with - সম্মত হওয়া | Get along - মানিয়ে চলা
**Ans : A.**

**02.** **Flow : River :: Stagnant : ?**
A. Rain B. Stream
C. Pool D. Canal

ব্যাখ্যা : Flow - প্রবাহ River - নদী Stagnant - বদ্ধ
• Flow থাকে River এর পানিতে।
• Stagnant থাকে Pool এর পানি।
**Ans : C.**

**03.** **The use of indirect or polite language to express a concept generally considered unpleasant is-**
A. satire B. euphemism
C. oxymoron D. simile

ব্যাখ্যা : • **Euphemism** - Polite or indirect language to express a concept generally considered unpleasant.
• **Satire** - Use of humour, irony, exaggeration, or ridicule to expose and criticize peoples stupidity or vices.
• **Oxymoron** - A figure of speech in which apparently contradictory terms appear in conjunction.
• **Simile** - A figure of speech involving the comparison of one thing with another thing of a different kind.
**Ans : B.**

**04.** **Choose the correct sentence from below:**
A. Whenever Cheryl is in town. She visits her sister.
B. Whenever Cheryl, is in town, she visits her sister.
C. Whenever, Cheryl is in town, she visits her sister.
D. Whenever Cheryl is in town, she visits her sister.

ব্যাখ্যা : এটি একটি complex sentence. এখানে শুধুমাত্র clause marker হিসেবে "whenever cheryl is in town" এই clause এরপর comma হবে।
**Ans : D.**

**05.** **Which of these is not a poetic form?**
A. haiku B. epic
C. almanac D. sestina

ব্যাখ্যা : Haiku, epic, sestina এগুলো সবই বিভিন্ন Poetic form. Almanac হচ্ছে বার্ষিক ক্যালেন্ডার যেখানে গুরুত্বপূর্ণ তারিখ এবং তথ্য থাকে।
**Ans : C.**

**06.** **If you were describing a sinister forest, which vocabulary would be most suitable?**
A. Skipping, scare, walking, smirking
B. Happily, exploring, dreary, gloomy
C. Whispering, darkness, decrepit, cautiously
D. Pacific, soothing, amiable

ব্যাখ্যা : Whispering - কূজন | Darkness - অন্ধকারাচ্ছন্ন।
Decrepit - জরাজীর্ণ | Cautiously - সাবধানতারে।
একটি অশুভ জঙ্গলকে describe করতে এই word গুলোই যথার্থ।
**Ans : C.**

**07.** **Which mood is evoked by the following sentence?** ***"The sand burned, the dust stung; but we marched on regardless..."***
A. Determined B. Excited
C. Sad D. Melancholic

ব্যাখ্যা : বাক্যটির অর্থ "উত্তপ্ত বালি এবং দংশন ধূলার মধ্যেও আমরা যাত্রা চালিয়ে গেলাম" এখানে, determined mood (সংকল্পবদ্ধ) প্রকাশ পায়।
**Ans : A.**

**08.** **Which of the following books is not written by a Diaspora writer?**
A. *Brick Lane*
B. *In the Light of What We Know*
C. *A Golden Age*
D. *The Triumph of the Snake Goddess*

ব্যাখ্যা : • **"Brick Lane"** is written by Monica Ali, who is a Bangladeshi born British diaspora writer.
• **"In the light of What We Know"** is written by Zia Haider Khan who is also a British diaspora writer.
• **"A Golden Age"** is writen by Tahmina Anam who is a british diaspora writer.
• **"The Triumph of The Snake Goddess"** is written by Kaiser Haq who is a native Banlgadeshi writer and he is not a diaspora writer.
**Ans : D.**

**09.** **Which of the following is not a graphic novel?**
A. *Munnu* B. *Mujib*
C. *In Custody* D. *A Contract with God*

ব্যাখ্যা : • Munnu, Mujib and A Contract with God তিনটিই graphic novel.
• 'In Custody' is a novel written by Aita Desai.
**Ans : C.**

**10.** **Which is a homophone of *I'll*?**
A. Ill B. Isle
C. Both a & b D. None of the above

ব্যাখ্যা : • Homophone means two or more words having the same pronunciation.
• The Pronunciation of I'll is like 'Ail'.
• The pronunciation of 'Isle' is also like 'Ail'.
সুতরাং I'll is homophone of Isle.
**Ans : B.**

CamScanner

**11.** In the following sentence the four highlighted parts of the sentence are marked a, b, c and d. Identify the **one** highlighted word or phrase with grammatical error.
***(a) The pineapple, a fruit (b) grow in tropical climates (c) throughout the world, (d) is native to parts of South America.***
A. a B. b C. d D. c

ব্যাখ্যা : Singular subject + Singular verb হয়।
এখানে, option (B) তে grow না হয়ে grows হবে। কারণ The pineapple - singular subject.
**Ans : B.**

**12. Which sentence contains a misplaced modifier?**
A. While eating a croissant, Lisa waved to the crowd.
B. Covered in fluffiness, the couple played with the kitten.
C. Having eaten lunch, the girl turned on the laptop.
D. While playing, Lancaster jumped on the feathers.

ব্যাখ্যা : এখানে, covered with fluffiness, the kitten কে modify করে এবং যেহেতু modifier যাকে modify করে তার পাশেই বসে। তাই অপশন (B) ভুল। অর্থাৎ The couple এর স্থলে The kitten হলে শুদ্ধ হতো।
**Ans : B.**

**13.** Below is given a statement followed by two conclusions numbered I and II. You have to assume everything in the statement to be true, then consider the two conclusions together and decide which of them logically follows beyond a reasonable doubt from the information given in the statement.
**Statements:** Population increase coupled with depleting resources is going to be the scenario of many developing countries in days to come.
**Conclusions:**
I. The population of developing countries will not continue to increase in future.
II. It will be very difficult for the governments of developing countries to provide its people decent quality of life.
A. Only conclusion I follows.
B. Only conclusion II follows.
C. Either I or II follows.
D. Neither I or II follows.

ব্যাখ্যা : The fact given in I is quite contrary to the given statement. So, I does not follow. II mentions the direct implications of the state discussed in the statement. Thus, II follows.
**Ans : B.**

**14. What does the letterhead contain?**
A. The name of the company
B. The company logo
C. The address of the company
D. All the above

ব্যাখ্যা : A letterhead is stationary that contains the name and address of a business. It may also contain logo of the company.
**Ans : D.**

**15. Complete the sentence by filling in the appropriate blanks from the options provided.**
***Sports for the visually challenged ____ their confidence and help them to mingle with the ____ of society.***
A. plummet ..... elite B. boost ..... mainstream
C. abate ..... cream D. curb ...... best

ব্যাখ্যা : বাক্যটির অর্থ, "দৃষ্টি প্রতিবন্ধীদের খেলাধুলা তাদের আত্মবিশ্বাস বাড়াতে এবং সমাজের মূলধারার সাথে মিশতে সাহায্য করে। সুতরাং boost ..... mainstream হবে বাড়াতে এবং মূলধারার অর্থ বুঝাতে।
**Ans : B.**

**16. কোন শব্দগুচ্ছ অভিধানের ক্রম অনুযায়ী সজ্জিত?**
A. তক্ত, তক্ষক, তজ্জাত, তণ্ডক B. দণ্ড, দগ্ধ, দম্ভ, দস্যি, দর্শক
C. নবনী, নন্দিনী, নষ্ট, নম্র D. পঞ্জিকা, পঞ্চান্ন, পদ্ম, পণ্ডিত

ব্যাখ্যা : শব্দগুলোকে অভিধানের ক্রম অনুযায়ী সাজানো হল :
- তক্ত, তক্ষক, তজ্জাত, তণ্ডক
- দগ্ধ, দণ্ড, দম্ভ, দর্শক, দস্যি
- নন্দিনী, নবনী, নম্র, নষ্ট
- পঞ্চান্ন, পঞ্জিকা, পণ্ডিত, পদ্ম

**Ans : A.**

**17. ফলাহার > ফলার- শব্দের এই পরিবর্তনকে কী বলে?**
A. স্বরসঙ্গতি B. অভিশ্রুতি
C. অন্তর্হতি D. ব্যঞ্জনচ্যুতি

ব্যাখ্যা : • স্বরসঙ্গতি : একটি স্বরের প্রভাবে অন্য স্বরের পরিবর্তন হয়। যেমন : দেশি > দিশি।
- অভিশ্রুতি : বিপর্যস্ত স্বর পূর্ববর্তী স্বরের সাথে মিলে যায় এবং তদানুসারে পরবর্তী স্বরের পরিবর্তন হয়। যেমন : শুনিয়া > শুনে।
- অন্তর্হতি : পদের মধ্যে ব্যঞ্জন লোপ পায়। যেমন : ফলাহার > ফলার।
- ব্যঞ্জনচ্যুতি : পাশাপাশি সমউচ্চারনের একটি ব্যঞ্জন লোপ পায়। যেমন : বউ দিদি > বউদি।

**Ans : C.**

**18. যুক্ত ব্যঞ্জনের সঙ্গে সংযুক্ত ম-ফলা-**
A. বিকৃতভাবে উচ্চারিত হয় B. দ্বিত্ব উচ্চারিত হয়
C. অবিকৃতভাবে উচ্চারিত হয় D. অনুচ্চারিত থাকে

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু যুক্তব্যঞ্জনের পরিবর্তনের নিয়ম :
- বর্ণের শুরুতে ব-ফলা অনুচ্চারিত থাকে - শ্বাপদ, স্বত্ব।
- শব্দে ব, য ফলা থাকলে সংযুক্ত বর্ণের দ্বিত্ব উচ্চারণ হয়। দ্বিত্ব, মানিক্য।
- র-ফলা শব্দের শুরুতে উচ্চারিত হয় - ক্রয়, গ্রাম।
- র, ল- ফলা যুক্তবর্ণের উচ্চারণ বর্ণক্রমিক - ভদ্র, অম্ল।
- ম-ফলা যুক্তবর্ণের উচ্চারণ হয় না - সূক্ষ্ম (শুক্খো), যক্ষ্মা (জকখাঁ)।
- ম-ফলা শব্দের প্রথম বর্ণে থাকলে অনুচ্চারিত হয় - শ্মশান।

**Ans : D.**

**19. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ- রাজউক। এখানে 'রাজউক' কোন শব্দ?**
A. সংক্ষিপ্ত শব্দ B. মুণ্ডমাল শব্দ
C. সংযুক্ত শব্দ D. উদ্ভাবিত শব্দ

ব্যাখ্যা : রাজউক - কোনো শব্দগুচ্ছের প্রতিটি শব্দের প্রথম বর্ণ দিয়ে যে সংক্ষিপ্ত শব্দ তৈরি হয়, তাকে মুণ্ডমাল শব্দ বলে।
**Ans : B.**

**20. নিচের কোনটি রবীন্দ্রনাথের নাটক নয়?**
A. অচলায়তন B. রাজা-রানী
C. মুক্তধারা D. রক্তকরবী

CamScanner

ব্যাখ্যা: রবীন্দ্রনাথ রচিত নাটকের নাম 'রাজা ও রাণী'।
রবীন্দ্রনাথের রচিত অন্যান্য নাটকসমূহ:
নাটক: রুদ্রচণ্ড, বাল্মীকি প্রতিভা, প্রকৃতির প্রতিশোধ, মায়ার খেলা, চিত্রাঙ্গদা, বিদায় অভিশাপ, কাহিনী, রাজা ও রানী, মুকুট, প্রায়শ্চিত্ত, তপস্বী, পরিত্রাণ, নটীর পূজা, শেষ রক্ষা, বৈকুণ্ঠের খাতা, হাস্যকৌতুক, চিরকুমার সভা, শারদোৎসব, বিসর্জন, ব্যঙ্গকৌতুক, গুরু, বসন্ত, গৃহপ্রবেশ, নটরাজ, নবীন, শাপমোচন, রাজা, অচলায়তন, ডাকঘর, ফাল্গুনী, রক্তকরবী, মুক্তধারা, কালের যাত্রা।
Ans : B.

21. 'দ্যাও বাবা- তুমিও দ্যাও'- 'আহ্বান' গল্পের এই উক্তি কার?
A. নসর মিয়া B. আবদুল মিয়া
C. শুকুর মিয়া D. গনি মিয়া

ব্যাখ্যা: গল্পকার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আহ্বান' গল্পের বিভিন্ন বক্তা ও বক্তব্য:

| বক্তার নাম | বক্তব্য |
|---|---|
| চক্কোত্তি মশায় | গ্রামের ছেলে গ্রামে বাস করবে, এতে আর সামান্য মাইনে বেশি মাইনে কী? |
| বুড়ি | আমি আগে তো এপাড়া-ওপাড়া যাতাম আসতাম না |
| বুড়ি | বেশ যত্ন করে তো ওনারা? |
| হাজরা বেটার বউ | বাবু ঘরে আছেন গো? বাবু কবে এসেছেন? |
| শুকুর মিয়া | দ্যাও বাবা-তুমিও দ্যাও। |

Ans : C.

22. 'সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে অন্তরের যে পরিপক্বতা, তাই তো ____।'- শূন্যস্থানে নিচের কোনটি হবে?
A. আত্মা B. অনুভব C. চিত্ত D. মনুষ্যত্ব

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

23. 'মহাজাগতিক কিউরেটর' অনুযায়ী, মানুষ-
A. স্বেচ্ছা উপকারী প্রাণী B. স্বেচ্ছা দণ্ডধারী প্রাণী
C. স্বেচ্ছা সৃষ্টিশীল প্রাণী D. স্বেচ্ছা ধ্বংসকারী প্রাণী

ব্যাখ্যা : গল্পকার মুহম্মদ জাফর ইকবালের 'মহাজাগতিক কিউরেটর' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- গল্পটির বক্তব্যানুসারে মানুষ - স্বেচ্ছা ধ্বংসকারী প্রাণী।
- গল্পটির উৎস - 'সায়েন্স ফিকশন সমগ্র' তৃতীয় খণ্ড (২০০২)।
- গল্পটি নাট্যগুণ লাভ করেছে - দুইজন কিউরেটরের কথাবার্তায়।
- ওজোন স্তরের হ্রাস ও গাছপালা কেটে প্রকৃতির ভারসাম্য নষ্ট করছে - মানুষ।
- কিউরেটররা শঙ্কিত হয় - মানুষের নির্বুদ্ধিতায়।
- তাদের মতে পৃথিবীর শ্রেষ্ঠ প্রাণি - পিপড়া।

Ans : D.

24. ফরিদপুর জেলে বসে শেখ মুজিবুর রহমান কাকে কাকে চিঠি লিখেছিলেন?
A. আব্বা, রেণু, শহীদ সাহেব, ভাসানী সাহেব
B. আব্বা, হাচু, শহীদ সাহেব, ভাসানী সাহেব
C. আব্বা, রেণু, ফজলুল হক সাহেব, ভাসানী সাহেব
D. আব্বা, রেণু, শামসুল হক সাহেব, শহীদ সাহেব

ব্যাখ্যা : শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- মুজিব চিঠি লিখেছিলেন - পিতা, স্ত্রী, ভাসানী ও শহীদ সাহেবকে।
- সারাদিনব্যাপী শোভাযাত্রা চলে- ফরিদপুরে (২২ তারিখে)।
- ডাক্তারের নিষেধ সত্ত্বেও শেখ মুজিব উত্তেজনায়- উঠে বসেন।
- দু-এক দিন পরে গ্রেফতার করে - মাওলানা ভাসানী ও শামসুল হককে।
- পাকিস্তানিরা অকথ্য অত্যাচার করে - বৃদ্ধ খান সাহেব ও তাঁর ছেলেমেয়েদের।

Ans : A.

25. গুস্তাভ ফ্লবেয়ার হলেন গী দ্য মোপাসাঁর-
A. ছাত্র B. শিক্ষক C. পারিবারিক বন্ধু D. প্রকাশক

ব্যাখ্যা : গল্পকার গী দ্য মোপাসাঁর সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্ম- ১৮৫০ এর ৫ই আগস্ট, মৃত্যু- ১৮৯৩ এর ৬ই জুলাই।
- জন্মস্থান - ফ্রান্সের নর্মান্ডি শহর, মৃত্যুস্থান- ফ্রান্সের প্যারিস শহর।
- গুস্তাভ ফ্লবেয়ার ছিলেন- লেখকের পারিবারিক বন্ধু ও সাহিত্য জীবনের অভিভাবক।
- গুস্তাভ ফ্লেবেয়ারের সাথে লেখকের পরিচয় হয় - একটি নিম্ন মাধ্যমিক স্কুলে।
- মোপাসাঁ সংবাদিকতা ও সাহিত্যে প্রবেশ করেন - গুস্তাভের পরামর্শে।
- মোপাসাঁ সাহিত্য জীবন শুরু করেন - কাব্যচর্চা দিয়ে।

Ans : C.

26. মধুসূদন বিষয়ে নিচের কোন উক্তিটি সঠিক নয়?
A. তিনি চতুর্দশপদী কবিতার প্রবর্তক B. তিনি অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক
C. তিনি পয়ার ছন্দের প্রবর্তক D. তিনি বহু ভাষায় দক্ষ ছিলেন

ব্যাখ্যা : কবি মাইকেল মধুসূদন দত্ত সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- তিনি চতুর্দশপদী কবিতার (সনেট) প্রবর্তক।
- তিনি অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক।
- তিনি বহু ভাষায় দক্ষ ছিলেন।
- তিনি পয়ার ছন্দ ভেঙ্গে দেন।
- তিনি মহাকাব্য রচনা করেন।
- তিনি খ্রিষ্টধর্ম গ্রহণ করেন।

Ans : C.

27. ভারত সরকার কাজী নজরুল ইসলামকে কত সালে কী উপাধিতে ভূষিত করে?
A. ১৯৬০ সালে 'পদ্মভূষণ' B. ১৯৬২ সালে 'ভারতরত্ন'
C. ১৯৬০ সালে 'পদ্মবিভূষণ' D. ১৯৬২ সালে 'পদ্মশ্রী'

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের প্রাপ্ত পুরস্কার ও পদবীসমূহ :
- স্বাধীনতা পুরস্কার - ১৯৭৭ (মরণোত্তর)
- একুশে পদক - ১৯৭৬
- পদ্মভূষণ - ১৯৬০
- জগত্তারিণী স্বর্ণপদক - ১৯৪৫

Ans : A.

28. নিচের কোনটি 'অমোঘ' শব্দের অর্থ নয়?
A. অব্যর্থ B. অসম্ভব C. সার্থক D. অবশ্যম্ভাবী

ব্যাখ্যা: অমোঘ শব্দের অর্থসমূহ: অব্যর্থ, সার্থক, অবশ্যম্ভাবী, বাধ্যকরণক্ষম, পীড়নকর, বাধ্যকারী, বাধ্য করার ক্ষমতাবিশিষ্ট, নিশ্চিত, দৃঢ়, প্রমিত, নিরাপদ, অসংশয়িত, অভ্রান্ত, অকাট্য, অফুরান, চিরস্থায়ী, অক্ষয়, অব্যাহত, অপ্রতিরোধ্য, অকরুণ, অনমনীয়, কঠোরহৃদয়, অটলহৃদয়।
Ans : B.

29. আবু জাফর ওবায়দুল্লাহর কবিতায় বিশেষভাবে প্রাধান্য পেয়েছে-
A. রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ B. মানবীয় সংকট ও সম্ভাবনা
C. শোষিত নিপীড়িত মেহনতি মানুষ D. সমাজ ও রাজনীতি

ব্যাখ্যা : কবি আবু জাফর ওবায়দুল্লাহ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্ম- বরিশাল (১৯৩৪); মৃত্যু- ঢাকা (২০০১)।
- পেশা - সরকারি চাকুরিজীবী, কবি, প্রাবন্ধিক।
- পুরস্কার- বাংলা একাডেমি, একুশে পদক।
- উল্লেখযোগ্য কবিতা- 'আমি কিংবদন্তির কথা বলছি' 'বৃষ্টি ও সাহসী পুরুষের জন্য প্রার্থনা'
- তাঁর কবিতায় স্থান পেয়েছে- রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ।
- উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ - সাতনরী হার, কখনো রং কখনো সুর, কমলের চোখ, আমার সময়, নির্বাচিত কবিতা, আমার সকল কথা প্রভৃতি।

Ans : A.

CamScanner

**30.** 'সব কটা জানালা খুলে দাও না/ওরা আসবে'- এই গানের গীতিকার কে?

A. [illegible] হোসেন কবির  B. নজরুল ইসলাম বাবু
C. গাজী মাজহারুল আনোয়ার  D. শেখ সাদী খান

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু গান ও গীতিকার:

| গান | গীতিকার |
|---|---|
| সব কটা জানালা খুলে দাও না | নজরুল ইসলাম বাবু |
| জনতার সংগ্রাম চলবেই | সিকান্দার আবু জাফর |
| একবার যেতে দে না ছোট্ট সোনার গাঁয় | গাজী মাজহারুল আনোয়ার |
| পূর্ব দিগন্তে সূর্য উঠেছে | গোবিন্দ হালদার |
| আমি বাংলায় গান গাই | প্রতুল মুখোপাধ্যায় |

Ans : B.

**31.** নিচের কোনটি ভবানী পাঠকের সঙ্গে সম্পর্কযুক্ত?

A. তাম আন্দোলন  B. কৈবর্ত বিদ্রোহ
C. সিপাহী বিদ্রোহ  D. ফকির সন্ন্যাসী আন্দোলন

ব্যাখ্যা: • 'ফকির সন্ন্যাসী আন্দোলন' এর সাথে ভবানী পাঠক সম্পর্কযুক্ত।
• ভবানী পাঠক অবিভক্ত ভারতে ইংরেজ শাসন-শোষণ এবং অত্যাচারী দেশীয় জমিদার ও মহাজনদের বিরুদ্ধে সংঘটিত দীর্ঘস্থায়ী বিদ্রোহের অন্যতম নায়ক।
• ফকির বিদ্রোহের নায়ক মজনু শাহ এর সঙ্গে ভবানী পাঠকের ঘনিষ্ঠ যোগাযোগ ছিল এবং প্রথম থেকেই ভবানী এই ফকির বিদ্রোহে সক্রিয় ছিল বলে জানা যায়।
• তিনি তার এই সকল তৎপরতার ক্ষেত্রে এই বিদ্রোহের অন্যতম নায়িকা দেবী চৌধুরানীর সক্রিয় সাহায্য ও সমর্থন লাভ করেন।
• বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দেবী চৌধুরানী' উপন্যাস দেবী চৌধুরানী ও ভবানী পাঠকের কাহিনীর উপর ভিত্তি করে রচিত।

Ans : D.

**32.** 'একতারা তুই দেশের কথা বল রে এবার বল'- এই গানের মূলশিল্পী কে?

A. ফাতেমা-তুজ-জোহরা  B. সাবিনা ইয়াসমীন
C. শাহনাজ রহমত উল্লাহ  D. রুনা লায়লা

ব্যাখ্যা : • 'একতারা তুই দেশের কথা বলরে এবার বল'- এই গানের মূলশিল্পী- 'শাহনাজ রহমত উল্লাহ'।
• শাহনাজ রহমত উল্লাহ (জন্ম - ২ জানুয়ারি ১৯৫২, মৃত্যু - ২৩ মার্চ ২০১৯) বাংলাদেশের একজন প্রখ্যাত সংগীত শিল্পী ছিলেন।
• তিনি দেশাত্মবোধক গান গেয়ে জনপ্রিয়তা অর্জন করেন।
• তার তিনটি গান বিবিসির জরিপে সর্বকালের সেরা বিশটি গানের তালিকায় স্থান পেয়েছে।
গানসমূহ :
'এক নদী রক্ত পেরিয়ে'
'একতারা তুই দেশের কথা বলরে এবার বল'
'একবার যেতে দে না আমার ছোট্ট সোনার গাঁয়ে'।
• ১৯৯২ সালে তিনি একুশে পদক এবং ১৯৯০ সালে 'ছুটির ফাঁদে' চলচ্চিত্রের জন্য শ্রেষ্ঠ নারী কণ্ঠ শিল্পী হিসেবে বাংলাদেশ জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন।

Ans : C.

**33.** কোনটি মুসলমান সম্পাদিত পত্রিকা?

A. শিখা  B. সন্ধ্যা
C. ঢাকা প্রকাশ  D. প্রবাসী

ব্যাখ্যা: • মুসলমান সম্পাদিত পত্রিকা- 'শিখা'।
• 'শিখা' ১৯২৬ সালে ঢাকায় প্রতিষ্ঠিত মুসলিম সাহিত্য সমাজ কর্তৃক প্রকাশিত পত্রিকা।
• এর প্রথম সংখ্যার সম্পাদক ছিলেন - 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল হুসেন।
• 'শিখা' পত্রিকাটি একটি বার্ষিক পত্রিকা ছিল এবং ১৯৩১ সালে এর পঞ্চম ও শেষ সংখ্যা প্রকাশিত হয়।
• ঢাকা প্রকাশ একটি সাপ্তাহিক পত্রিকা ছিল। ঢাকার বাবু বাজারে প্রতিষ্ঠিত 'বাঙ্গালা যন্ত্র' নামের বাংলা মুদ্রণযন্ত্র থেকে ঢাকা প্রকাশ প্রকাশিত হয়।
• 'ঢাকা প্রকাশ' পত্রিকার সম্পাদক ছিলেন, কৃষ্ণচন্দ্র মজুমদার।
• 'প্রবাসী' বিংশ শতাব্দীর সূচনালগ্নে ব্রিটিশ ভারতবর্ষে প্রবর্তিত একটি সাময়িকী। প্রবাসী একটি মাসিক পত্রিকা বাংলা ভাষায় প্রকাশিত হতো। সম্পাদক ছিলেন- 'রামানন্দ চট্টোপাধ্যায়'।

Ans : A.

**34.** দেববংশ রাজত্ব করেন-

A. উত্তর বাংলায়  B. দক্ষিণ-পশ্চিম বাংলায়
C. পূর্ব বাংলায়  D. দক্ষিণ-পূর্ব বাংলায়

ব্যাখ্যা : • দেববংশ রাজত্ব করেন- দক্ষিণ-পূর্ব বাংলায়।
• অষ্টম শতকের মাঝামাঝি সময়ে দেববংশের উদ্ভব হয়। (৭৫০ খ্রিস্টাব্দ - ৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত)
• দেববংশের চারজন রাজার নাম পাওয়া যায়। এরা হলেন - শ্রী শান্তি দেব, শ্রী বীরদেব, শ্রী আনন্দ দেব ও শ্রী ভবদেব।
• দেববংশের রাজারা ছিলেন বৌদ্ধ।
• দেববংশের রাজধানী ছিল দেব পর্বতে কুমিল্লা জেলার ময়নামতির দক্ষিণে ছিল এই দেব পর্বত।
• দেব রাজা আনন্দের রাজধানীতে 'আনন্দবিহার' বলে একটি বৌদ্ধ বিহার নির্মাণ করা হয়।

Ans : D.

**35.** জালালী সনের সঙ্গে সম্পর্কিত ছিলেন কে?

A. হুমায়ুন  B. আকবর
C. শাহজালাল  D. জালালুদ্দিন রুমি

ব্যাখ্যা : • 'জালালী সনের' সাথে সম্পর্কিত ছিলেন সম্রাট আকবর।
• সম্রাট আকবরের নাম ছিল জালালুদ্দিন।
• তিনি তার শাসনামলে 'তারিখে আলফী' (সহস্রাব্দের ইতিহাস) রচনার জন্য বিশেষজ্ঞদের যে পরিষদ গঠন করেছিলেন, তাদের গবেষণা সাধনার ফল হিসেবে প্রণীত হয়েছিল আকবরের নাম অনুসারে 'জালালী সন'।
• একে এলাহী সন বা ফসলি সন ও বলা হয়।
• তারিখে আলফীর ভিত্তিতে তাঁর রাজ্যের বিভিন্ন স্থানে জালালী বা এলাহী সন প্রবর্তন করা হয় যা হিজরি সনের স্থলাভিষিক্ত হয়েছিল।
• সম্রাট আকবরের রাজত্বকাল ছিল ১৫৫৬-১৬০৫ সাল।

Ans : B.

**36.** এলাহাবাদ প্রশস্তির রচয়িতা-

A. হরিষেণ  B. গুরবমিশ্র
C. বরাহমিহির  D. বল্লাল সেন

ব্যাখ্যা : • এলাহাবাদ প্রশস্তির রচয়িতা - হরিষেণ।
• সমুদ্রগুপ্ত (রাজত্বকাল খ্রিস্টীয় ৩৩৫-৩৮০ অব্দ) ছিলেন গুপ্ত সম্রাটের প্রথম চন্দ্রগুপ্তের পুত্র, উত্তরাধিকারী এবং গুপ্ত সাম্রাজ্যের শ্রেষ্ঠ রাজা।
• সমুদ্র গুপ্তের সভাকবি হরিষেণ রচিত 'এলাহাবাদ প্রশস্তি' থেকে সমুদ্র গুপ্তের ও তার রাজ্যজয় ও রাজত্বকাল সম্পর্কে অনেক তথ্য জানা যায়।
• এলাহাবাদ দুর্গে রক্ষিত এই প্রশস্তি খানি সম্ভবত সমুদ্র গুপ্তের মৃত্যুর পরই উৎকীর্ণ করা হয়। প্রশস্তিটি আংশিক পদ্যে, আংশিক গদ্যে রচিত।
• সমুদ্রগুপ্তের রাজ্যজয় সম্পর্কে হরিষেণ রচিত এলাহাবাদ প্রশস্তিতে পাওয়া যায়। প্রশস্তি অনুযায়ী সমুদ্রগুপ্ত উত্তর ভারতের নয়জন রাজাকে পরাজিত করেন। সমুদ্রগুপ্ত কেবল আর্যাবর্তের রাজাদের উচ্ছেদ করেই ক্ষান্ত হননি। তিনি মধ্যভারতের আটবিক রাজ্য পদানত করেছেন। আটবিক রাজ্যজয়ের পর সমুদ্রগুপ্ত দক্ষিণ ভারত জয় করেন।

Ans : A.

CamScanner

**37** ক্ষুদিরামের লক্ষ্য ছিল-

A. কোম্পানি-শাসনের অবসান B. বীরত্ব প্রদর্শন
C. ইংরেজ বিতাড়ন D. পর্তুগিজ বিতাড়ন

ব্যাখ্যা : • ক্ষুদিরামের লক্ষ্য ছিল -ইংরেজ বিতাড়ন।
• ক্ষুদিরাম ইংরেজ শাসনের বিরুদ্ধে ভারতের স্বাধীনতা সংগ্রামের প্রথম শহীদ।
• ক্ষুদিরাম বসু (জন্ম : ৩ ডিসেম্বর ১৮৮৯, মৃত্যু : ১১ আগস্ট ১৯০৮) ছিলেন বিপ্লবী এবং ব্রিটিশ শাসনের বিরোধিতা করেন।
• ক্ষুদিরাম প্রফুল্ল চাকীর সঙ্গে মিলে গাড়িতে ব্রিটিশ বিচারক, ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড কে হত্যা করার উদ্দেশ্যে বোমা ছুড়েন। ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড অন্য গাড়িতে বসেছিলেন। ফলে বোমার ফলে দুজন ব্রিটিশ মহিলার মৃত্যু হয়।
• প্রফুল্ল চাকী গ্রেফতারের আগেই আত্মহত্যা করেন। ক্ষুদিরাম গ্রেপ্তার হয় এবং দুজন মহিলাকে হত্যা করার জন্য তার চূড়ান্ত ফাঁসির আদেশ হয়।
• ফাঁসি হওয়ার সময় ক্ষুদিরামের বয়স ছিল ১৮ বছর ৭ মাস এবং ১১ দিন।
Ans : C.

**38** *Historia* শব্দের সাধারণ অর্থ কী?

A. তথ্য B. যাচাই-বাছাই
C. অনুসন্ধান D. উৎস

ব্যাখ্যা : • 'Historia' শব্দের সাধারণ অর্থ 'অনুসন্ধান'।
• গ্রিক শব্দ Historia থেকে History শব্দের উৎপত্তি।
• History বা ইতিহাস শব্দের অর্থ হলো মানুষের অতীত ঘটনা ও কার্যাবলী অধ্যয়ন।
• History বা ইতিহাস বৃহৎ একটি বিষয় হওয়া সত্ত্বেও কখনও মানবিক বিজ্ঞান এবং কখনও সামাজিক বিজ্ঞানের শাখা হিসেবে আলোচিত হয়েছে।
• হেরোডোটাস'কে ইতিহাসের জনক বলা হয়।
• দ্য হিস্টোরিস (The Histories) বইটি তার অমর সৃষ্টি কর্ম।
Ans : C.

**39** জাতিসংঘ সনদ প্রণীত হয় কোথায়?

A. ওয়াশিংটনে B. সানফ্রানসিস্কোতে
C. নিউইয়র্কে D. লন্ডনে

ব্যাখ্যা : • জাতিসংঘ সনদ প্রণীত হয় - 'সানফ্রানসিস্কোতে'।
• জাতিসংঘ বিশ্বের জাতিসমূহের একটি সংগঠন যার মূল লক্ষ্য আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধান।
• দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে জাতিসংঘ গঠিত হয়।
• ১৯৪৫ খ্রিস্টাব্দের ২৬ জুন বিশ্বের ৫০টি দেশের প্রতিনিধিরা যুক্তরাষ্ট্রের সানফ্রানসিস্কোতে ১১১ ধারা সম্বলিত জাতিসংঘের মূল সনদে স্বাক্ষর করেন। ১৫ অক্টোবর ৫১তম দেশ হিসেবে পোল্যান্ড জাতিসংঘ সনদে স্বাক্ষর করে।
• ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ ৫১টি সদস্য দেশ নিয়ে প্রতিষ্ঠিত হয়। ২৪ অক্টোবর থেকেই জাতিসংঘ সনদ কার্যকর হয়।
• '২৪ অক্টোবর' জাতিসংঘ দিবস পালিত হয়।
Ans : B.

**40** মিত্রশক্তি নিউলীর সন্ধি করে-

A. অস্ট্রিয়ার সঙ্গে B. বুলগেরিয়ার সঙ্গে
C. তুরস্কের সঙ্গে D. জার্মানির সঙ্গে

ব্যাখ্যা : • মিত্রশক্তি নিউলীর সন্ধি করে- 'বুলগেরিয়ার সঙ্গে'।
• প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তির পর মিত্রশক্তি পরাজিত দেশগুলোর সাথে অনেকগুলো সন্ধি করে।
• এর মধ্যে অন্যতম হলো প্যারিস শান্তি চুক্তি। ১৯১৯ সালের ফ্রান্সের রাজধানী প্যারিসে এ চুক্তি হয়।
• প্যারিস শান্তি সম্মেলনে মিত্রশক্তি বর্গ পরাজিত রাষ্ট্রের সাথে অনেকগুলো সন্ধি করে। সন্ধিগুলো-
(i) জার্মানির সহিত ভার্সাই এর সন্ধি।
(ii) অস্ট্রিয়ার সঙ্গে সেন্ট জার্মেইন সন্ধি।
(iii) বুলগেরিয়ার সঙ্গে নিউলির সন্ধি।
(iv) হাঙ্গেরির সঙ্গে ট্রিয়ানর সন্ধি।
(v) তুরস্কের সঙ্গে সেভার্সের সন্ধি।
• মিত্রশক্তি ১৯১৯ সালে বুলগেরিয়ার সঙ্গে নিউলীর সন্ধি করে। এই সন্ধি অনুসারে বুলগেরিয়াকে গ্রিসের কাছে 'থ্রেস' ছেড়ে দিতে হয়। এছাড়া মেসিডোনিয়ার কিয়দংশ যুগোশ্লাভিয়াকে এবং দোবরাজা রুমানিয়ার কাছে অর্পন করে।
Ans : B.

**41** দেশের প্রথম এফএম রেডিও চ্যানেল কোনটি?

A. রেডিও ফূর্তি B. রেডিও আমার
C. রেডিও টুডে D. রেডিও ভূমি

ব্যাখ্যা : • দেশের প্রথম এফ এম রেডিও চ্যানেল - 'রেডিও টুডে'।
• রেডিও টুডে এফ এম ৮৯.০ বাংলাদেশের সর্বপ্রথম ব্যক্তি মালিকানাধীন এফ এম রেডিও স্টেশন।
• প্রথম সম্প্রচার করা হয় - মে, ২০০৬।
• বর্তমান বাংলাদেশে বেসরকারী রেডিও চ্যানেল -২২টি।
• কমিউনিটি রেডিও চ্যানেল - ১৫টি।
• বাংলাদেশ বেতার সম্প্রচার শুরু করে - ১৬ ডিসেম্বর ১৯৩৯ সালে।
Ans : C.

**42** 'দৃষ্টি জুড়ে দেশ' স্লোগানটি কোন টিভি চ্যানেলের?

A. বৈশাখী B. আরটিভি C. চ্যানেল আই D. বাংলাভিশন

ব্যাখ্যা : • 'দৃষ্টি জুড়ে দেশ স্লোগানটি' - বাংলাভিশন চ্যানেলের।
• বাংলাভিশন ২০০৬ সালের ৩১ মার্চ আনুষ্ঠানিক যাত্রা শুরু করে।
অন্যান্য টেলিভিশন চ্যানেলের স্লোগান সমূহ :
• বিটিভি - কথা বলে দেশ, মাটি ও মানুষের।
• এনটিভি - সময়ের সাথে আগামীর পথে।
• বৈশাখী - মুক্তিযুদ্ধের চেতনায়।
• আর টিভি - আজ এবং আগামীর।
• এটি এন বাংলা - অবিরাম বাংলার মুখ।
• মাই টিভি - সৃষ্টিতে বিস্ময়।
• যমুনা টিভি - সামনে থাকে, সামনে রাখে।
• জিটিভি - যা দেখতে চান, পাবেন।
• চ্যানেল টুয়েন্টিফোর - সব সময়, সব দিকের, সব খবর।
• সময় টিভি - সময়ের প্রয়োজনে, সময়।
Ans : D.

**43** নিচের কোনটি ভারতবর্ষের প্রথম সংবাদপত্র নয়?

A. হিকি'স গেজেট B. বেঙ্গল গেজেট
C. ঢাকা প্রকাশ D. ক্যালকাটা জেনারেল অ্যাডভারটাইজার

ব্যাখ্যা : • 'ঢাকা প্রকাশ' ভারত বর্ষের প্রথম সংবাদপত্র নয়।
• 'ঢাকা প্রকাশ' বাংলাদেশের ঢাকা শহরের প্রথম বাংলা সংবাদ পত্র যা বাংলা তারিখ, ২৫ ফাল্গুন ১২৬৭ (৭ মার্চ, ১৮৬১ সালে) প্রথম প্রকাশিত হয়।
• 'ঢাকা প্রকাশ' পত্রিকাটি সাপ্তাহিক পত্রিকা।
• 'ঢাকা প্রকাশ' পত্রিকার প্রথম সম্পাদক কবি কৃষ্ণচন্দ্র মজুমদার।
• বেঙ্গল গেজেট বা হিকি'স গেজেট বা ক্যালকাটা জেনারেল অ্যাডভারটাইজার ছিল ভারতের কলকাতা থেকে প্রকাশিত একটি ইংরেজি সাপ্তাহিক পত্রিকা।
• এটি ছিল ভারতের প্রথম প্রধান পত্রিকা যা ১৭৮০ সালের ২৯শে জানুয়ারি যাত্রা শুরু করে। এই পত্রিকা দুই বছর পর্যন্ত প্রকাশ করা হয়েছিল।
• এই পত্রিকাটির মালিক, সম্পাদক ও প্রকাশক ছিলেন 'জেমস অগাস্টাস হিকি'।
Ans : C.

CamScanner

**44.** শিখা পত্রিকার কোন সংখ্যায় রণসঙ্গীত প্রকাশিত হয়?

A. প্রথম বার্ষিক সংখ্যায় B. দ্বিতীয় বার্ষিক সংখ্যায়
C. তৃতীয় বার্ষিক সংখ্যায় D. চতুর্থ বার্ষিক সংখ্যায়

ব্যাখ্যা: • শিখা পত্রিকার 'দ্বিতীয় বার্ষিক সংখ্যায়' রণসঙ্গীত প্রকাশিত হয়।
• বাংলাদেশের রণসংগীত প্রথম প্রকাশিত হয় - বাংলা ১৩৩৫ সালে ও ইংরেজি ১৯২৯ সালে।
• বাংলাদেশের রণসঙ্গীতের রচয়িতা - কাজী নজরুল ইসলাম।
• বাংলাদেশের রণসঙ্গীত সন্ধ্যা কাব্যগ্রন্থের অন্তর্গত।
• বাংলাদেশের যে কোন সামরিক অনুষ্ঠানে এই গানটির ২১ লাইন যন্ত্রসঙ্গীতে বাজানো হয়।
• নতুনের গান বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম কর্তৃক ১৯২৯ খ্রিস্টাব্দে রচিত এবং সুরারোপিত সন্ধ্যা কাব্যগ্রন্থের অন্তর্গত একটি গান। দাদরা তালের এই সংগীতটি ১৯৭২ সালের ১৩ই জানুয়ারি অনুষ্ঠিত বাংলাদেশের তৎকালীন মন্ত্রীসভার প্রথম বৈঠকে বাংলাদেশের রণসঙ্গীত হিসেবে নির্বাচন করা হয়।

Ans : B.

**45.** নিচের কোনটি জাপানের সংবাদ সংস্থা?

A. কিয়োডো নিউজ B. তাস C. সিনহুয়া D. আনতারা

ব্যাখ্যা : • 'কিয়োডো নিউজ' জাপানের সংবাদ সংস্থা।
• 'কিয়োডো নিউজ' এটি জাপানের অলাভজনক সংস্থা। ১৯৪৭ সালে প্রতিষ্ঠিত বার্তা সংস্থাটি জাপানের রেডিও টেলিভিশন ও অধিকাংশ সংবাদপত্রে সংবাদ পরিবেশন করে। কিয়োডো জাপানি, চীনা, কোরিয়া ও ইংরেজি ভাষায় সংবাদ প্রচার করে থাকে।
• তাস- রাশিয়া ভিত্তিক সংবাদ সংস্থা ১৯০৪ সালে প্রতিষ্ঠা করা হয়।
• সিনহুয়া- গণপ্রজাতন্ত্রী চীনের অফিসিয়াল বার্তা সংস্থা সিনহুয়া। এটি চীনের বৃহত্তম সংবাদ সংস্থা, এর সদর দপ্তর বেইজিংয়ে।
• আনতারা - ইন্দোনেশিয়া ভিত্তিক সংবাদ সংস্থা। প্রতিষ্ঠিত হয় ১৩ ডিসেম্বর ১৯৩৭ সালে। এটি ইন্দোনেশিয়ার জাতীয় সংবাদ সংস্থা।

Ans : A.

**46.** নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র?

A. জীবনঢুলী B. সোহাগপুর C. গেরিলা D. সবগুলো

ব্যাখ্যা : • এখানে সবগুলোই মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র।
• জীবনঢুলী চলচ্চিত্রটি সরকারি অনুদানে নির্মিত হয়েছে। ২০১৪ সালে ছবিটি মুক্তি পায়। এর পরিচালক 'তানভীর মোকাম্মেল'।
• সোহাগপুর চলচ্চিত্রটি মুক্তিযুদ্ধের একটি সত্য ঘটনা নিয়ে নির্মিত। এর পরিচালক মামুন-উর-রশীদ।
• গেরিলা ২০১১ সালে মুক্তিপ্রাপ্ত হয়। এর পরিচালক 'নাসির উদ্দীন ইউসুফ'।

Ans : D.

**47.** সংবিধানের কোন অনুচ্ছেদে চলাফেরার স্বাধীনতার কথা বলা হয়েছে?

A. ৩৬ অনুচ্ছেদ B. ৩৭ অনুচ্ছেদ
C. ৩৯ অনুচ্ছেদ D. ৪০ অনুচ্ছেদ

ব্যাখ্যা : • সংবিধান' এর ৩৬নং অনুচ্ছেদে চলাফেরার স্বাধীনতার কথা বলা হয়েছে।
• ৩৬ অনুচ্ছেদ : প্রত্যেক নাগরিকের বাংলাদেশের সর্বত্র অবাধ চলাফেরা করার অধিকার রয়েছে। প্রত্যেক নাগরিকের দেশের যে কোনো স্থানে বসবাস বা বসতি স্থাপন এবং বাংলাদেশ ত্যাগ ও পুনরায় বাংলাদেশে প্রবেশের পূর্ণ অধিকার রয়েছে।
• ৩৭ অনুচ্ছেদে : সমাবেশের স্বাধীনতার কথা বলা হয়েছে।
• ৩৯ অনুচ্ছেদে : চিন্তা, বিবেক এবং বাক স্বাধীনতার কথা বলা হয়েছে।
• ৪০ অনুচ্ছেদে : পেশাও বৃত্তির স্বাধীনতার কথা বলা হয়েছে।
• বাংলাদেশ সংবিধান কার্যকর হয় - ১৬ ডিসেম্বর ১৯৭২।
• বাংলাদেশ সংবিধানের মোট অনুচ্ছেদ - ১৫২টি।
• সংবিধান প্রণয়ন কমিটির প্রধান - ড. কামাল হোসেন।

Ans : A.

**48.** এবারের ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে নিউজিল্যান্ডের চার-ছক্কার সংখ্যা ছিল কতটি?

A. ১৭টি B. ১৯টি
C. ২১টি D. ২৩টি

ব্যাখ্যা: • ২০১৯ ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে নিউজিল্যান্ডের চার-ছক্কার সংখ্যা ছিল- ১৭টি।
• ২০২৩ সালে ১৩তম ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হয় - ভারতে।
• ২০২৭ সালে ১৪তম ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হবে - দক্ষিণ আফ্রিকা, নামিবিয়া ও জিম্বাবুয়ে।
• ২০৩১ সালে ১৫তম ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হবে - বাংলাদেশ (সহ-আয়োজক দেশ - ভারত)।

Ans : A.

**49.** উষ্ণ ও শীতল মাধ্যমের (Hot Media and Cool Media) ধারণা দেন কে?

A. আইনস্টাইন B. এরিস্টটল
C. ক্যাভেন্ডিস D. মার্শাল ম্যাকলুহান

ব্যাখ্যা: • উষ্ণ ও শীতল মাধ্যমের (Hot Media and Cool Media) ধারনা দেন - মার্শাল ম্যাকলুহান।
• মার্শাল ম্যাকলুহান - প্রিন্ট, ফটোগ্রাফ, রেডিও কে হট মিডিয়া হিসেবে আখ্যায়িত করেছেন। কারণ গনযোগাযোগের সংজ্ঞা যে মাধ্যম থেকে বার্তা নিতে ব্যক্তির সব ইন্দ্রিয়ের মনোযোগ সেটাই হট মিডিয়া।
• অন্যদিকে - ব্রডকাস্ট মিডিয়া বা সম্প্রচার মাধ্যম - টেলিভিশন, টেলিফোন, বেতার কুল মিডিয়া। কারণ এই মাধ্যমের বার্তা আদান-প্রদানে অন্যপক্ষের অংশগ্রহণ যেমন দরকার, তেমনি ব্যক্তির সবগুলো ইন্দ্রিয় পুরোপুরি এই প্রক্রিয়ায় যুক্ত হয় না। টেলিভিশন দেখার সময় হয়তো সব শব্দ সমান মনোযোগ দিয়ে শোনা হয় না।

Ans : D.

**50.** ১৮৭৮ সালে দেশীয় ভাষা-ভাষী সংবাদপত্রের কণ্ঠরোধ করার জন্য 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' জারি করেন কে?

A. লর্ড হেস্টিংস B. লর্ড লিটন
C. লর্ড আডাম D. লর্ড মিন্টো

ব্যাখ্যা : • ১৮৭৮ সালে দেশীয় ভাষা-ভাষী সংবাদ পত্রের কণ্ঠরোধ করার জন্য 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' জারি করেন- লর্ড লিটন।
• 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' দেশীয় সংবাদ পত্রের স্বাধীনতা হরণের লক্ষ্যে প্রণীত বহুল বিতর্কিত আইন। উদ্দেশ্য ছিল দেশীয় সংবাদ পত্রের মাধ্যমে সরকারের বিরুদ্ধে প্রচারণা বন্ধ করা।
• লর্ড লিটন দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্রকে- 'কুচক্রী' বাজে লেখকদের প্রকাশ্য রাজদ্রোহী প্রচারণা বলে অভিযুক্ত করেন।
• সরকারকে উদ্বিগ্ন করে তুলেছিল যে সব পত্রিকা তা হলো- সোম প্রকাশ, সুলভ সমাচার, হালিশহর পত্রিকা, ঢাকা প্রকাশ, সাধারণী ও ভারত সংস্কারক, ভারত মিহির।
• এই সব পত্রিকাকে সরকারের বিরুদ্ধে রাজদ্রোহীমূলক আন্দোলন পরিচালনার দায়ে অভিযুক্ত করা হয়।

Ans : B.

**51.** 'অর্থশাস্ত্র' গ্রন্থটির লেখক কে?

A. বানভট্ট B. কৌটিল্য
C. সামন্ত সেন D. বিজয় ভট্ট

CamScanner

ব্যাখ্যা : • 'অর্থশাস্ত্র' গ্রন্থটির লেখক - কৌটিল্য।
• 'অর্থশাস্ত্র' কৌটিল্য বা চাণক্য রচিত একটি সুপ্রাচীন রাষ্ট্রনীতি বিষয়ক গ্রন্থ।
• মৌর্য সম্রাট চন্দ্রগুপ্ত মৌর্যের শাসনকালে রচিত এই গ্রন্থটি প্রাচীন ভারতের রাষ্ট্রনীতি ও শাসন সংস্কারের গুরুত্বপূর্ণ প্রামাণ্য ইতিহাস।
• অর্থশাস্ত্র ১৫টি ভাগে বিভক্ত। এই ভাগগুলি 'অধিকরণ' নামে পরিচিত।
• কৌটিল্য (খ্রিষ্টপূর্ব ৩৭০-২৮৩অব্দ) প্রাচীন ভারতের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান 'তক্ষশীলা বিশ্ববিদ্যালয়' থেকে শিক্ষা লাভ করেন।
• কৌটিল্য 'অর্থশাস্ত্র' ও 'চাণক্য নীতি' নামক দুটি গ্রন্থ রচনা করেন।
• কৌটিল্য চন্দ্রগুপ্ত মৌর্যের উপদেষ্টা ছিলেন।
**Ans : B.**

**52. ভূতাত্ত্বিকভাবে বাংলাদেশে গঠিত প্রথম ভূমিরূপ কোনটি?**
A. টারশিয়ারি B. প্লাইস্টোসিন C. কোয়ার্টারনারি D. হলোসিন

ব্যাখ্যা : • ভূ-তাত্ত্বিকভাবে বাংলাদেশে গঠিত প্রথম ভূমিরূপ হল, টারশিয়ারি। বাংলাদেশের ভূ-প্রাকৃতিক অঞ্চলকে তিনটি শ্রেণীতে ভাগ করা হয়েছে। এগুলো হল : (i) টারশিয়ারি যুগের পাহাড় সমূহ
(ii) প্লাইস্টোসিন কালের সোপান সমূহ এবং
(iii) সাম্প্রতিক কালের প্লাবন সমভূমি।
• টারশিয়ারি যুগের পাহাড়সমূহ পার্বত্যভূমি, সিলেটের পাহাড় সমূহ এবং ময়মনসিংহের গারো পাহাড় নিয়ে গঠিত।
• প্লাইস্টোসিন কালের সোপান সমূহের অন্তর্গত হল - বরেন্দ্রভূমি, মধুপুর ও ভাওয়ালের গড় এবং লালমাই পাহাড়।
• বাকি ভূমিসমূহ সাম্প্রতিক কালের প্লাবন সমভূমি অঞ্চলের অন্তর্গত।
**Ans : A.**

**53. প্রাণি জগতের সব থেকে ক্ষুদ্র একক কোনটি?**
A. ফ্যামিলি B. প্রজাতি C. সাব-ফ্যামিলি D. কোনটিই নয়

ব্যাখ্যা : • প্রাণিজগতের সব থেকে ক্ষুদ্র একক 'প্রজাতি'।
• প্রাণিজগতের সবচেয়ে বড় পর্ব- আর্থ্রোপোডা।
• প্রাণিকুলের সর্বাপেক্ষা বড় কোষ - উটপাখির ডিম।
• প্রাণিকুলের সর্বাপেক্ষা ছোট কোষ- মাইকো প্লাজমার কোষ।
• জীব জগতের সবচেয়ে ক্ষুদ্রপ্রাণী - 'মাইকোপ্লাজমা'।
• মানুষের বৈজ্ঞানিক নাম - হোমো স্যাপিয়েন্স।
• বৈজ্ঞানিক নামের দুটি অংশ থাকবে - প্রথম অংশটি গণ (Genus) এবং দ্বিতীয় অংশটি প্রজাতির (Species)।
• প্রাণী জগতের বৈজ্ঞানিক নাম মুদ্রণের সময় সর্বদা 'ইটালিক' অক্ষরে লিখতে হবে।
**Ans : B.**

**54. নিচের কোনটি বিশ্বের প্রাচীনতম সভ্যতা?**
A. মিশরীয় সভ্যতা B. ক্যালডীয় সভ্যতা
C. হরপ্পা সভ্যতা D. মেসোপটেমীয় সভ্যতা

ব্যাখ্যা : • বিশ্বের প্রাচীনতম সভ্যতা - মেসোপটেমীয় সভ্যতা।
• মেসোপটেমীয় সভ্যতা - বর্তমান ইরাকের টাইগ্রিস বা দাজলা ও ইউফ্রেটিস নদী দুটির মধ্যবর্তী অঞ্চলে গড়ে উঠেছিল।
• মেসোপটেমীয় সভ্যতা পৃথিবীর প্রাচীনতম সভ্যতার অন্যতম। খ্রিস্টপূর্ব ৩৫০০ হতে খ্রিস্টপূর্ব ৩০০০ অব্দের মধ্যে মেসোপটেমীয়ায় অতি উন্নত এক সভ্যতার উন্মেষ ঘটেছিল।
• মেসোপটেমীয় নামটি গ্রীকদের দেওয়া এর প্রকৃত অর্থ হল দুটি নদীর মধ্যবর্তী অঞ্চল। এই অঞ্চলটি প্রধানত জলাভূমি ছিল।
• মেসোপটেমীয়রা যে ভাষায় কথা বলত তাকে 'সেমিটিক ভাষা হিসেবে ইতিহাসবিদরা চিহ্নিত করেছেন। মেসোপটেমীয়দের প্রধান কৃতত্ব হলো প্রয়োজনীয় ভাব বা বার্তা বোঝানোর জন্য আদিম লেখন পদ্ধতি উদ্ভাবন।
• সাহিত্যের জন্য মেসোপটেমীয়রা যে ভাষা ব্যবহার করত তাকে বিজ্ঞানীরা হেমেটিক ভাষা বলে চিহ্নিত করেছেন।
**Ans : D.**

**55. মৌয়ালীরা বাস করে-**
A. পটুয়াখালী B. রংপুর
C. রাঙামাটি D. সুন্দরবন

ব্যাখ্যা : • মৌয়ালীরা বাস করে সুন্দরবন অঞ্চলে।
• মৌয়ালী হচ্ছে একধরনের পেশাভিত্তিক গোষ্ঠী যারা মধু ও মৌচাক সংগ্রহ করে।
• সুন্দরবন সহ পৃথিবীর সর্বত্র এদের দেখতে পাওয়া যায়।
• তবে আধুনিককালের মৌয়ালিরা মৌমাছি পালন করে থাকে।
• মৌচাষের মাধ্যমে তারা মধু, মোম ও রয়্যাল জেলি সংগ্রহ করে এমনকি কখনও কখনও রাণী মৌমাছি সংগ্রহ করে বাজারে বিক্রি করে।
• তারা কৃষকদের ক্ষেতের শস্যের পরাগায়নের জন্যও মৌচাষ করে।
• অনেকে শখের বশে মৌচাষ করে আবার কেউ মূল পেশা হিসেবে এই কাজ করে।
**Ans : D.**

**56. ল্যুভর মিউজিয়াম কোথায় অবস্থিত?**
A. ফিনল্যান্ড B. নিউইয়র্ক C. পর্তুগাল D. ফ্রান্স

ব্যাখ্যা : • ল্যুভর মিউজিয়াম ফ্রান্সে অবস্থিত।
• ল্যুভর মিউজিয়াম - বিশ্বের বৃহত্তম শিল্পকলা জাদুঘর এবং ফ্রান্সের রাজধানী প্যারিসের একটি ঐতিহাসিক স্থাপনা।
• ল্যুভর জাদুঘরটি ল্যুভর প্রাসাদে অবস্থিত। ফ্রান্সের রাজা ২য় ফিলিপ প্রাসাদটিকে আদিতে ১২শ থেকে ১৩শ শতকে একটি দুর্গ হিসেবে নির্মাণ করেছিলেন।
• ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের জাতীয় সংসদে সিদ্ধান্ত নেওয়া হয় যে ফরাসি জাতির কাছে থাকা শিল্পকর্মগুলি প্রদর্শনে ল্যুভর কে ব্যবহার করা হবে।
• ল্যুভর মিউজিয়াম স্থাপিত হয় ১৭৯৩ সালের ১০ আগস্ট। ৫৩৭টি চিত্রকর্মের একটি প্রদর্শনীর মাধ্যমে ল্যুভর জাদুঘরটি উদ্বোধন করা হয়।
**Ans : D.**

**57. ষাট গম্বুজ মসজিদ কত সালে বিশ্ব ঐতিহ্যের অন্তর্ভুক্ত হয়?**
A. ১৯৮৫ সালে B. ১৮৮৫ সালে
C. ১৯৮৮ সালে D. ১৮৮৮ সালে

ব্যাখ্যা : • ষাট গম্বুজ মসজিদ '১৯৮৫' সালে বিশ্ব ঐতিহ্যের অন্তর্ভুক্ত হয়।
• ষাটগম্বুজ মসজিদ বাংলাদেশের বাগেরহাট জেলার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত একটি প্রাচীন মসজিদ।
• ষাট গম্বুজ মসজিদে গম্বুজের সংখ্যা মোট ৮১টি। মসজিদের পূর্ব দেয়ালে ১১টি বিরাট আকারের খিলানযুক্ত দরজা।
• ইউনেস্কো সুন্দরবনকে ৭৯৮তম ঐতিহ্য হিসেবে ৬ ডিসেম্বর ১৯৯৭ সালে অন্তর্ভুক্ত করা হয়।
• 'বাউল গান' কে ২০০৮ সালে বিশ্ব ঐতিহ্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।
• পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রাকে ৩০ নভেম্বর ২০১৬ এবং শীতল পাটি কে ৬ ডিসেম্বর ২০১৭ সালে বিশ্ব ঐতিহ্য হিসেবে অন্তর্ভুক্ত করে।
**Ans : A.**

**58. ভাসুবিহার প্রত্নস্থানটি কোথায় অবস্থিত?**
A. বগুড়া B. বিক্রমপুর
C. কুমিল্লা D. নরসিংদী

ব্যাখ্যা : • ভাসুবিহার প্রত্নস্থানটি 'বগুড়া'য় অবস্থিত।
• ভাসু বিহার বাংলাদেশের অন্যতম প্রাচীন প্রত্ন নিদর্শন।
• ভাসুবিহার স্থানীয়ভাবে পরিচিত 'নরপতীর ধাপ' নামে। এর অবস্থান শিবগঞ্জ উপজেলার বিহার হাটে।
• এই প্রত্নস্থলে খননের ফলে পরবর্তী গুপ্তযুগের দুটি আয়তক্ষেত্রাকার বৌদ্ধ বিহার এবং একটি প্রায় ক্রুশাকৃতি মন্দির আবিষ্কৃত হয়। এই বিহার নির্মাণ করা হয়েছে ৮ম শতকে।

CamScanner

অন্যান্য প্রাচীন বৌদ্ধ বিহার সমূহ :
- জগদ্দল বিহার - নওগাঁয় অবস্থিত।
- সোমপুর বিহার - নওগাঁয় অবস্থিত।
- শালবন বিহার - ময়নামতিতে অবস্থিত।
- মহামুনি বিহার - চট্টগ্রামের রাউজানে অবস্থিত।
- সীতাকোট বিহার - দিনাজপুরে অবস্থিত।
- রাজবন বৌদ্ধ বিহার - রাঙ্গামাটিতে অবস্থিত।
- সীমা বৌদ্ধ বিহার - পটুয়াখালীতে অবস্থিত।
- শালবন বিহার ও আনন্দ বিহার - কুমিল্লায় অবস্থিত।

**Ans : A.**

**59. হোসেনী দালান কোন আমলের স্থাপত্য?**

A. সুলতানী  B. মোঘল
C. আফগানী  D. ঔপনিবেশিক

**ব্যাখ্যা :** • হোসেনী দালান 'মোঘল' আমলের স্থাপত্য।
- হোসেনী দালান বা ইমামবাড়া - বাংলাদেশের রাজধানী ঢাকা শহরের পুরানো ঢাকা এলাকায় অবস্থিত। বিকল্প উচ্চারণ হুসৈনী দালান এবং ইমারতের গায়ে শিলা লিপিতে ফরাসী ভাষায় লিখিত কবিতা অনুসারে উচ্চারণ 'হোসায়নি দালান'।
- এটি মোঘল শাসনামলে ১৭শ শতকে নির্মিত হয়। মোগল সম্রাট শাহজাহানের আমলে।
- ইমারতটি হযরত মুহাম্মদ (সাঃ) এর পৌত্র ঈমাম হোসেনের কারবালার প্রান্তরে মৃত্যুবরণ স্মরণে নির্মিত।
- ২০১৫ খ্রিস্টাব্দে ২৩ অক্টোবর দিবাগত রাতে, আশুরা উপলক্ষে তাজিয়া মিছিলের প্রস্তুতির সময় হোসেনী দালান এলাকায় বোমা হামলা হয়।

**Ans : B.**

**60. চীন, ভারত ও বাংলাদেশের মধ্যে দিয়ে প্রবাহিত নদী-**

A. পদ্মা  B. তিস্তা
C. মেঘনা  D. ব্রহ্মপুত্র

**ব্যাখ্যা:** • চীন, ভারত ও বাংলাদেশের মধ্যে প্রবাহিত নদী 'ব্রহ্মপুত্র'।
- ব্রহ্মপুত্র নদী এশিয়া মহাদেশের একটি গুরুত্বপূর্ণ নদী।
- ব্রহ্মপুত্র নদের পূর্বনাম ছিল লোহিত্য।
- ব্রহ্মপুত্র হিমালয় পর্বতের কৈলাস শৃঙ্গের নিকট মানস সরোবর থেকে উৎপন্ন হয়ে তিব্বত ও আসামের ভিতর দিয়ে প্রবাহিত হয়ে কুড়িগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে।
- ১৭৮৭ সালে সংঘটিত ভূমিকম্পে ব্রহ্মপুত্রের তলদেশ উত্থিত হওয়ায় নতুন স্রোতধারা শাখা নদীর তৈরি হয়। নতুন স্রোত ধারাটি দক্ষিণ দিকে 'যমুনা' নামে প্রবাহিত হয়।
- ব্রহ্মপুত্র ও গঙ্গার সঙ্গমস্থে বিশ্বের বৃহত্তম ব-দ্বীপ 'সুন্দরবন' অবস্থিত।

**Ans : D.**

**61. পাণ্ডুরাজার ঢিবি প্রত্নস্থানটি কোথায় অবস্থিত?**

A. বাংলাদেশ  B. ভারত
C. মিয়ানমার  D. শ্রীলঙ্কা

**ব্যাখ্যা :** • পাণ্ডুরাজার ঢিবি প্রত্নস্থানটি 'ভারত' এ অবস্থিত।
- পাণ্ডুরাজার ঢিবি হল ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের বর্ধমান জেলার 'সদর উত্তর মহকুমার' অন্তর্গত আউসগ্রাম ব্লকের একটি প্রত্নক্ষেত্র।
- এটি পশ্চিমবঙ্গে আবিস্কৃত প্রথম 'তাম্র যুগীয়' প্রত্নক্ষেত্র।
- পাণ্ডুরাজার ঢিবি প্রত্নক্ষেত্রটি 'অজয় নদের' দক্ষিণ তীরে অবস্থিত।
- এই প্রত্নতত্ত্বটি প্রতিষ্ঠা করা হয়- ১৬০০ থেকে ৭৫০ খ্রিস্টপূর্বে।

**Ans : B.**

**62. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নরমেন্ডি (ফ্রান্স) মৈত্রী বাহিনির দ্বারা কোন সংকেতে আক্রমণ হয়েছিল?**

A. অপারেশন ওভারলোড  B. অপারেশন নেপচুন
C. অপারেশন ট্রান্স-আটলান্টিক  D. অপারেশন থান্ডারস্টোর্ম

**ব্যাখ্যা :** • দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নরমেন্ডি (ফ্রান্স) মৈত্রি বাহিনীর দ্বারা 'অপারেশন নেপচুন' সংকেতে আক্রমণ হয়েছিল।
- এটি নরম্যান্ডি অবতরণ নামেও পরিচিত। এর কোড নেম - 'অপারেশন নেপচুন'।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের অপারেশন ওভারলর্ডের আওতায় ৬ জুন ১৯৪৪ সালে মিত্র পক্ষের নরম্যান্ডি আক্রমণ এর সময় অবতরণ অপারেশনকে বোঝায়।
- এর লক্ষ্য ছিল জার্মানির দখল দারিত্ব থেকে ফ্রান্সকে মুক্ত করা।
- ফ্রান্সের উপকূলবর্তী এলাকায় আধিপত্য বজায় রাখতে হিটলার তার সামরিক বাহিনীর সব থেকে চৌকস এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের নাম করা ফিল্ড মার্শাল Erwin Rommel কে কমান্ডের দায়িত্ব দিয়েছিলেন।
- শেষ পর্যন্ত পারেননি তিনি আধিপত্য ধরে রাখতে মিত্র পক্ষের যৌথ বাহিনির কাছে তার পরাজয় বরণ করতে হয়েছিল।
- ইউরোপ জয় শুরু করেছিল নরম্যান্ডির এই জয় দিয়ে।

**Ans : B.**

**63. আনুমানিকভাবে মিয়ানমারে মোট কয়টি জাতি গোষ্ঠী আছে?**

A. ১৩৩টি  B. ১৩৪টি  C. ১৩৫টি  D. ১৩৬টি

**ব্যাখ্যা :** • আনুমানিকভাবে মিয়ানমারে মোট ১৩৫টি জাতি গোষ্ঠী আছে।
- প্রায় ১৩ হাজার বছর আগে বর্তমান মায়ানমারে জনবসতি সম্পর্কে জানা যায়। পিউ নামের উপজাতিরা ১ম শতকে বার্মা এলাকাতে দক্ষিণ দিকের ইরাবতী উপত্যকা দিয়ে প্রবেশ করে। ৯ম শতকে মিয়ানমার জাতি ইরাবতী উপত্যকার উপরে বসবাস শুরু করে।
- ১৩৫টি জাতি গোষ্ঠীকে মায়ানমার সরকার ৮টি প্রধান ভাগে ভাগ করেছে।

**Ans : C.**

**64. বাংলাদেশের সমুদ্র উপকূলের দৈর্ঘ্য কত?**

A. ৭০০ কি.মি.  B. ৭১০ কি.মি.
C. ৭১৫ কি.মি.  D. ৭২০ কি.মি.

**ব্যাখ্যা :** • বাংলাদেশের সমুদ্র উপকূলের দৈর্ঘ্য - ৭১১ কি.মি./৭১৬ কি.মি.।
- বাংলাদেশের উপকূলীয় জেলা- ১৯টি।
- বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা - ১২ নটিক্যাল মাইল।
- উপকূল হতে বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা - ২০০ নটিক্যাল মাইল।
- ভারতের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা - ১৮০ কি.মি.।
- বাংলাদেশের উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম, ত্রিপুরা, মিজোরাম রাজ্য ও মায়ানমার; দক্ষিণে বঙ্গোপসাগর এবং পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ অবস্থিত। এর মধ্যে ভারত-বাংলাদেশের সীমারেখার দৈর্ঘ্য ৩৭১৫.১৮ কি.মি.।
- বাংলাদেশ মায়ানমার সীমারেখার দৈর্ঘ্য - ২৮০ কি.মি.।
- দক্ষিণ বঙ্গোপসাগরে তটরেখার দৈর্ঘ্য - ৭১৬ কি.মি.।
- বাংলাদেশের মোট সীমারেখার পরিমাপ - ৫১৩৮ কি.মি.।

**Ans : নাই.**

**65. ভারত মহাসাগরে অবস্থিত আন্দামান ও নিকোবর দ্বীপগুলো ভারতের-**

A. সমুদ্রের অপর পারের ভূখণ্ড  B. ফেডারেল অঞ্চল
C. স্বায়ত্তশাসিত অঞ্চল  D. ইউনিয়ন অঞ্চল

**ব্যাখ্যা :** • ভারত মহাসাগরে অবস্থিত আন্দামান ও নিকাবর দীপগুলো ভারতের 'ইউনিয়ন অঞ্চল'।
- আন্দামান ও নিকাবর দ্বীপপুঞ্জ ভারত মহাসাগরে অবস্থিত।
- আন্দামান দ্বীপপুঞ্জ ও নিকাবর দ্বীপপুঞ্জ নামে দুটি পৃথক দ্বীপ পুঞ্জ নিয়ে এই কেন্দ্রশাসিত অঞ্চল/ইউনিয়ন অঞ্চল গঠিত। এই দুই দ্বীপ পুঞ্জ ১০° উত্তর অক্ষরেখা দ্বারা বিচ্ছিন্ন।
- কেন্দ্রশাসিত অঞ্চল আন্দামানের ও নিকাবরের রাজধানী শহর 'পোর্ট ব্লেয়ার'।
- আন্দামান ও নিকাবর দ্বীপপুঞ্জে- ব্রিটিশ উপনিবেশিক আমলের ভারত স্বাধীনতা সংগ্রামীদের জন্য পৃথক কারাগার নির্মাণ করা হয়েছিল যা আজও স্বাধীনতা সংগ্রামের স্মারক হিসেবে সংরক্ষিত।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষিত ভারতের ১০০ স্মার্ট সিটির মধ্যে 'পোর্ট ব্লেয়ার' অন্যতম।

**Ans : D.**

CamScanner

**66. নিম্নলিখিত কোন দেশটি ভূবেষ্টিত?**

A. বতসোয়ানা B. মঙ্গোলিয়া C. লেসেথো D. কম্বোডিয়া

ব্যাখ্যা : • এখানে একাধিক উত্তর বিদ্যমান।
• উল্লেখ্য এখানে কম্বোডিয়া ছাড়া বাকি সব দেশেই ভূবেষ্টিত।
• বতসোয়ানা (Botswana) আফ্রিকা মহাদেশের দক্ষিণাংশে অবস্থিত একটি স্থলবেষ্টিত রাষ্ট্র। ১৯৬৬ সালে এটি ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। তার আগে এর নাম ছিল, 'বেচুয়ানাল্যান্ড'।
• লেসোথো (Lesotho) দক্ষিণাঞ্চলীয় আফ্রিকার স্থলবেষ্টিত একটি দেশ। দেশটি অতীতে 'বেচুয়ানাল্যান্ড' নামে পরিচিত ছিল।
• মঙ্গোলিয়া পূর্ব এশিয়ার একটি স্থলবেষ্টিত রাষ্ট্র এর রাজধানীর নাম 'উলানবাটোর'।
• কম্বোডিয়া (Cambodia) দক্ষিণ পূর্ব এশিয়ার একটি দেশ। দেশটি কাম্পুচিয়া নামেও পরিচিত।
**Ans : A, B, C.**

**67. UNESCO বাংলাদেশের সুন্দরবনকে কোন সালে World Heritage হিসেবে আখ্যায়িত করে?**

A. ১৯৯৫ সালে B. ১৯৯৬ সালে C. ১৯৯৭ সালে D. ১৯৯৮ সালে

ব্যাখ্যা: • UNESCO বাংলাদেশের সুন্দরবনকে '১৯৯৭' সালে World Heritage হিসেবে আখ্যায়িত করে।
• সুন্দরবন UNESCO ঘোষিত ৭৯৮তম বিশ্ব ঐতিহ্য।
• সুন্দরবন বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ।
• সুন্দরবন গঙ্গা, মেঘনা ও ব্রহ্মপুত্র নদীত্রয়ের অববাহিকার ব-দ্বীপ এলাকায় অবস্থিত এই বনভূমি বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট এবং ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দুই জেলা উত্তর চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনা জুড়ে বিস্তৃত।
• সুন্দরবন বিশ্বের সর্ববৃহৎ অখণ্ড বনভূমি মোট আয়তন ১০,০০০ বর্গ কি.মি.। ৬০১৭ বর্গ কি.মি. রয়েছে বাংলাদেশে আর বাকি অংশ ভারতে রয়েছে।
• সুন্দরবনের মোট আয়তনের ৬২% বাংলাদেশে অবস্থিত।
• সুন্দরবন অংশে বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদী হাড়িয়াভাঙ্গা।
**Ans : C.**

**68. কোন দেশটি প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে গঠিত 'Triple Alliance' এর সদস্য নয়?**

A. অস্ট্রিয়া-হাংগেরি B. জার্মানি
C. ইতালি D. জাপান

ব্যাখ্যা: • 'জাপান' প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে গঠিত 'Triple Alliance' এর সদস্য নয়।
• Triple Alliance জার্মানি, অস্ট্রিয়া-হাঙ্গেরি এবং ইতালির মধ্যে একটি গোপন চুক্তি যা ২০মে ১৮৮২ সালে গঠিত হয়েছিল।
• ইতালি ফরাসিদের কাছে উত্তর আফ্রিকার উচ্চাভিলাষ হারিয়ে যাওয়ার পরে ফ্রান্সের বিরুদ্ধে সমর্থন চেয়েছিলেন।
• অটো ভন বিসমার্ককে এই জোটের প্রধান স্থপতি হিসাবে বিবেচনা করা হয়।
• এই জোট গঠন (Triple Alliance) এবং আঁতাত প্রথম বিশ্বযুদ্ধের কারণে রূপান্তরিত হয়েছে। ১৯০৭ এবং ১৯১২ সালে জোটটি পুর্ণনবীকরণের পরেও জার্মানি এবং অস্ট্রিয়া-হাঙ্গেরির বিরোধী হয়ে ১৯১৫ সালের মে মাসে ইতালি প্রথম বিশ্বযুদ্ধে প্রবেশ করেছিল।
**Ans : D.**

**69. কোন দেশটি 'Islamic State of Iraq and Levant-Khorasan Province'- এর অপারেশন ক্ষেত্র নয়?**

A. পাকিস্তান B. আফগানিস্তান
C. তাজিকিস্তান D. তুর্কিমিনিস্তান

ব্যাখ্যা : • 'তুর্কিমিনিস্তান' দেশটি 'Islamic State of Iraq and Levant-khorasan Province' এর অপারেশনের ক্ষেত্র নয়।
• ইসলামিক স্টেট অব ইরাক এন্ড দ্য লেভান্ট-খোরাসান প্রদেশ, ইরাক ও সিরিয়ার বিভিন্ন অঞ্চলে আধিপত্য বিস্তারকারী একটি উগ্র সুন্নী মতবাদভিত্তিক গোষ্ঠী। এছাড়াও তারা লিবিয়ার পূর্বাঞ্চল, মিশরের সিনাই উপদ্বীপ, মধ্যপ্রাচ্য, উত্তর আফ্রিকা, দক্ষিণ এশিয়া ও দক্ষিণ পূর্ব এশিয়ার বিভিন্ন স্থানে সক্রিয়, খিলাফত ঘোষণার পর তারা বিশ্বব্যাপী মুসলিমদের উপর ধর্মীয়, রাজনৈতিক ও সামরিক কর্তৃত্ব দাবি করে।
• এটি ইসলামিক জঙ্গি গোষ্ঠী Islamic State of Iraq and the levant (ISIL) এর একটি শাখা।
• ২০১৫ সালে এটি আত্মপ্রকাশ করে।
• এটি তেহরিক-ই-তালিবান পাকিস্তান এর নেতা 'হাফিজ সাঈদ খান' এর নেতৃত্বে আত্মপ্রকাশ করে।
**Ans : D.**

**70. কোন ব্যক্তি রোহিঙ্গা সংকটের উপর কফি আনান কমিশনের সদস্য না?**

A. ইউ ওরিয়ন ম্রা B. থা মিয়া সেও
C. ডক্টর মাইয়া সিডা D. থান্ট মিন্ট

ব্যাখ্যা: • এখানে 'থান্ট মিন্ট' কফি আনান কমিশনের সদস্য নন।
• কফি আনান কমিশন রোহিঙ্গা সমস্যা সমাধানের উপায় নির্ধারণের লক্ষ্যে এবং মায়ানমারের বর্বরোচিত জাতিগত নিধনের সমালোচনার প্রেক্ষিতে গঠিত হয়।
• এটি ২০১৬ সালে সেপ্টেম্বরে গঠিত হয়।
• কফি আনানের নেতৃত্বে মিয়ানমারের ৬ জন এবং লেবানন ও নেদারল্যান্ডের ২ নাগরিককে নিয়ে ৯ সদস্যের ওই কমিশন গঠিত হয়।
• কফি আনান (১৯৩৮-২০১৮) ঘানার একজন কূটনীতিবিদ এবং জাতিসংঘের সপ্তম মহাসচিব।
• আনান এবং জাতিসংঘ যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার (২০০১) লাভ করেন।
**Ans : D.**

**71. কোন বিষয়টি রূপ, রস ও সৌন্দর্য নিয়ে আলোচনা করে?**

A. ভাববাদ B. জ্ঞানবিদ্যা C. অধিবিদ্যা D. নন্দনতত্ত্ব

ব্যাখ্যা : • রূপ, রস ও সৌন্দর্য নিয়ে আলোচনা করে - নন্দনতত্ত্ব।
• আরও বৈজ্ঞানিকভাবে বললে হয় নন্দনতত্ত্ব মানুষের সংবেদনশীলতা ও আবেগের মূল্য এবং অনুভূতি ও স্বাদের বিচার নিয়ে আলোচনা করে। এটি দর্শনের একটি শাখা।
• অধিবিদ্যা বা মেটাফিজিক্স (Metaphysics) হল দর্শনের একটি শাখা যাতে বিশ্বের অস্তিত্ব, আমাদের অস্তিত্ব, সত্যের ধারণা, বস্তুর গুণাবলী, সময়, স্থান, সম্ভাবনা ইত্যাদির দার্শনিক আলোচনা করা হয়।
• এই ধারার জনক অ্যারিস্টটল।
• জ্ঞানবিদ্যা যেকোনো বিষয় বা সত্তা সম্পর্কে কী মাত্রায় জ্ঞান অর্জন করা যায়- এটা নিয়ে আলোচনা করে।
• যে দার্শনিক মতবাদ ভাব, চৈতন্য বা আত্মাকে একমাত্র প্রকৃত সত্তা বলে মনে করে তাকে ভাববাদ বলে।
**Ans : D.**

**72. *"The Republic"* গ্রন্থটির রচয়িতা-**

A. প্লেটো B. সক্রেটিস C. এরিস্টটল D. টমাস হবস

ব্যাখ্যা : • The Republic গ্রন্থের রচয়িতা গ্রিক দার্শনিক প্লেটো।
• প্লেটো তার এই গ্রন্থে সাম্যবাদ নিয়ে আলোচনা করেছেন।
• তিনি তৎকালীন আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে সাম্যবাদ-এর ধারণা দিয়েছিলেন।
• আধুনিক সাম্যবাদে শুধু ব্যক্তিগত সম্পত্তির বিলোপের কথা বলা হয়।
• প্লেটোর সাম্যবাদের কিছু অংশ বর্তমানেও বাস্তব।
• প্লেটো (খ্রিস্টপূর্ব ৪২৭ - খ্রিস্টপূর্ব ৩৪৭) বিশ্ববিখ্যাত গ্রিক দার্শনিক।
• তিনি দার্শনিক সক্রেটিসের ছাত্র ছিলেন এবং দার্শনিক এরিস্টটল তার ছাত্র ছিলেন।
• এ হিসেবে প্রাচীন গ্রিসের সবচেয়ে প্রভাবশালী তিনজন দার্শনিকের মধ্যে প্লেটো দ্বিতীয়। প্রথম সক্রেটিস এবং শেষ এরিস্টটল।
**Ans : A.**

CamScanner

**73.** The view that humans are able to make authentically free choices that are not determined by previous events in accordance with universal causal laws, that there is a meaningful sense that though we made one choice, we "could" have done otherwise.
এই অনুচ্ছেদ কোন বিষয় সম্পর্কিত?

A. মানুষের কাজ
B. মানুষের স্বাধীনতা
C. মানুষের পছন্দ
D. সার্বজনীন কারণিকনীতি

ব্যাখ্যা : • এই অনুচ্ছেদটি মানুষের স্বাধীনতা সম্পর্কিত।
• এখানে বলা হয়েছে মানুষের স্বাধীনভাবে পছন্দ করার ক্ষমতা অতীতের কোন ঘটনা দ্বারা নির্ধারিত হয়ে যায় না।
• মানুষ একটি নির্দিষ্ট পন্থা বেছে নিলেও তার অন্য পন্থা অবলম্বনেরও সুযোগ বিদ্যমান থাকে।
• এ থেকে বুঝা যায় উক্ত অনুচ্ছেদটি মানুষের স্বাধীনতা সম্পর্কে বর্ণনা করে।
**Ans : B.**

**74.** প্রোটিন পেশীবহুল দেহের জন্য উপকারী। এই প্রকাশটি নিচের কোন সিদ্ধান্তকে নিঃসৃত করে?
(I) সকল ক্রীড়াবিদ প্রোটিন গ্রহণ করে।
(II) পেশীবহুল দেহের জন্য আমাদের প্রোটিন গ্রহণ করা উচিত।

A. শুধু সিদ্ধান্ত (I) নিঃসৃত করে
B. শুধু সিদ্ধান্ত (II) নিঃসৃত করে
C. শুধু সিদ্ধান্ত (I) ও (II) নিঃসৃত করে
D. কোন সিদ্ধান্তকেই নিঃসৃত করে না।

ব্যাখ্যা : • এই প্রকাশটি সিদ্ধান্ত (II)-কে নিঃসৃত করে।
• এখানে দেয়া আছে - প্রোটিন পেশীবহুল দেহের জন্য উপকারী।
• এ থেকে একটাই সিদ্ধান্ত আমরা পাই যে, পেশীবহুল দেহে প্রোটিন অপরিহার্য একটি উপাদান।
• এখানে সকল ক্রীড়াবিদ যে পেশীবহুল হন - এমন উল্লেখ কোথাও করা হয়নি।
• সুতরাং একমাত্র সিদ্ধান্ত (II)-ই উক্ত প্রকাশকে প্রতিফলিত করে।
**Ans : B.**

**75.** শূন্যস্থানে কোন সংখ্যাটি হবে?
৬৩ : ৩৬৯
৪৭ : ৭৪১১
৮৬ : ...... ?

A. ৮৬১৩
B. ১৩৬৮
C. ৮৬৪৭
D. ৬৮১৩

ব্যাখ্যা : • এখানে প্রদত্ত সংখ্যা গুলো পর্যবেক্ষণ করে পাই, প্রথম সংখ্যাটিকে উল্টো করে বসানো হয়েছে। এবং এর সাথে একটি বিজোড় সংখ্যা যুক্ত করা হয়েছে যা পরের সংখ্যায় ২ করে বৃদ্ধি পাচ্ছে।
• প্রথম জোড়ার প্রথম সংখ্যা ৬৩ কে উল্টো করে দ্বিতীয় সংখ্যায় ৩৬ লিখা হয়েছে এবং সাথে ৯ যুক্ত করা হয়েছে।
• দ্বিতীয় জোড়ার প্রথম সংখ্যা ৪৭ কে উল্টো করে দ্বিতীয় সংখ্যায় ৭৪ লিখা হয়েছে এবং সাথে (৯ + ২) = ১১ যুক্ত করা হয়েছে।
• এই ধারা অনুসারে তৃতীয় জোড়ায় প্রথম সংখ্যা ৮৬ কে উল্টো করে দ্বিতীয় সংখ্যায় ৬৮ লিখতে হবে এবং সাথে (১১ + ২) = ১৩ যুক্ত করতে হবে। তাই শূণ্যস্থানে বসবে ৬৮১৩।
**Ans : D.**

**76.** $3x + 4 = 2x + 6$ হলে x-এর মান কত?

A. 4 B. 2 C. 3 D. 1

ব্যাখ্যা : প্রশ্নমতে, $3x + 4 = 2x + 6 \Rightarrow 3x - 2x = 6\text{-}4$
$\therefore x = 2$
**Ans : B.**

**77.** ধরা যাক A + B বলতে বুঝায় A হয় B এর পিতা
A – B বলতে বুঝায় A হয় B এর স্ত্রী
A × B বলতে বুঝায় A হয় B এর ভাই
A + B বলতে বুঝায় হয় A হয় B এর বোন
তাহলে উপরের আকার অনুসারে P – R × Q এই প্রকাশটি বলতে কী বোঝাবে?

A. P হয় Q এর বোন
B. P হয় Q এর পিতা
C. P হয় Q এর শ্যালিকা
D. P হয় Q এর দেবর

ব্যাখ্যা : • সঠিক উত্তর হবে P হয় Q এর ভাবী।
• কারণ উক্ত প্রশ্নে বলা আছে A – B মানে A হয় B এর স্ত্রী।
• তাহলে P – R মানে P হয় R এর স্ত্রী।
• আবার বলে আছে A × B মানে A হয় B এর ভাই।
• তাহলে R × Q মানে R হয় Q এর ভাই।
• সুতরাং এখানে P হয় Q এর ভাবী।
**Ans : নাই।**

**78.** ছবি ও আলো এর মধ্যকার যে সম্পর্ক নিচের কোন জোড়া সেই একই ধরনের সম্পর্ক প্রকাশ করে?

A. পাণ্ডুলিপি : দৃশ্য
B. ফ্লিম : নেগেটিভ
C. রেকর্ডিং : সাউন্ড
D. কনসার্ট : গান

ব্যাখ্যা : • ছবি ও আলো-এর মধ্যকার যে সম্পর্ক, রেকর্ডিং ও সাউন্ড একই ধরনের সম্পর্ক প্রকাশ করে।
• ছবি ধারণ করতে আলোর প্রয়োজন হয়।
• আলোর প্রতিফলন ছাড়া ছবি সম্ভব নয়।
• একইভাবে রেকর্ডিং এর জন্য সাউন্ড অপরিহার্য।
• কারণ সাউন্ড ছাড়া রেকর্ডিং অসম্ভব।
• তাই এখানে রেকর্ডিং ও সাউন্ড-এর সম্পর্ক অধিক সাদৃশ্যপূর্ণ।
**Ans : C.**

**79.** Animal : Cat :: ?

A. apple : pear
B. club : player
C. furniture : chair
D. body : toe

ব্যাখ্যা : Animal : Cat : : Furniture : Chair
• Cat is a kind of Animal.
• Chair is a kind of Furniture.
**Ans : C.**

**80.** *Humility* শব্দটির অর্থ কী?

A. অপমান
B. অসম্মান
C. নম্রতা
D. শিষ্টাচার

ব্যাখ্যা : Humility শব্দের অর্থ নম্রতা।
**Humility এর কিছু Synonym এবং Antonym :**
**Synonym :** Shyness, Abashement, Bashfulness, Diffidence, Docility, Lowliness, Meekness, Obedience, Passiveness, Reserve, Self-abnegation, Servility, Submissiveness, Subservience, Timidity.
**Antonym :** Boldness, Confidence, Arrogance, Assertiveness, Egoism, Pretentiousness, Pride, Self-importance.
**Ans : C.**

CS CamScanner

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (C-1 Unit)
## শিক্ষাবর্ষ : 2019-2020 [Set-A]
### [নাটক ও নাট্যতত্ত্ব, চারুকলা]

## বাংলা

**01. 'উদ্ধত-শির' কোন সমাসের উদাহরণ?**
A. তৎপুরুষ B. কর্মধারয়
C. দ্বন্দ্ব D. দ্বিগু

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সমাস:

| সমাসবদ্ধপদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| ধরণী-মেরী | ধরণী রূপ মেরী | রূপক কর্মধারয় |
| খেয়াল-খুশি | খেয়াল ও খুশি | দ্বন্দ্ব |
| উদ্ধত-শির | উদ্ধত যে শির | কর্মধারয় |
| সিন্ধু-নীর | সিন্ধুর নীর | ষষ্ঠী তৎপুরুষ |
| গুপ্তচর | গুপ্তভাবে চরে যে | উপপদ তৎপুরুষ |

Ans : B

**02. 'হিমালয়' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত?**
A. প্রত্যয়যোগে B. অনুসর্গযোগে
C. সন্ধিযোগে D. উপসর্গযোগে

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সন্ধি :
- হিম + আলয় → হিমালয়
- পরম + ঔষধ → পরমৌষধ
- সু + আগত → স্বাগত
- অনু + এষণ → অন্বেষণ
- ভো + অন → ভবন
- উৎ + জ্বল → উজ্জ্বল
- কুৎ + ঝটিকা → কুজ্ঝটিকা
- চলৎ + ছবি → ছলচ্ছবি
- বৃক্ষ + ছায়া → বৃক্ষচ্ছায়া
- ষট + ঋতু → ষড়ঋতু

Ans : C.

**03. 'বাঙালি' শব্দটির শেষে কোন প্রত্যয় যুক্ত হয়েছে?**
A. ই B. ঈ C. অলি D. আলি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু প্রকৃতি প্রত্যয় :
- বঙ্গ > + বা. আলি, আলী = বাঙালি ।
- বঙ্গ > + বা. আল = বাঙাল।
- কোন + আই = কোনাই।
- তেজ + আল = তেজাল।
- ঝি + আরী = ঝিয়ারী।
- কড়া + আই = কড়াই।
- চড় + আই = চড়াই।

Ans : D.

**04. 'কবর' কবিতার কবির নামের কোন বানানটি শুদ্ধ?**
A. জসিম উদ্দিন B. জসীম উদ্দীন
C. জসিম উদ্দিন D. জসীম উদ্‌দীন

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু লেখকের নামের শুদ্ধ বানান :

| অশুদ্ধ বানান | শুদ্ধ বানান | অশুদ্ধ বানান | শুদ্ধ বানান |
|---|---|---|---|
| জসীম-উদ্দীন | জসীম-উদ্‌দীন | গোবিন্দ্রচন্দ্র দাশ | গোবিন্দ চন্দ্র দাস |
| রবিন্দ্রনাথ ঠাকুর | রবীন্দ্রনাথ ঠাকুর | কবির চৌধুরী | কবীর চৌধুরী |
| মানিক বন্দোপাধ্যায় | মানিক বন্দ্যোপাধ্যায় | শামসুর রহমান | শামসুর রাহমান |
| বিভূতিভূশন বন্দ্যোপাধ্যায় | বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | মীর মোশাররফ হোসেন | মীর মশাররফ হোসেন |
| কুসুমকুমারি দাস | কুসুমকুমারী দাশ | রুদ্র মুহাম্মদ শহিদুল্লাহ | রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ |

Ans : D.

**05. 'মুক্তি' শব্দটির প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
A. √মুচ্ + ক্তি B. √মুচ + ক্তি
C. √মুচ্ + তি D. মুচ + ক্তি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু প্রকৃতি-প্রত্যয়:
- √মন্ + ক্তি = মতি
- √মুচ + ক্তি = মুক্তি
- √রম্ + ক্তি = রতি
- √ভজ্ + ক্তি = ভক্তি
- √শ্রম্ + ক্তি = শ্রান্তি
- √গম্ + ক্তি = গতি
- √শম্ + ক্তি =শান্তি
- √সচ্ + ক্ত = সিক্ত
- √বচ্ + ক্তি = উক্তি
- √মুচ্ + ক্ত = মুক্ত

Ans : A.

**06. 'কেলিগু শৈবালে ভুলি কমল কানন'- এখানে 'শৈবাল' বলতে কী বোঝানো হয়েছে?**
A. পরদেশ B. পরভাষা C. মাতৃভাষা D. মাতৃভূমি

ব্যাখ্যা : কবি মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বঙ্গভাষা' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবিতাটির পূর্বনাম - মাতৃভাষা বাংলা।
- কবিতাটির ছন্দ - অক্ষরবৃত্ত ছন্দ।
- কবিতাটির উৎস - সনেট।
- 'কেলিগু শৈবালে ভুলি কমল কানন' শেবাল হলো- পরভাষা।
- 'কেলিগু শৈবালে ভুলি কমল কানন' কমলকানন হলো- বাংলা ভাষা।
- কবিতাটির চরণ - ১৪টি।

Ans : B.

**07. 'ওথ' শব্দটির অর্থ-**
i. হলফনামা ii. শপথবাক্য iii. কাবিননামা
নিচের কোনটি সঠিক?
A. i B. ii C. i ও ii D. i ও iii

ব্যাখ্যা : • ওথ/Oath শব্দের অর্থ : শপথ, কসম, প্রতিজ্ঞা, দিব্য, হলফ, দোহাই, অঙ্গীকার, দিব্যি।
ইংরেজি : Swear, Adjuration, Hest, Promise, Premise, Damn, Proposition, Obligation, Damnation, Deuce ইত্যাদি।

Ans : B.

**08. মাত্রাবৃত্ত ছন্দ সাধারণত কয় মাত্রার হয়ে থাকে?**
A. চার মাত্রার B. পাঁচ মাত্রার
C. ছয় মাত্রার D. আট মাত্রার

ব্যাখ্যা : মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য দেওয়া হলো :
- মাত্রা গুণে গুণে পড়তে হয়।
- বদ্ধাক্ষর সর্বদা এবং সর্বত্র দুই মাত্রার হয়।
- মুক্তাক্ষর সর্বদা এবং সর্বত্র এক মাত্রার হয়।
- মূল পর্ব ৪, ৫, ৬ ও ৭ মাত্রার হয়।
- মূল পর্ব প্রায়ই (সাধারণত) ৬ মাত্রার হয়।
- কবিতা আবৃত্তির গতি মধ্যম লয়ের হয়।

Ans : C.

**09. নিচের সঠিক বানানটি চিহ্নিত কর-**
A. অপরাহ্ন B. অপরাহ্ণ C. মরন D. কুস্ট

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান :

| অশুদ্ধ বানান | শুদ্ধ বানান | অশুদ্ধ বানান | শুদ্ধ বানান |
|---|---|---|---|
| অপরাহ্ন | অপরাহ্ণ | স্বামীগ্রহ | স্বামিগৃহ |
| মরন | মরণ | ঐক্যতান | ঐকতান |
| কুস্ট | কুষ্ঠ | মনীষি | মনীষী |
| ভস্ম | ভস্ম | ঘুরাঘুরি | ঘোরাঘুরি |
| উজ্জ্বল | উজ্জ্বল | পণ্য | পণ্য |

Ans : B.

**10.** দুর্নীতির মাধ্যমে যারা সুখ বেছে নেয়, তারা হলো-
A. সুখী মানুষ
B. অসুখী মানুষ
C. ভোগবাদী মানুষ
D. একপেশে মানুষ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ :
- দুর্নীতির মাধ্যমে যারা সুখ বেছে নেয় - ভোগবাদী মানুষ।
- বিদেশ থাকে যে - প্রবাসী।
- দিনে যে একবার আহার করে - একাহারী।
- কর্ম সম্পাদনে পরিশ্রমী - কর্মঠ।
- ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি - ইতিহাসবেত্তা।
- ইতিহাস রচনা করেন যিনি - ঐতিহাসিক।

Ans : C.

## ইংরেজি

*Read the following passage and answer the questions no. 11-15.*

Impressionist art is a style of painting that emerged in the mid-to-late 1800s in France that emphasizes an artist's immediate impression of a moment or scene, usually communicated through the use of light and its reflection, short brushstrokes, and separation of colors. Impressionist painters, often used modern life as their subject matter and painted quickly and freely, capturing light and movement in a way that had not been tried before. In turning away from the fine finish and detail to which most artists of their day aspired, the impressionists aimed to capture the momentary sensory effect of a scene - the impression objects made on the eye in a fleeting instant. Although some of the most respected artists of the Western canon were part of the Impressionist movement, the term "Impressionist" was originally intended as a derogatory term, used by art critics who were flatly appalled at this new style of painting. In the mid-1800s, when the Impressionist movement was born, it was commonly accepted that "serious" artists blended their colours and minimized the appearance of brushstrokes to produce the "licked" surface preferred by the academic masters. Impressionism, in contrast, featured short, visible strokes - dots, commas, smears, and blobs. The first piece of art to inspire the critical nickname "Impressionism" was Claude Monet's 1873 piece "Impression: Sunrise," a piece that was presented at the first exhibition in 1874. Conservative painter Joseph Vincent was quoted in a review in increasingly sarcastic ways, calling Monet's work "not as finished as wallpaper." To call someone an "Impressionist" in 1874 was an insult, meaning the painter had no skill and lacked the common sense to finish a painting before selling it.

**11.** **The Impressionist artists were-**
A. the history painters
B. the landscape painters
C. the landscape and daily life portrayers
D. the court painters

ব্যাখ্যা : The Impressionist artists were- the landscape painters.
Ans : B.

**12.** **What does the impressionistic style carry off in paintings?**
A. Immediate and momentary expression of any scene
B. Only distinct colour patches
C. Detailed use of naturalistic light and reflection
D. All of them

ব্যাখ্যা : Passage এর প্রথম লাইনেই দেয়া আছে artist "immediate impression of a moment or scene, use of light and reflection, separation of colors" এর use করেন। সুতরাং সবগুলোই সঠিক।
Ans : D.

**13.** **While emerging as a new style the term "Impressionist" used by the art critics was a-**
A. prestigious term
B. praise
C. kind of a flout
D. historical term

ব্যাখ্যা : Passage এ বলা হয়েছে, "impressionist was orginally intended as a derogatory term used by critics". সুতরাং, বুঝাই যাচ্ছে সমালোচকরা "impressionist" term টি অপমানসূচকভাবে ব্যবহার করে।
Ans : C.

**14.** **In this painting "Impression : Sunrise" artist Claude Monet actually represented...**
A. the blurry and ephemeral effect of a sunrise
B. the immediate expression of a sunrise scene
C. the unfinished wallpaper of a sunrise scene
D. the stunning beauty of a naturalistic sunrise scene

ব্যাখ্যা : Claude Monet তার Impression : Sunrise paintaing এ প্রাকৃতিক সূর্যোদয়ের অপরূপ দৃশ্য represent করেছেন। সুতরাং, " the stunning beauty of a naturalistic sunrise scene" সঠিক হবে।
Ans : D.

**15.** **In the mid-1800s the artists followed the academic masters by the use of brushstrokes-**
A. blending the distinct colours
B. in featured, short and visible way
C. as minimized and separate colour patches
D. none of them

ব্যাখ্যা : Passage এ বলা আছে "serious" artists blended their colours and minimized the appearance of brushstrokes to produce the "licked" surface preferred by the academic masters.
Ans : C.

**16.** **We gave ____ a meal.**
A. at the visitors
B. for the visitors
C. the visitors
D. to the visitors

ব্যাখ্যা : Sub + verb + object (যেটি দেওয়া হচ্ছে) + to + person (যাকে দেওয়া হবে) এবং Sub + verb + person (যাকে দেওয়া হবে) + object (যেটি দেওয়া হবে) অর্থাৎ, যে বস্তু দেওয়া হচ্ছে সেটি যদি যে person কে দেওয়া হচ্ছে তার আগে বসে তাহলে to হয়, অন্যথায় to হয় না।
**Example :** We gave him flowers.
or We gave flowers to him.
অনুরূপভাবে, We gave the visitors a meal.
Ans : C.

**17.** 'I play violin ___ musical instrument do you play?'
A. Which B. How
C. What D. None of them

ব্যাখ্যা : Musical instrument হচ্ছে বস্তুবাচক তাই এর জন্য wh word হবে which.
Ans : A.

**18.** 'কিন্তু আমাদের মাঝে সবচেয়ে সাহসী লোকটি নিজেকেই ভয় পায়।'
**The correct translation of the dialogue is-**
A. but the bravest man of us was scared of him.
B. but the bravest man amongst us is afraid of himself.
C. but the most brave man amongst us is scared of himself.
D. but the bravest man among us was afraid of himself.

ব্যাখ্যা : সঠিক translation হবে "but the bravest man amonst us is afraid of himself." অপশন (C) হবে না কারণ brave এর superlative from - most brave হয় না।
এটি Oscar wilde এর একটি বিখ্যাত উক্তি।
Ans : B.

**19.** **Which word is correct?**
A. Sculpturist B. Sculpore
C. Sculptor D. Sculpturer

ব্যাখ্যা : Sculptor - ভাস্কর।
গুরুত্বপূর্ণ কিছু Spelling-
Athletic Coincidence
Comprehension Concieve
Anxiety Beneficial
Ans : C.

**20.** **Tragedy is a form __ based on human suffering that invokes an accompanying cathersis or pleasure in audiences.**
A. of drama B. by drama
C. for drama D. in drama

ব্যাখ্যা : "Tragedy is a form of drama....." এখানে, a form of Drama হবে। এক প্রকারের Drama বুঝাতে।"
Ans : A.

## নাটক ও নাট্যতত্ত্ব

**21.** **একজন নবীন শিল্পীর কাজ হলো-**
**i. সাহস করে শিল্পের রাজ্যে প্রবেশ**
**ii. উচ্চাশা নিয়ে শিল্পের রাজ্যে প্রবেশ**
**iii. নিয়মিত চর্চা**
A. i B. ii
C. iii D. i ও ii

ব্যাখ্যা : • একজন নবীন শিল্পীর কাজ হল - সাহস করে শিল্পের রাজ্যে প্রবেশ করে ও নিয়মিত চর্চা করা।
• দৃশ্য বা অদৃশ্য কোনো ভাবরূপ শিল্পীর চিত্তরসে নবরূপায়িত হয়ে যে স্থিতিশীল রূপ প্রকাশ ঘটে তা-ই শিল্প।
• দৃশ্য বা সার্বিকভাবে বোধ্য শিল্প কলারই অজস্র রূপ।
• যে এই শিল্পের সৌন্দর্য্য সৃষ্টি করে সে হচ্ছে শিল্পী বা Artist।
Ans : D.

**22.** **কোন চার মূলনীতিকে ভিত্তি করে মুক্তিযুদ্ধ করেছিল বাঙালি জাতি?**
A. ধর্মনিরপেক্ষতা, বাঙালি জাতীয়তাবাদ, গণতন্ত্র ও সমাজতন্ত্র
B. ইসলাম, বাঙালি জাতীয়তাবাদ, গণতন্ত্র ও সমাজতন্ত্র
C. ধর্মনিরপেক্ষতা, বাংলাদেশি জাতীয়তাবাদ, গণতন্ত্র ও প্রজাতন্ত্র
D. ইসলাম, বাংলাদেশি জাতীয়বাদ, গণতন্ত্র ও প্রজাতন্ত্র

ব্যাখ্যা : • ধর্ম নিরপেক্ষতা, বাঙালি জাতীয়তাবাদ, গণতন্ত্র ও সমাজতন্ত্র - এ চার মূলনীতিকে ভিত্তি করে মুক্তিযুদ্ধ করেছিল বাঙালি জাতি।
• পরবর্তীতে এ মূলনীতিগুলো বাংলাদেশের সংবিধানে যুক্ত করা হয়।
• বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালে গৃহীত হয়।
• এ সংবিধানের অনুচ্ছেদ সংখ্যা ১৫৩টি।
Ans : A.

**23.** **'কোন্দা' কী গাছ দিয়ে তৈরি করা হয়?**
A. শাল B. তাল C. নারকেল D. হিজল

ব্যাখ্যা : • 'কোন্দা' তৈরি হয় তাল গাছ দিয়ে।
• কোন্দা হল তাল গাছ দিয়ে তৈরি এক প্রকার নৌকা।
• এছাড়াও বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে প্রচলিত নৌকার নাম - ছিপ, বজরা, ময়ূরপঙ্খী, পানসি, কোষা, ডিঙ্গি, পাতাম, বাচারি, ঘাসি, সাম্পান, ভেলা।
Ans : B.

**24.** **কোনটি সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত নাটক নয়?**
A. তরঙ্গভঙ্গ B. উজানে মৃত্যু
C. নয়নচারা D. বহিপীর

ব্যাখ্যা : • 'নয়নচারা' সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত গল্পগ্রন্থ।
• সৈয়দ ওয়ালীউল্লাহ (১৯২২-১৯৭১) বাংলা সাহিত্যের একজন জনপ্রিয় কথাশিল্পী।
• তিনি 'লালসালু' উপন্যাস ও 'বহিপীর' নাটকের জন্য অত্যাধিক পরিচিত।
• তাঁর অন্যান্য নাটকসমূহ হল - তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।
Ans : C.

**25.** **'তেওড়া' কী?**
A. এক প্রকার গাছ B. এক প্রকার বাদ্যযন্ত্র
C. এক প্রকার লোকগীতি D. এক প্রকার তাল

ব্যাখ্যা : • 'তেওড়া' এক প্রকার তাল।
• তাল হলো ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতে বা নৃত্যে একটি ছন্দের নিয়ামক।
• সঙ্গীতের গতিকে 'লয়' বলে।
• 'তেওড়া' হল সাতমাত্রার বিষমপদী তাল।
Ans : D.

**26.** **সৈয়দ জামিল আহমেদ নির্দেশিত নাটক কোনটি?**
A. হ্যামলেট B. ধাবমান
C. রিজওয়ান D. সুরগাঁও

ব্যাখ্যা : • সৈয়দ জামিল আহমেদ একজন বাংলাদেশী নাট্যনির্দেশক এবং প্রখ্যাত নাট্য-গবেষক।
• তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সঙ্গীত বিভাগের প্রতিষ্ঠাতা।
• সৈয়দ জামিল আহমেদ নির্দেশিত নাটকসমূহ - রিজওয়ান, জীবন ও রাজনৈতিক বাস্তবতা, বিষাদ সিন্ধু, বেহুলার ভাসান ইত্যাদি।
Ans : C.

**27.** **লেখক নাটকে কোন ধরনের সত্যকে তুলে ধরেন?**
A. বাস্তব সত্য B. কল্পিত সত্য
C. শিল্পসত্য D. অলৌকিক সত্য

ব্যাখ্যা : • লেখক নাটকে বাস্তব সত্য তুলে ধরেন।
• সাধারণত একটি লিখিত পাণ্ডুলিপি অনুসরণ করে অভিনয় করে নাটক পরিবেশিত হয়ে থাকে।
• নাটক অবশ্যই অভিনয়যোগ্য হতে হয়।
• নাটকে স্থান, সময় ও পরিবেশের বর্ণনা ছাড়াও সংলাপ লেখা থাকে।
Ans : A.

CamScanner

**28. 'ওয়ানগাল্লা' কোন নৃগোষ্ঠীর উৎসব?**
A. চাকমা B. মারমা C. গারো D. হাজং

ব্যাখ্যা : • 'ওয়ানগাল্লা' গারো নৃগোষ্ঠীর উৎসব।
• এটি 'ওয়ানগালা বা 'ওয়ান্না' নামেও পরিচিত।
• প্রতিবছর সেপ্টেম্বর থেকে ডিসেম্বর মাসে গারো পাহাড়ে এ উৎসব পালিত হয়।
• ফসল তোলার এই উৎসবে সূর্যদেবতা 'মিসি' এবং দেবী 'সালজং'- এর উদ্দেশ্যে উৎসর্গ করা হয়।
Ans : C.

**29. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক নয়-**
A. বিসর্জন B. শেষ রক্ষা
C. চার অধ্যায় D. কালের যাত্রা

ব্যাখ্যা : • 'চার অধ্যায়' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস।
• রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) ছিলেন অগ্রণী বাঙালি কবি, ঔপন্যাসিক, সঙ্গীতস্রষ্টা, নাট্যকার, চিত্রকর, ছোটগল্পকার, প্রাবন্ধিক, অভিনেতা, কণ্ঠশিল্পী ও দার্শনিক।
• তাঁর রচিত কাব্যগ্রন্থ ৫২টি, নাটক ৩৮টি, উপন্যাস ১৩টি এবং প্রবন্ধ ও অন্যান্য গদ্যসংকলন ৩৬টি।
• তিনি তাঁর 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের জন্য ১৯১৩ সালে নোবেল পুরস্কারে ভূষিত হন।
Ans : C.

**30. 'টেম্পেস্ট' নাটক রচয়িতার অন্য একটি নাটকের নাম-**
A. এ ডলস হাউস B. মার্চেন্ট অব ভেনিস
C. ডক্টর ফস্টাস D. রাজা ইডিপাস

ব্যাখ্যা : • 'টেম্পেস্ট' নাটক রচয়িতার অন্য একটি নাটকের নাম 'মার্চেন্ট অব ভেনিস'।
• উক্ত সাহিত্যকর্মের রচয়িতা উইলিয়াম শেক্সপিয়ার (১৫৬৪-১৬১৬)।
• তাঁকে ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক এবং বিশ্বের একজন অগ্রগণ্য নাট্যকার মনে করা হয়।
• তাঁকে ইংল্যান্ডের জাতীয় কবি এবং "বার্ড অব অ্যাভন" নামেও অভিহিত করা হয়।
Ans : B.

**31. 'দ্য সীগাল' নাটকের রচয়িতা-**
A. ইউজিন ও নীল B. জর্জ বার্নাড শ
C. আন্তন চেখভ D. হেনরিক ইবসেন

ব্যাখ্যা : • 'দ্যা সীগাল' নাটকের রচয়িতা আন্তন চেখভ।
• আন্তন চেখভ (১৮৬০-১৯০৪) ছিলেন একজন রুশ চিকিৎসক, নাট্যকার ও ছোটগল্পকার।
• তাঁকে বিশ্বসাহিত্যের অন্যতম সেরা ছোটগল্পকার হিসেবে বিবেচনা করা হয়।
• নাট্যকার হিসেবে পেশাজীবনে তিনি চারটি ক্লাসিক রচনা করেছেন।
Ans : C.

**32. কারবালার শোকাবহ ঘটনা অবলম্বনে নৃত্যগীত সহকারে পরিবেশিত হয়-**
A. জাগের গান B. জারি গান
C. জাগরণের গান D. ঝুমুর গান

ব্যাখ্যা : • কারবালার শোকাবহ ঘটনা অবলম্বনে নৃত্যগীত সহকারে পরিবেশিত হয় জারি গান।
• জারি-গান বাংলাদেশের এক প্রকারের ঐতিহ্যবাহী সঙ্গীতরীতি।
• ফার্সি জারি শব্দের অর্থ শোক।
• মুহাররম মাসে কারবালার বিয়োগান্তক কাহিনীর স্মরণে মূলত এই গানের উদ্ভব।
• ১৭শ শতক থেকে বাংলায় এই গানের ধারা শুরু হয়।
Ans : B.

**33. বাংলাদেশের পার্বত্য জেলাসমূহে বাস করে না-**
A. চাকমা B. মুন্ডা
C. মারমা D. মুরং

ব্যাখ্যা : • বাংলাদেশের পার্বত্য জেলাসমূহে বাস করে না - মুন্ডা জনগোষ্ঠী।
• মুন্ডা বাংলাদেশে বসবাসরত অন্যতম আদিবাসী জনগোষ্ঠী।
• উত্তরবঙ্গের বিভিন্ন অঞ্চল, সিলেট জেলার চা বাগান এবং বৃহত্তর যশোর এবং খুলনা জেলায় এদের বসবাস।
• মুন্ডারা নিজেদের মধ্যে মুন্ডারী ভাষায় কথা বলে।
Ans : B.

**34. নারীর রূপসজ্জা গ্রহণপূর্বক কিশোর বা বালক উক্তি-প্রত্যুক্তির মাধ্যমে যে নৃত্যগীত পরিবেশন করে তাকে বলে-**
A. ছুটকি গান B. ঝুমুর গান
C. ঘেঁটু গান D. সঙ যাত্রা

ব্যাখ্যা : নারীর রূপসজ্জা গ্রহণপূর্বক কিশোর বা বালক উক্তি -
• প্রত্যুক্তির মাধ্যমে যে নৃত্যগীত পরিবেশন করে তাকে বলে - ঘেঁটু গান।
• ঘেঁটু গান পশ্চিমবঙ্গের নদী অঞ্চল ও বাংলাদেশের হাওড় অঞ্চলের একটি বিলুপ্তপ্রায় পল্লী সঙ্গীত বিশেষ।
• ঘাটে নৌকা ভিরিয়ে এই গান পাওয়া হয় বলে একে ঘেঁটু গান বলে।
• এটি মূলত একপ্রকার প্রণয়-গীতি।
Ans : C.

**35. ঢাকার মঞ্চে 'গ্যালিলিও' প্রযোজনটি মঞ্চস্থ করে-**
A. ঢাকা থিয়েটার B. থিয়েটার
C. নাগরিক নাট্যসম্প্রদায় D. আরণ্যক নাট্যদল

ব্যাখ্যা : • ঢাকার মঞ্চে "গ্যালিলিও" প্রযোজনাটি মঞ্চস্থ করে - নাগরিক নাট্যসম্প্রদায়।
• নাগরিক নাট্যসম্প্রদায় বাংলাদেশের একটি জনপ্রিয় মঞ্চ নাট্যগোষ্ঠী।
• এটি ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত হয়।
• প্রখ্যাত সাংবাদিক ও টেলিভিশন ব্যক্তিত্ব ফজলে লোহানী, আতাউর রহমান, জিয়া হায়দার প্রমুখ নাট্যব্যক্তিত্বের উদ্যোগে প্রতিষ্ঠিত হয় নাগরিক নাট্যসম্প্রদায়।
Ans : C.

**36. 'গ্রিনরুম' হলো-**
A. সবুজ বর্ণের কক্ষ B. অভিনেতার সাজসজ্জার কক্ষ
C. মিলনায়তনের টিকেট ঘর D. অভিনেতার শয়ন কক্ষ

ব্যাখ্যা : • 'গ্রিনরুম' হলো অভিনেতার সাজসজ্জার কক্ষ।
• ঐতিহাসিক ভাবে এটিতে সবুজ রং ব্যবহৃত হতো বলে এর নাম 'গ্রিনরুম' রাখা হয়েছে।
• তবে আধুনিক গ্রিনরুমগুলোতে সবুজ রং বাধ্যতামূলক নয়।
• গ্রিনরুমে সচারচর অভিনেতাদের বসার স্থান (চেয়ার, সোফা ইত্যাদি), আয়না, আলোকসজ্জা, পোশাক-আশাক প্রভৃতি রাখা থাকে।
Ans : B.

**37. নিচের কোন নাটকটি সেলিম আল দীন রচিত নয়?**
A. পুত্র B. স্বর্ণবোয়াল
C. ধাবমান D. ইবলিশ

ব্যাখ্যা : • ইবলিশ নাটকটি মামুনুর রশিদ রচিত।
• সেলিম আল দীন (১৯৪৯-২০০৮) একজন প্রখ্যাত বাংলাদেশী নাট্যকার ও গবেষক।
• স্বাধীনতা উত্তর বাংলাদেশের নাট্য আন্দোলনে তার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।
• তাঁর উল্লেখযোগ্য নাটকসমূহ - কিত্তোনখোলা, কেরামতমঙ্গল, চাকা, হরগজ, যৈবতী কন্যার মন, হাতহদাই, প্রাচ্য, নিমজ্জন ইত্যাদি।
Ans : D.

CamScanner

**38.** ২০১৯ সালে নাট্যশিল্পে অবদানের জন্য 'একুশে পদক' লাভ করেছেন-

A. ফেরদৌসী মজুমদার B. সুবর্ণা মুস্তাফা

C. নাসির উদ্দিন ইউসুফ D. আলী যাকের

ব্যাখ্যা: • ২০১৯ সালে নাট্যশিল্পে অবদানের জন্য 'একুশে পদক' লাভ করেছেন - সুবর্ণা মুস্তাফা।

• ২০২৪ সালে অভিনয় শিল্পে একুশে পদক লাভ করেন - ডলি জহুর ও এম এ আলমগীর।

• রাষ্ট্রের দ্বিতীয় বেসামরিক পুরস্কার - একুশে পদক।

**Ans : B.**

**39.** 'গেরিলা' চলচ্চিত্র পরিচালকের সাম্প্রতিক মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের নাম-

A. আলফা B. ফাগুন হাওয়ায়

C. ভুবন মাঝি D. দহন

ব্যাখ্যা : • 'গেরিলা' চলচ্চিত্র পরিচালকের সাম্প্রতিক মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের নাম - আলফা।

• 'গেরিলা' চলচ্চিত্রের পরিচালকের নাম - নাসির উদ্দীন ইউসুফ।

• তিনি ঢাকা থিয়েটার ও বাংলাদেশ গ্রাম থিয়েটারের প্রতিষ্ঠাতা।

• প্রখ্যাত নাট্যকার সেলিম আল দীনের সঙ্গে তিনি বাংলা নাটকের শেকড়সন্ধানী কর্মে নিজেকে ব্যাপৃত রেখেছেন।

**Ans : A.**

**40.** 'সাইক্লোরামা' হলো-

A. মঞ্চের পেছনের পর্দা B. মঞ্চের সামনের পর্দা

C. মঞ্চের পার্শ্ব পর্দা D. মঞ্চের উপরের পর্দা

ব্যাখ্যা : • 'সাইক্লোরামা' হলো মঞ্চের পিছনের পর্দা।

• এটি একটি বৃহত পর্দা বা প্রাচীর, যা মঞ্চের পিছনে অবস্থান করে থাকে।

• এটি ১৯ শতকের জার্মান থিয়েটারে জনপ্রিয় ছিল এবং সারা বিশ্বে থিয়েটারে আজকের প্রচলিত ব্যবহার অব্যাহত রয়েছে।

• সাইক্লোরাম (Cyclorama) প্রায়শই একটি আকাশের আড়ম্বরপূর্ণ এর বিভ্রম তৈরি করতে ব্যবহৃত হয়।

• সরঞ্জাম, তীব্রতা, রঙ এবং নির্দশন ব্যবহৃত আলাদা করে, একটি আলো ডিজাইনার অনেক বিভিন্ন চেহারা অর্জন করতে পারেন।

**Ans : A.**

**41.** "মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি" গানটির গীতিকার কে?

A. আব্দুল আলীম B. খান আতাউর রহমান

C. আপেল মাহমুদ D. গোবিন্দ হালদার

ব্যাখ্যা : • 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি'- গানটির গীতিকার - গোবিন্দ হালদার।

• এটি একটি দেশাত্মবোধক বাংলা গান।

• ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অনুপ্রেরণা যোগাতে এই গান রচিত হয়।

• ২০০৬ সালে এটি বিবিসি কর্তৃক সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাংলা গান হিসেবে 'শ্রোতা মনোনীত ২০ সেরা গানের মধ্যে ৭ম অবস্থানে অন্তর্ভুক্ত হয়েছিল।

• গানটির সুর করেন আপেল মাহমুদ।

**Ans : D.**

**42.** 'মুরিদ' শব্দটির অর্থ কী?

A. গুরু B. শিক্ষক

C. শিষ্য D. শিক্ষার্থী

ব্যাখ্যা : • 'মুরিদ শব্দটির অর্থ হলো শিষ্য, ভক্ত।

• এটি একটি আরবি শব্দ।

• একজন পিরের নিকট থেকে বিভিন্ন বিষয়ে যিনি প্রশিক্ষণ নিতে ইচ্ছুক, তাকে মুরিদ বলা হয়।

• 'পির' শব্দটি ফার্সি।

• 'পির' শব্দটিকে আরবিতে মুরশিদ বলা হয়।

• 'মুরশিদ' শব্দের অর্থ হলো পথপ্রদর্শক।

**Ans : C.**

**43.** 'ঠ্যাটা' কী?

A. এক ধরনের ঠাট্টা বিদ্রুপের নাটক

B. পালাগানে গায়েনের সহকারী

C. নাটকে ব্যবহৃত বাজ পতনের শব্দবাচক ধ্বনিসমষ্টি

D. নাটকের ঠাঁট-বাটওয়ালা চরিত্র

ব্যাখ্যা : 'ঠ্যাটা' হলো একধরনের ঠাট্টা বিদ্রুপের নাটক।

• এটি এক প্রকার লোকনাট্য।

• সাধারণ মানুষের মধ্যে গল্পে গল্পে যে নাটক গড়ে উঠে, সাধারণ মানুষের গল্প অবলম্বন করে যার কাহিনী আবর্তিত এবং সাধারণ মানুষের মধ্যে কথ্যরীতিতে যে নাটক বেঁচে থাকে তাই লোকনাট্য।

**Ans : A.**

**44.** 'যবনিকা' হলো-

A. নাটকে উল্লেখিত ভিনদেশী নারী চরিত্র

B. মঞ্চের সম্মুখে ব্যবহৃত পর্দা

C. যবন দেশের নায়িকা বোঝাতে ব্যবহৃত শব্দ

D. মঞ্চে ব্যবহৃত এক প্রকার বাতি

ব্যাখ্যা : • 'যবনিকা' হলো মঞ্চের সম্মুখে ব্যবহৃত পর্দা।

• এটি রঙ্গমঞ্চের পট নামেও পরিচিত।

• এর ইংরেজি প্রতিশব্দ 'Curtain'।

• সাধারণত যবনিকা পতনের মধ্য দিয়ে মঞ্চস্থ কোন অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

**Ans : B.**

**45.** দোতারায় কয়টি তার থাকে?

A. ২টি B. ৩টি

C. ৪টি D. ১টি

ব্যাখ্যা : • দোতারায় মূলত দুটি তার থাকে।

• তবে নাম অনুসারে এর তারের সংখ্যা সবসময় দুটিতে সীমাবদ্ধ থাকে না।

• ক্ষেত্র বিশেষে চারটি থেকে ছয়টিও হয়।

• তারগুলো পিতল বা রেশমের পাকানো সুতা দিয়ে তৈরি।

• এটি প্রধানত উত্তরবঙ্গের ভাওয়াইয়া গানের সাথে বাজানো হয়ে থাকে।

**Ans : A.**

2 in 1
ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত
পানকৌড়ি প্রশ্নব্যাংক এবং Written সাজেশন
♦ বিজ্ঞান - A Unit ♦ ব্যবসায় - C Unit
♦ মানবিক (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) -B Unit
(বিগত ঢাবি 'D Unit' এর প্রশ্ন ও ব্যাখ্যা সংযোজিত)

CamScanner

**মনোযোগ সহকারে পড় এবং (৪৬-৫০) নম্বর প্রশ্নের উত্তর দাও-**

"সাহিত্য রচনায় একটি বিশেষ রূপশ্রেণি (genre) হলো নাটক। প্রাচ্য নাট্যশাস্ত্রে একে দৃশ্যকাব্য বলে অভিহিত করা হয়েছে। গ্রিক ভাষা থেকে আগত 'ড্রামা' শব্দটির অর্থ হলো 'অ্যাকশন' তথা কিছু করে দেখানো। বাংলা 'নাটক', 'নাট্য', 'নট', 'নটী' প্রভৃতি শব্দও উদ্ভূত হয়েছে 'নট' ধাতু থেকে- যার অর্থ 'নড়া-চড়া' করা। অর্থাৎ নাটকের মধ্যে এক ধরনের গতিশীলতা রয়েছে যা একটি ত্রিমাত্রিক শিল্পকাঠামো গড়ে তোলে। বর্তমান সময়ে নাটক পরিবেশনের সবচেয়ে জনপ্রিয় মাধ্যম টেলিভিশন হলেও মঞ্চই নাটকের প্রকৃত ও যথার্থ পরিবেশনা- স্থল।

প্রকৃতপক্ষে নাটকের মধ্যে একটি সামষ্টিক শিল্প-প্রয়াস সম্পৃক্ত থাকে। এতে কুশীলবগণ দর্শকের উপস্থিতিতে মঞ্চে উপনীত হয়ে গতিময় মানব-জীবনের কোন এক বা একাধিক বিশেষ ঘটনার প্রতিচ্ছবি অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করেন। সাধারণভাবে নাটকে যে চারটি বিষয়কে বিবেচনায় নেয়া হয় তা হলো: কাহিনি বা প্লট, চরিত্র, সংলাপ ও পরিপ্রেক্ষিত। একটি নির্দিষ্ট প্রেক্ষাপটকে ঘিরে শিল্প-ঘন কাহিনি কেন্দ্রীয় চরিত্র এবং সহায়ক বিভিন্ন চরিত্রের সংলাপকে আশ্রয় করে উপস্থাপিত হওয়ার প্রয়াস পায় নাটকে। এর সঙ্গে যুক্ত হতে পারে নৃত্য-গীত, আবহ সঙ্গীত, শব্দ সংযোজন, আলোক-সম্পাত, মঞ্চ কৌশল প্রভৃতি। তবে, এটি নাটক সম্পর্কে একটি সাধারণ ধারণা মাত্র।"

**46.** 'নট' ধাতুর প্রকৃতি-

A. অ্যাকশন　B. নাটক, নাট্য, নট, নটী
C. নড়া-চড়া করা　D. কিছু করে দেখানো

ব্যাখ্যা : • 'নট' ধাতুর প্রকৃতি - নড়াচড়া করা।
• 'নট' ধাতু থেকে 'নাটক', 'নাট্য', 'নট', 'নটী' প্রভৃতি বাংলা শব্দের সৃষ্টি হয়েছে।
• নাটক সাহিত্যের একটি বিশেষ ধরণ।
• সাধারণত একটি লিখিত পাণ্ডুলিপি অনুসরণ করে অভিনয় সহকারে নাটক পরিবেশন করা হয়।
**Ans : C.**

**47.** নাটকের প্রকৃত ও যথার্থ পরিবেশনা স্থল-

A. টেলিভিশন　B. টেলিভিশন এবং মঞ্চ
C. বেতার　D. মঞ্চ

ব্যাখ্যা : • নাটকের প্রকৃত ও যথার্থ পরিবেশনা স্থল - মঞ্চ।
• নাটক দৃশ্য ও শ্রব্যকাব্যের সমন্বয়ে রঙ্গ মঞ্চের সাহায্যে মানবজীবনের প্রতিচ্ছবি আমাদের সম্মুখে মূর্ত করে তোলে।
• মঞ্চের সাহায্য ব্যতীত নাটকীয় বিষয় পরিস্ফুট হয় না।
• সংস্কৃত আলঙ্করিকগণ নাট্যসাহিত্যকে কাব্য-সাহিত্যের মধ্যে স্থান দিয়েছেন।
**Ans : D.**

**48.** নিচের কোনটি ত্রিমাত্রিক শিল্পকাঠামোর উদাহরণ?

A. চলচ্চিত্র　B. নাটক　C. কবিতা　D. চিত্রকলা

ব্যাখ্যা : • নাটক হচ্ছে ত্রিমাত্রিক শিল্প কাটামোর উদাহরণ।
• শিল্পকলা বলতে বস্তু, পরিবেশ এবং অভিজ্ঞতা উৎপাদন বা সৃষ্টির দক্ষতা এবং কল্পনার মাধ্যমে সৃজনশীলতার প্রকাশকে বোঝায়।
• নাটকের প্রধান উদ্দেশ্য শুধু পাঠন নয় বরং মঞ্চাভিনয়ের মাধ্যমে উপস্থাপন।
• 'মঞ্চনাটক' শব্দটি আবার টেলিভিশনে উপস্থাপিত নাটক থেকে নাট্যকে পৃথক করে।
**Ans : B.**

**49.** কাহিনি বা প্লট কী?

A. মূল ঘটনার সাথে যুক্ত বিভিন্ন উপকাহিনি　B. চরিত্রের বয়ান
C. মূল নাট্যঘটনা　D. কোনটিই নয়

ব্যাখ্যা : **কাহিনি বা প্লট :** নাটকে সাধারণত একটি মূল ঘটনা থাকে। কাহিনির শুরু, মধ্য ও শেষ থাকে। এক বা একাধিক মানুষের বা চরিত্রের কাহিনি বর্ণিত হতে থাকে। প্রধান কাহিনির পাশাপাশি নাটকে উপ-কাহিনি বা সাব-প্লট থাকতে পারে। তবে উপ-কাহিনি প্রধান কাহিনিকে সহায়তা করে।
**Ans : C.**

**50.** নাটকের আবহ সঙ্গীত বলতে কী বোঝায়?

A. নাটকের অভিনেতৃবর্গ মঞ্চে সরাসরি যে গান গেয়ে থাকেন
B. রেকর্ডকৃত গানের সাথে অভিনেতৃগণ ঠোঁট মিলিয়ে থাকেন
C. নাট্যমায়া সৃষ্টির উদ্দেশ্যে নাটকের দৃশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ সঙ্গীত
D. কোনটিই নয়

ব্যাখ্যা : • নাটকের আবহ সঙ্গীত বলতে বোঝায় নাট্যমায়া সৃষ্টির উদ্দেশ্যে নাটকের দৃশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ সঙ্গীত।
• সঙ্গীত দ্বারা গীত, বাদ্য, নৃত্য এই তিনটি বিষয়ের সমাবেশকে উল্লেখ করা হয়।
• অর্থযুক্ত কথা, সুর ও তালের সমন্বয়ে গীত প্রকাশিত হয়।
• ছন্দের সাথে দেহ ভঙ্গিমার সাহায্যে নৃত্য গঠিত হয়।
**Ans : C.**

## চারুকলা

**51.** বাংলাদেশ ব্যাংকের কোন মুদ্রাটিতে শিল্পাচার্য জয়নুল আবেদিনের 'মই দেয়া' চিত্রকর্মটির ছবি রয়েছে?

A. ৫ টাকা　B. ৫০ টাকা
C. ১০০ টাকা　D. ১০ টাকা


ব্যাখ্যা : • বাংলাদেশ ব্যাংকের ৫০ টাকার নোটটিতে শিল্পাচার্য জয়নুল আবেদিনের 'মই দেয়া' চিত্রকর্মটির ছবি রয়েছে।
• ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার পর দেশটির মুদ্রা হিসেবে 'টাকা' প্রতিষ্ঠিত হয়।
• কাগজে টাকা বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক 'বাংলাদেশ ব্যাংক' কর্তৃক প্রবর্তিত হয়।
• তবে ১ টাকা, ২ টাকা এবং ৫ টাকার নোট এবং ধাতব মুদ্রা বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে প্রচলিত হয়।
**Ans : B.**

**52.** পাল পুঁথিচিত্র কীসের ওপর আঁকা?

A. কাপড়　B. কাগজ
C. প্যাপিরাস　D. তালপাতা

ব্যাখ্যা : • পাল পুঁথিচিত্র তালপাতার ওপর আঁকা।
• বঙ্গীয় চিত্রকলার প্রাচীনতম নিদর্শন এটি।
• পাল রাজা প্রথম মহীপালের ষষ্ঠ রাজ্যাঙ্কের একটি বৌদ্ধ গ্রন্থ এর উদাহরণ।
• বর্তমানে এটি এশিয়াটিক সোসাইটিতে সংরক্ষিত আছে।
**Ans : D.**

**53.** নিচের কোনটি Symmetrical Composition?



A.　B.　C.　D.

ব্যাখ্যা : • এখানে অপশন B Symmetrical Composition.
• Symmetrical Composition- এ একটি ছবির দুটি অংশ পরস্পরের প্রতিবিম্বকে উপস্থাপন করে।
• এমন Composition স্বনিয়ন্ত্রিতভাবেই ছবিতে এক নৈসর্গিক আভা সৃষ্টি করে।
• সাধারণত Symmetrical Composition এর ভারসাম্য $\frac{৫০}{৫০}$ এ নির্ধারিত হয়।
**Ans : B.**

CamScanner

**72.** দারু শিল্পে 'দারু' শব্দের মানে-

A. বাঁশ  B. বেত  C. কাঠ  D. কাপড়

ব্যাখ্যা : • দারুশিল্পে 'দারু' শব্দের অর্থ-কাঠ।
• দারু শিল্প হচ্ছে কাঠের গায়ে খোদাই করা নকশা।
• প্রাত্যহিক জীবনে ব্যবহৃত বিভিন্ন আসবাব, খাট-পালঙ্ক, কাঠের খুঁটি, ঘরের চৌকাঠ প্রভৃতির গাত্র অলঙ্করণে এ শিল্প দেখা যায়।
• মুন্সিগঞ্জ জেলার রামপাল থেকে এগারো ও বারো শতকের বেশ কয়েকটি দারুশিল্প সংগৃহীত হয়েছে।
**Ans : C.**

**73.** বাংলাদেশের বিখ্যাত তারা মসজিদ কোথায় অবস্থিত?

A. ঢাকা  B. বগুড়া
C. নড়াইল  D. খুলনা

ব্যাখ্যা : • বাংলাদেশের বিখ্যাত তারা মসজিদ ঢাকায় অবস্থিত।
• এ মসজিদ নির্মিত হয় ১৮ শতকের প্রথম দিকে।
• পরবর্তীতে ১৯২৬ সালে এটিকে সংস্কার করা হয়।
• সংস্কারের সময় এতে জাপানের রঙিন চিনি-টিকরি পদার্থ ব্যবহার করা হয়।
• এ মসজিদে মোঘল স্থাপত্য-শৈলীর প্রভাব রয়েছে।
**Ans : A.**

**74.** Georges Braque প্রধানত কোন শিল্প আন্দোলনের শিল্পী ছিলেন?

A. Expressionism  B. Impressionism
C. Cubism  D. Surrealism


ব্যাখ্যা : • Georges Brague প্রধানত Cubism শিল্প আন্দোলনের শিল্পী ছিলেন।
• Georges Brague (১৮৮২-১৯৬৩) ছিলেন বিংশ শতাব্দীর একজন ফরাসি চিত্রশিল্পী এবং ভাস্কর।
• তিনি ১৯০৮-১৯১২ পর্যন্ত প্রখ্যাত চিত্রশিল্পী পাবলো পিকাসোর সহকর্মী ছিলেন।
• Cubism হচ্ছে বিংশ শতকের শুরুর দিকের একটি শিল্প আন্দোলন যা ইউরোপের চিত্রশিল্প ও ভাস্কর্যশিল্পে বৈপ্লবিক পরিবর্তন এনেছিল।
**Ans : C.**

**75.** নিচের কোনটি লোকশিল্প?

A. লক্ষ্মীসরা  B. পাতিনা
C. জামদানি  D. টাই-ডাই

ব্যাখ্যা : • লক্ষ্মীসরা একটি লোকশিল্পের উদাহরণ।
• এটি 'লক্ষ্মীপট' নামেও পরিচিত।
• হিন্দুদের দেবী লক্ষ্মীর উপাসনার জন্য ব্যবহৃত বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ সরাকে লক্ষ্মীসরা বলে।
• এর উৎপত্তি বাংলাদেশের ফরিদপুর ও ঢাকা অঞ্চলে। উল্লেখযোগ্য পাঁচটি লোকশিল্পের উদাহরণ - মাটির পুতুল, সরাচিত্র, শখের হাঁড়ি ও নকশি কাঁথা।
**Ans : A.**

**76.** নীচের কোনটি Rule of Third?



A.  B.  C.  D.


ব্যাখ্যা : • এখানে অপশন C Rule of Third.
• এটি কোন ছবি, ডিজাইন, ফিল্ম, চিত্রকর্ম প্রভৃতিকে প্রসেস করার একটি উপায়।
• এতে প্রত্যেক ছবিকে নয়টি সমান ভাগে ভাগ করা হয়।
• এটি 'Rule of Thumb' নামেও পরিচিত।
**Ans : C.**

**77.** হলুদ আলোতে নীল অপরাজিতা কী রঙের দেখাবে?

A. হলুদ  B. নীল
C. সবুজ  D. কালো

ব্যাখ্যা : • হলুদ আলোতে নীল অপরাজীতা কালো রঙের দেখাবে।
• কারণ নীল এবং হলুদ পরস্পরের বিপরীত রং।
• বিপরীত রং এর বস্তু পরস্পরের সান্নিধ্যে এলে তাকে কালো দেখায়।
• এভাবে লাল এর বিপরীত রং সবুজাভ নীল এবং সবুজ এর বিপরীত রং ম্যাজেন্টা।
**Ans : D.**

*নিচের শিল্পকর্মটি পর্যবেক্ষণপূর্বক (৭৮-৮০) নং প্রশ্নের উত্তর দাও।*



**78.** চিত্রকর্মটি নাম কী?

A. The Temptation  B. The Cypress Tree
C. Starry Night  D. Harmony of Color

ব্যাখ্যা : • চিত্রকর্মটির নাম The Starry Night.
• এটি ১৮৮৯ সালে আঁকা হয়।
• এটি জলরঙে আঁকা একটি চিত্রকর্ম।
• এর শিল্পী Vincent Van Gogh.
• তিনি জাতিগতভাবে ডাচ (Dutch) ছিলেন।
**Ans : C.**

**79.** চিত্রটি কোন ধারার?

A. Surrealism  B. Impressionism
C. Expressionism  D. Post-Impressionism

ব্যাখ্যা : • চিত্রটি Post-Impressionism ধারার।
• Post-Impressionism মূলত একটি ফরাসি শিল্প আন্দোলন।
• এর সময়কাল ১৮৮৬-১৯০৫
• এ আন্দোলনের নেতৃত্বে ছিলেন Paul Cezanne, Paul Gauguin, Vincent Van Gogh এবং Georges Seurat.
**Ans : D.**

**80.** শিল্পীর নাম কী?

A. Vincent Van Gogh  B. Raphael Sanzio
C. Masaccio  D. Salvador Dali

ব্যাখ্যা : • শিল্পীর নাম Vincent Van Gogh.
• Vincent Van Gogh (১৮৫৩-১৮৯০) একজন ডাচ চিত্রকর হলেও তিনি পাশ্চাত্য শিল্পকলায় বেশ প্রভাব বিস্তার করেন।
• তাঁর বিখ্যাত কিছু চিত্রকর্ম হল - Sorrow, The Potato Eaters, Sun Flower, Bedroom in Arles, The Starry Night, Portraot of Dr. Gachet ইত্যাদি।
• তবে জীবদ্দশায় তিনি সফলতা লাভ করতে পারেননি।
• তিনি মাত্র ৩৭ বছর বয়সে আত্মহত্যা করেন।
**Ans : A.**

CamScanner




CamScanner